لا حول ولا قوة إلا بالله

کریما

কারিমা

বাংলা উচ্চারণ ও অর্থ সহ

ناشر
کوہ نور لائبریری
۵۰ بنگلہ بازار، ڈھاکہ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অতিরিক্ত ফার্সী হিসাবে অনুমোদিত নতুন সিলেবাস অনুযায়ী দাখেল ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য লিখিত এবং সকল আশেকীন ও ছুফী-সাধকগণ-এর জন্যেও পাঠ্যোপযোগী।

"করীমা" বঙ্গানুবাদ

(উচ্চারণ ও শব্দার্থসহ)

মূল ঃ হযরত শেখ মুস্‌লেহ উদ্দীন সাদী (রাঃ)

অনুবাদ ঃ

মৌলানা আব্দুস্‌ সোব্‌হান
আরবী প্রভাষক আমিরাবাদ ছুফিয়া আলিয়া মাদ্রাসা
লোহাগাড়া, চট্টগ্রাম।

সহযোগিতায় ঃ

হাফেজ মৌলানা আবুল হাছান
ফাজেলে জামেয়া আহ্‌লিয়া, হাটহাজারী, চট্টগ্রাম।

প্রকাশনায় ঃ

আশরফিয়া লাইব্রেরী

লোহাগাড়া, (আমিরাবাদ) চট্টগ্রাম।

দৃষ্টি আকর্ষণ

☆ এই অনুবাদ বইতে ব্যবহৃত আরবী শব্দের একবচন, বহুবচন, মাছদার ও বাবগুলো আরবীতেই দেখানো হয়েছে। ☆ কম্পিউটারে ফার্সী খত্ না থাকায় আরবী খতে বয়তগুলো মুদ্রণ করা হয়েছে। ☆ প্রতিটি ছন্দের অনুবাদে তার ভাবার্থের চেয়ে শাব্দিক অর্থের প্রতি বেশী দৃষ্টি রাখা হয়েছে। ☆ ছাত্র-ছাত্রীদের সহজে বুঝার জন্য শব্দার্থগুলোতে ভিন্ন ভিন্ন শব্দ লিখিত হয়েছে। ☆ ফার্সী ভাষায় নাহুর ব্যবহার নাই বিধায় বহু শব্দের উচ্চারণে হরকতের ব্যবহার পরিত্যায্য হয়েছে। ☆ অনুবাদ ও শব্দার্থে নাম্বার দেওয়া হলেও ছন্দে স্থানাভাবে তা দেওয়া হয় নাই।

প্রথম প্রকাশ ঃ

১লা জানুয়ারী ১৯৯৬ ইংরেজী

৯ই শাবান ১৪১৬ হিজরী

১৮ই পৌষ ১৪০২ বাংলা

কম্পিউটার কম্পোজ ঃ

আল-আরব কম্পিউটার এণ্ড প্রিন্টার্স

৭৭ শাহী জামে মসজিদ সুপার মার্কেট (২য় তলা)

(ইসলামী ব্যাংকের সামনে)

আন্দরকিল্লা, চট্টগ্রাম।

মুদ্রণ ঃ

মূল্য ঃ টাকা মাত্র।

সূচীপত্র

بسم اللّٰه الرّحمن الرّحيم

"অনুবাদকের কিছু কথা"

الحمد لله ربّ العلمين والصلوة والسلام على سيد المرسلين-

وعلى اله واصحابه الاكرمين اجمعين - وبعد -

হামদ, ছালাত ও সালামের পর "كريما" কিতাব খানি হযরত শেখ সাদী (রঃ) এর মকবুল কিতাব সমূহের একটি অনন্য ও অদ্বিতীয় কিতাব, যাহা যুগ যুগ ধরিয়া সরকারী ও কওমী মাদ্রাসা সমূহের ইবতেদায়ী ক্লাশ সমূহে পাঠ্য পুস্তক হিসাবে রহিয়াছে। কিন্তু বর্তমানে উভয় দিকের মাদ্রাসা সমূহে মাতৃ ভাষায় পাঠ দানের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়াতে এই কিতাব খানিও মাতৃভাষার মধ্যে কচি কচি শিশুদের পড়িতে ও পড়াইতে হয়। তাই আল্লাহর রহমতে এই মকবুল কিতাবটির সরল বঙ্গানুবাদ লিখিতে হাত দিয়াছিলাম, ইহা একমাত্র আল্লাহ্র দয়া ও হযরাতে আছাতিযায়ে কেরামগণের রুহানী দোয়া- ~

ایں سعادت بزور بازو نیست ÷ تانہ بخشد خدائے بخشندہ-

সুতরাং অতি তাড়াহুড়া করিয়া স্বল্প দিনের মধ্যে দূর্বল জ্ঞান নিয়ে আজ ২৬ই জিলকদ ১৪১৫ হিজরী, ২৭ই এপ্রিল ১৯৯৫ইং, অনুবাদের কাজটা সম্পন্ন করিয়াছি। আমার তাড়াহুড়া ও স্বল্প জ্ঞানের দরুণ অনেক ভুল ভ্রান্তি অবশ্যই থাকিতে পারে।

الانسان مركب من الخطاء والنسيان মানুষ ভুল ভ্রান্তির সহিত জড়িত, হযরত আলী (রাঃ) বলিয়াছেন, اوّل الناس اوّل ناس সৃষ্টির প্রথম মানুষই প্রথমে ভুল করিয়াছেন। অতএব والعافين عن الناس এই পাক কালামের দিকে লক্ষ্য রাখিয়া, ক্ষমা মহত্ত্বের লক্ষণ জানিয়া জ্ঞান পিপাসুদের কাছে ভুল ত্রুটির জন্য ক্ষমা প্রার্থী। ~

خطا گرہو مٹادے توعطاسے ÷ کہ ہر انسان مرکب ہے خطاسے

সাথে সাথে আরও আকুল আবেদন করিতেছি সেই ব্যাপারে অনুগ্রহ পূর্বক অবগত করিলে পরবর্তী সংস্করণে আমরা সংশোধন করিয়া নিব ইন্‌শাআল্লাহ্।

اگر خط مین غلط ہو تو بتادے ÷ رحم کرکے مرے عیب کو چھپادے-

وما توفيقى الا بالله عليه توكلت واليه انيب -

আহকর
মুহাম্মদ আবদুস্ সোবহান
খাদেম
আমিরাবাদ সুফিয়া আলীয়া মাদ্রাসা
লোহাগাড়া, চট্টগ্রাম।

তাং- আমিরাবাদ
২৭/০৪/১৯৯৫ইং

প্রকাশকের দু'টি কথা

بسم الله الرحمن الرحيم

মুসলিম জগত খ্যাত পারস্য কবি হযরত শেখ মুস্লেহুদ্দীন সাদী (রাঃ) এর কাব্য গ্রন্থগুলোর মধ্যে "করীমা" কিতাবটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় সরকারী ও কওমী মাদ্রাসা সমূহে কয়েক শতাব্দি যাবৎ পাঠ্য সূচীর অন্তর্ভূক্ত হয়ে আসছে। এতেই বুঝা যায় উক্ত করীমা কিতাবটি সকল হক্কানী রব্বানী ওলামা ও সাধকগণের কাছে অতি প্রিয় ও গ্রহণযোগ্য। যার কারণে তার নিগুড় অর্থ ও রহস্যাবলী না বুঝিলেও ফার্সী বয়তগুলো প্রায় শিক্ষার্থী ও সাধারণ শিক্ষিত দ্বীনদার, আশেক ও সাধকগণ ভক্তি ভরে পাঠ করে থাকেন। এছাড়াও অনেক বক্তা, ওয়ায়েজীন, ছুফী সাধক ও পীর মুরশিদগণ কোরান ও হাদিসের আলোকে উক্ত কিতাবের কবিতা ও তার মর্মার্থ শ্রোতাদের উদ্দেশ্যেও পাঠ করে থাকেন। কারণ এই কিতাব হযরত শেখ সাদী (রঃ) এর সুদীর্ঘ সাধনা ও আধ্যাত্বিক জীবনের নির্যাস তুল্য। কিন্তু বর্তমান প্রায় সরকারী মাদ্রাসাগুলোতে বাংলা মাধ্যম বিধায় কিতাবটির পাঠ্য ও ফার্সি ভাষার চর্চা একেবারে কমে গেছে। অথচ ফার্সী ভাষায় ইসলামী জ্ঞান বিজ্ঞানের এক বড় ভাণ্ডার নিহিত রয়েছে। মোল্লা জালালুদ্দীন রূমী (রাঃ) এর ফার্সি ভাষায় মসনবী সম্পর্কে তিনি লিখে গেছেন-

ـــــه مثنوئ مولوئ معنوئ ÷ هست قرآن در زبان پهلوی

রবী ঠাকুর যে 'গীতাঞ্জলী' দিয়ে সাহিত্যে 'নোবেল' পুরস্কার নিলেন তা ছিল মূলে ফার্সি ভাষায় লিখিত হযরত হাফেজ সিরাজী (রাঃ) এর 'দিওয়ানে হাফেজ' এরই ভাবার্থ। জনৈক কবির ভাষায়-

ـــــه گر مطرب حریفان این فارسی بخواند ÷ در رقص وحالت آرد پیران فارسانرا ـ

তাই প্রায় বিলুপ্ত ও অপরিচিত হয়ে যাওয়ার আশংকা থেকে রক্ষার্থে এবং ছাত্র-ছাত্রীদের কৌতূহল ও প্রয়োজনীয়তা নিবারনের উদ্দেশ্যে মহান সাধক ও বিশ্ব নন্দিত কবির এই মকবুল কিতাবটির বাংলা অনুবাদের অতি প্রয়োজনীয়তা দেখা দেয়। যাহা শিক্ষার্থীগণ দীর্ঘদিন যাবত হাড়ে হাড়ে অনুভব করে আসছেন। এই মহান কাজটি হযরত মৌলানা আবদুস্ সোবহান সাহেব আঞ্জাম দিয়ে আমার হাতে প্রকাশনার জন্য তুলে দেন। আমি নিজ দায়িত্বে ইহার উচ্চারণ, অনুবাদ ও শব্দার্থ যত্নসহকারে দেখেছি। তারপরও অনুবাদকের প্রথম অনুবাদ এবং কম্পিউটার ও মুদ্রণ জনিত ত্রুটির আশংকা থেকে একেবারে মুক্ত নয় বিধায় "আকেলা নুক্তা নাদারন্দ" প্রবাদার্থে ফার্সী বিশেষজ্ঞ ওলামা হযরাতের কাছে অনুরোধ এই ছোট-খাট ভুল-ত্রুটির দিকে লক্ষ্য না করে শুধুমাত্র ছাত্র ছাত্রী, সাধক ও আশেকীনদের কৌতূহল নিবারন ও প্রয়োজন মিটাবার জন্য এই মকবুল কিতাবটির বাংলা অনুবাদ প্রকাশনার উদ্যোগ নিই। অতএব কিতাবটির গুরুত্ব ও প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রেখে নিজ নিজ মাদ্রাসার এবতেদায়ী শ্রেণীর ৫ম ও ৬ষ্ঠ শ্রেণীতে যথাক্রমে ছন্দ ও অর্থসহকারে অতিরিক্ত ফার্সী হিসাবে পাঠ্যক্রমে রাখবেন বলে স্থানীয় জমিয়তুল মুদার্রেছীন, মাদ্রাসা প্রধান ও শিক্ষক মহোদয়ের কাছে পূর্ণ আশাবাদী। এবং মহান আল্লাহ্ এই কিতাবটি যেমন বিপুল ও প্রচুর পাঠকের মন আকর্ষণ করে কবুল করে নিয়েছেন তেমনি বাংলা ভাষাভাষীদের কাছে তার অনুবাদও যেন কবুল করে পাঠকের মন আকর্ষন করেন এতেই অনুবাদক ও প্রকাশকের শ্রম সার্থক হবে বলে মনে করি। এবং আল্লাহ্র কাছে কামনা করি যেন এই কিতাব অনুবাদক ও প্রকাশকের পরকালের মহা সংকটে নাজাতের উসিলা ও জরিয়াহ্ করে দেন। আমিন।

বিনীত প্রকাশক

(হাফেজ মৌলানা) আবুল হাছান

মালিকঃ আশরফিয়া লাইব্রেরী

লোহাগাড়া (আমিরাবাদ) চট্টগ্রাম।

তারিখঃ ৩/১২/৯৫ ইং

শাইখুত ত্বরীকত, হাদীয়ে কাওম ও মিল্লাত সমছুল আ'রেফীন হযরতুল আল্লামা আলহাজ্ব শাহ্ ছুফি মৌলানা হাবীব আহমদ ছাহেব (মুহতরম পীর ছাহেব চুনতী) এর বানীঃ-

স্নেহস্পদ মওলানা আবদুস্ সোব্হান কৃত বাংলা অনুবাদ "করিমা" কিতাবের কিছু পড়িয়া দেখার সুযোগ আমার হইয়াছে। কৃত তরজমা ভাল হইয়াছে বলিয়া আমি মনে করি। ইহা ফার্সী ভাষা শিক্ষার্থীদের প্রভুত উপকার সাধন করিবে বলিয়া আমার বিশ্বাস।

তাং ঃ- ৩রা রজব,
১৪১৫ হিজরী

হাবীব আহমদ
চুনতী, চট্টগ্রাম।

চট্টলার ঐতিহ্যবাহী দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান চুনতী হাকিমিয়া আলীয়া মাদ্রাসার শাইখুল হাদীছ, উস্তাদুল উলামা, বুরহানুল ফুকাহা হযরতুল আল্লামা আলহাজ্ব শাহ মৌলানা আবদুর রশীদ ছাহেব (মঃ জিঃ) এর বাণী

حامدا ومصليا ومسلما

اما بعد، بنده نے عزيز القدر جناب مولنا عبدالسبحان صاحب كے انمول تاليف كرده مترجم كريما معروف كو اجمالا ديكها - ماشاء الله يه تاليف بزبان سليس بنگله مطلب خيز ترجمه پر مشتمل هونے كى وجه عصر خاضر كى ابتدائ طلبه كو بأسانى فارسى زبان سمجهنے -سمجهانے مين بے حد مفيد ثابت هوگى.

ميرى تمنا هے كه مدارس عربيه كے حضرات مدرسين كرام بغرض افاده طلاب اسكو داخل نصاب فرمالين الله جل شانه اس سے مبتدى طالب علمونكو بے حد نفع بخشے امين

بنده محمد عبد الرشيد عفى عنه
چنوتى حكيميه عاليه مدرسه
٤رجب المرجب ١٤١٥هـ

আমিরাবাদ সুফিয়া আলিয়া মাদ্রাসার আরবী প্রভাষক জনাব মৌলানা জামাল উদ্দীন ছাহেবের অভিমত

بسم الله الرحمن الرحيم

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى

كريما كى بنگلة ترجمه وحاشيه اهل اصفياء واتقياء كيلے خصوصا وديگر اهل علم كيلے عموما جتنا مفيد هوگا محتاج بيان نهين

كريما يه جديد بنگلة ترجمة وحاشية جسكو برادر غريزم مولانا الجليل النبيل عبد السبحان گور ستانوى استاذ مدرسة عاليه صوفية اميراباد نے كافي جا نفشانى وتحقيق كے ساته لكهاهے مجهے مولانا كے حواشى وتراجم كا چيده چيده مقام مطالعة كرنيكا موقعه حاصل هوا موصوف نے اچهى محنت كى هے مولانا كى يه خصوصيات اهل اصفياء واتقياء اور اهل علم كيلئے جتنا مفيد ومعين هوگا محتاج بيان نهين -

الله تعالى موصوف كو اپنى شان عالي كے مناسب جزاءخير عطا فرمائے اوراس كتاب كو قبول فرمائے

احقر مولانا محمد جمال الدين
استاذ مدرسة عاليه صوفيه اميراباد لوهاگارا چاٹگام

চুনতী হাকিমিয়া আলীয়া মাদ্রাসার সুযোগ্য মুহাদ্দিছ হযরত মৌলানা হাফেজ মুহাম্মদ শাহে আলম সাহেবের

অভিমত

পরম করুণাময় আল্লাহর দরবারে অসংখ্য শুক্‌রিয়া জ্ঞাপন করছি, যিনি আমার প্রাণপ্রিয় বন্ধু মুহতরম মওলানা আবদুচ্ ছোব্‌হান সাহেবকে সুফি জগতের অনন্য প্রতিভা হযরত শেখ শা'দী (রঃ) রচিত **"করীমা"** কিতাবের সরল বাংলানুবাদ করার তৌফিক দিয়েছেন। এ কিতাবটি শুধু ছাত্রদের জন্য নয় বরং সকলের জন্য বড়ই উপকারী বলে আমার ধারণা। বিশেষ করে যারা আধ্যাত্মিক জগতে উন্নতি করতে চায় তাদের জন্য এক অনুপম কিতাব। কিতাবখানিকে আল্লাহ তায়ালা কবুল করুক। সাথে সাথে লিখক-অনুবাদক এবং আমাদের সকলকে যেন তিনি কবুল করেন। আমিন!

ইতি
অধম বান্দাহ্
মুহাম্মদ শাহে আলম
খাদেম- চুনতি হাকিমিয়া
আলীয়া মাদ্রাসা।

গারাঙ্গিয়া আলীয়া মাদ্রাসার সুযোগ্য মুহাদ্দিসে আওয়াল উস্তাজুল আসাতিজা হযরত আলহাজ্ব মৌলানা আবু নছর আতিক আহমদ সাহেব এর বাণী

بسم اللہ الرحمن الرحیم

نحمدہٗ ونصلّی علیٰ رسولہ الکریم اما بعد !

الحمد للہ ثم الحمد للہ آج اپنی زندگی کا بیش بہا ثمرہ لخت جگر عزیزم مولانا عبد السبحان خادم صوفیہ عالیہ مدرسہ امیر آباد کی مرہون منت کریما کا بنگلہ ترجمہ شائع ہونے کے موقعہ پر بطور اظہار تشکر دو قلم لکھنے کا تہیہ کرتا ہوں، اس سنہری موقعہ پر خدائے پاک و برتر کا شکر گذار ہوں کہ شاگرد رشید نے پہلے پہل اس میدان میں جو سعی پیش کیا ہے بنگلہ دان ہر طبقہ لوگوں کے لئے یہ لاثانی تحفہ کی حیثیت رکھے گی اس میں کوئی شک نہیں کریما کے ہر ہر صفحہ ہر ہر کلمہ ہماری زندگی کے لئے مشعل راہ ہے، خدائے پاک اس انمول کرتوت پر قبولیت کا پروان چڑہانے اور مترجم موصوف اور ان کے اساتذۂ کرام، خیر سگالاں اور بالخصوص والدین کے لئے اس کو ذریعۂ نجات بنائیں بس یہی دعا ہے اور بارگاہ رب العزت سے یہی التجا ہے۔ آمین ثم آمین

خاکسار روسیاہ کار
ابو نصر عتیق احمد
خادم نادم گارنگیہ اسلامیہ عالیہ مدرسہ
مورخہ / ۷/۱۲/۶۹۵

بسم الله الرحمن الرحيم

تضرع ببارگاه الهى

"মহান আল্লাহ্‌র দরবারে কাকুতি-মিনতি ও কান্নাকাটি করা"

کریما بہ بخشائے برحال ما ÷ کہ ہستم اسیر کمند ہوا

(উচ্চারণ) করী'মা ববখ্‌শা'য়ে বর হালে মা' ÷ কে হাস্তম আছী'রে কমন্দে হাওয়া।

نداریم غیراز توفریادرس÷توئی عاصیاں راخطا بخش وبس

(উচ্চারণ) নাদারেঈম গাইর আয তু'ফরয়াদরছ্‌ ÷ তুয়ী আ'ছিয়াঁরা খতা বখ্‌শ অ'বছ।

نگہدار مارا زراہ خطا ÷ خطا درگزار وصوا بم نما

(উচ্চারণ) নেগাহদার মা'রা যে রাহে খতা ÷ খতা দর গুযার অ' ছওয়াবম নুমা।

অনুবাদঃ ১। হে পাপ মার্জনাকারী দয়াময় প্রভু! আপনি আমাদের দুর্যোগময় অবস্থার উপর মেহেরবানী করুন, কেননা আমি কুপ্রবৃত্তির ফান্দে (বন্ধনে) আবদ্ধ হইয়াছি।

২। তুমি ছাড়া আমাদের জন্য আর কেহ সাহায্যকারী নাই, তুমিই একমাত্র পাপীদের পাপ সমূহের ক্ষমাকারী, আর কেহ নয়।

৩। আমাদেরকে গুনাহের রাস্তা থেকে রক্ষা করুন, গুনাহ্‌ মাফ করিয়া দাও এবং সঠিক পথের সন্ধান দাও।

শব্দার্থঃ ১। کریما -হে প্রভু, হে দয়াময় আল্লাহ্‌, হে দানশীল, হে পাপ মার্জনাকারী, এখানে "الف" আহ্‌বান সুচক হরফ। بخشائے -ইহা بخشودن বা بخشائیدن মাছদার থেকে امر এর واحد حاضر এর ছিগা। তুমি ক্ষমা করিয়া দাও, মাফ করিয়া দাও, দয়া কর, ইত্যাদি। بر - উপর। حال - অবস্থা, বহুবচনে احوال । ما - আমাদের, আমরা সকল। ہستم-আমি হইয়াছি। ইহা ہستن মাছদার থেকে ماضی এর واحد متکلم এর ছিগা। اسیر - বন্ধী, যাহাকে জেলখানায় আবদ্ধ করা হইয়াছে। کمند - ফান্দা, যাহা দিয়ে পেছানো হয়, বাধানো হয়। ہوا -কু প্রবৃত্তি, কু মন্ত্রনা, নফসের খাখেশ, যাহা মানুষকে ধংশে উপনিত করিয়া দেয়।

২। نداریم - রাখি না আমরা, ইহা داشتن মাছদার থেকে جمع متکلم এর ছিগা। غیر -ব্যতীত, ছাড়া, বৈ, বিনে। تو -তুমি। فریادرس- ফরিয়াদ গ্রহণকারী, সাহায্যকারী, হইা اسم فاعل তরকীবি। عاصیان - পাপিষ্ট ব্যক্তি গণ , অবাধ্য, নাফরমান ব্যক্তিগণ, একবচনে عاصی । را - কে। خطا - দোষ, ভূলভ্রান্তি,গুনাহ ইত্যাদি। خطا بخش - পাপ মার্জনাকারী। ইহা اسم فاعل ترکیبی । بس - শুধুমাত্র, একমাত্র।

৩। نگہدار রক্ষা করুন, বাছাইয়া রাখুন। مارا আমাদেরকে। ز ইহা মূলে "از" ছিল, শুরু থেকে ہمزہ টি সহজতার জন্য বিলুপ্ত করা হইয়াছে। অর্থঃ থেকে, হতে। راہ -রাস্তা, পথ, পন্থা। درگزار - মাফ করিয়া দাও । ইহা امر এর ছিগা, মাছদার হইল گزاردن । صواب -দুরস্ত, সঠিক, খাঠি। نما - দেখাইয়া দাও, ইহা امر এর ছিগা, মাছদার হইল نمودن ।

দ্রষ্টব্যঃ এই অধ্যায়টি প্রাকারান্তরে কালামুল্লাহ্‌ শরীফের সূরা ফাতেহারই ভাবার্থ।

درثنائے پیغمبرصلی اللّٰہ علیہ وسلّم

হুজুর পুর নূ'র হযরত মুহাম্মদ মোস্তফা (সঃ) এর প্রশংসা বর্ণনা প্রসঙ্গে

زباں تابود دردھاں جائِگیر÷ثنائے محمد بَوَد دلپزیر

(উচ্চারণ) জঁবা তা বওয়াদ দর দাঁহা জা'য়েগীর ÷ ছনায়ে মুহাম্মদ বওয়াদ দিল ফজীর।

حبیب خدا اشرف انبیا÷کہ عرش مجیدش بود متکا

(উচ্চারণ) হাবীবে খোদা আশ্‌রফে আম্বিয়া ÷ কে আরশে মজী'দশ বওয়াদ মুত্তাকা।

سوارِجھانگیریکراں براق÷کہ بگزشتؔ ازقصرِنیلِی رواق

(উচ্চারণ) ছওয়ারে জাহাঁগীর ইয়ক্‌রা বোরাক ÷ কে বগুজস্‌ত আজ্‌ কচ্‌রে নী'লী রওয়াক।

অনুবাদঃ ১। জুবান বা জিহ্বা যতক্ষণ পর্যন্ত মুখের ভিতর স্থান গ্রহণ করিবে, ততক্ষণ পর্যন্ত হযরত মুহাম্মদ (সঃ) এর প্রশংসা করা অন্তকরণের নিকট খুবই পছন্দনীয় ও গ্রহণীয় হইবে।

২। তিনি আল্লাহ্‌র এমন মাহবুব ও সকল রসুলগণের সরদার, যাহার হেলান (টেক) দেওয়ার স্থান হইল সু-মহান আরশ আজীম।

৩। তিনি এমন এক সাহসী ও সমগ্র পৃথিবী বিচরণকারী বোরাকের আরোহী ছিলেন, যেই বোরাক খুবই উন্নত ও উত্তম ঘোড়ার মত ছিল এবং যাহা এই নীল রং এর ছাদ বিশিষ্ঠ কুঠি তথা পৃথিবী অতিক্রম করিয়া গিয়াছিলেন। (এই পংক্তিতে মিরাজ শরীফের দিকে ইঙ্গিত করা হইয়াছে।)

শব্দার্থঃ ১। زبان-জিহ্বা। بود - থাকিবে। ইহা بودن মাছদার থেকে واحد غائب এর ছিগা। دهان মূখমন্ডল। جائگیر- স্থান গ্রহণকারী। ইহা اسم فاعل ترکیبی । ثنائے -ث অক্ষরে فتح সহকারে প্রশংসা, গুনকীর্তণ বর্ণনা করা। محمد صلی الله علیه وسلم - ইহা হযরত নবী করিম (সঃ) এর জাতী নাম। এ ছাড়া আর অন্য সব গুলো গুন বাচক নাম। دلپزیر যাহা খুবই প্রিয় ও পছন্দনীয়, যাহা অন্তকরণ স্বানন্দে বরণ করে।

২। حبیب - বন্ধু, দোস্ত, আপনজন, প্রিয় ব্যক্তি, ইহা সাধারনত محبوب এর অর্থে ব্যবহার হইয়া থাকে। আবার কখনও কখনও عاشق অর্থেও আসে। اشرف - ইহা اسم تفضیل এর ছিগা। সবচাইতে বেশী সম্মানী ও বুযুর্গ যিনি। الشرف মাসদার। انبیاء - নবীগণ, পয়গাম্বরগণ, ইহা نبی শব্দের বহুবচন, শব্দটি نبأ থেকে নির্গত অর্থাৎ খবর বা সংবাদ প্রদান করা। عرش - সুমহান স্থান, যাহা সপ্ত আকাশের উপরে, মর্যাদাবান জায়গা যেখানে স্বয়ং আল্লাহ্ পাক অধিষ্ঠ আছেন । مجید- সম্মানিত, বুজর্গ। متکا -ইহা اسم ظرف - মাছদার الاتكاء হেলান দেওয়া, বা টেক্ লাগানোর স্থান।

৩। سوار -আরোহী। جهانگير ইহা مركب توصيفى ঃ পৃথিবী বিচরণশীল, দুনিয়া জুড়ে গমনাগমনকারী। يكران -উত্তম ও উন্নত ধরনের ঘোড়া। براق - প্রসিদ্ধ জন্তু যাহার উপর হুজুর পাক (সঃ) মিরাজের রজনীতে সওয়ার হইয়াছিলেন। قصر - দালান, বিল্ডিং "ق" এর فتح সহকারে ঐ গৃহ যাহা পাথর ও পাথর কনা দিয়ে তৈরী। رواق- ইহা "ر" এর كسره বা ضمه সহকারে ঐ ঘর যাহা একটি মাত্র স্তম্ভের উপর তৈরী। - بگزشت - অতিক্রম করিয়া গিয়াছেন, চলিয়া গিয়াছেন -نيلى - নীলা রং, এখানে -نيلى رواق বলিয়া আসমান বুঝানো হইয়াছে, এবং قصر نيلى رواق বলিয়া পৃথিবীকে বুঝানো হইয়াছে।

নিজ আত্মার প্রতি সম্বোধন করা

چهل سال عمرعزيزت گزشت÷مزاج توازحال طفلى نگشت

(উচ্চারণ) চেহেল্ ছা'লে ওম্‌রে আজী'জত্ গুজসত্ ÷ মিযা'জে তু'আয হা'লে তিফ্‌লী ন গস্‌ত।

همه با هواو هوس ساختى ÷ دمے با مصالح نپرداختى

(উচ্চারণ) হামা' বা হাওয়া অ হাওছ ছাখ্‌তী ÷ দমে'বা মছা'লেহ ন'পর দা'খতী।

مكن تكيه برعمرناپائيدار÷مباش ايمن ازبازئ روزگار

(উঃ) মকুন্ তাক্‌ইয়া বর উম্‌রে না'পায়েদা'র ÷ মবা'শ আইমন আয বা'যিয়ে রো'জগার।

অনুবাদঃ ১। তোমার প্রিয় ও মূল্যবান হায়াতের চল্লিশ বছর অতিবাহিত হইয়া গিয়াছে, কিন্তু এখনও তোমার মেজাজ (অভ্যাস) বাল্য কালীন অবস্থা থেকে পরিবর্তন হয় নাই। অর্থাৎ ছোট কালের একই অবস্থায় রহিয়া গিয়াছে, কোন পরিবর্তন আসে নাই।

২। তুমি সর্বদা কু প্রবৃত্তির কামনা, বাসনা পূরণে এবং পাগলামীতে লিপ্ত রহিয়াছ, সামান্য সময়ের জন্যও নিজের উপকারজনক কোন কাজ এবং নিজ আসবাাব পত্র একত্রিত করণে মনোনিবেশ কর নাই।

৩। অস্থায়ী হায়াতের উপর ভরসা করিয়া অলস হইয়া থাকিও না, যুগের খেলার ব্যাপারে নির্ভয় হইওনা।

শব্দার্থঃ ১। چهل -চল্লিশ। سال -বৎসর, বহুবচনে سالها। عمر -হায়াত, বয়স। عزيزت - তোমার প্রিয় আদরের। گزشت-অতিবাহিত হইয়া গিয়াছে। চলিয়া গিয়াছে। ইহা فعل ماضى, মাছদার گزشتن। مزاج تو -তোমার মেজাজ, তোমার খেয়াল, ধ্যান। طفلى -বাল্যকালীন জীবন, ছোটকালীন সময়। نگشت-ফিরিয়া যায় নাই। ইহা گزشتن মাছদার হতে ماضى منفى এর واحدغائب এর ছিগা।

২ همه -সদা-সর্বদা, সব সময়, বহু কাল। هوس-পাগল হওয়া, নিতান্ত প্রেমের অধিকারী হওয়া। ساختی -অনুকূলে রহিয়াছ তুমি, ইহা ساختن মাছদার হইতে واحد مذكرحاضر এর ছিগা। دمے-এক নিঃশ্বাস, কিছু সময়, এখানে یاء مجهول টি نكرة বুঝানোর জন্য। مصالح-উপকার সমূহ, মঙ্গলজনক কাজ সমূহ। پرداختن -লিপ্ত হওয়া।

৩। مكن-করিওনা। ইহা كردن মাছদার থেকে نهى এর واحد خاضر - تكيه-ভরসা করা, নির্ভর করা। ناپائدار-অস্থায়ী, যাহা সদা থাকিবেনা। مباش -হইওনা, ইহা نهى এর واحد حاضر এর ছিগা। ايمن - নির্ভয়, ভয় বিহীন, ভয় ছাড়া। بازى -যাহা খেলা খেলে, দূর্বিপাক। روز گار -যুগ, জমানা, সময়, কাল।

در مدح کرم

বিনয়ী, নম্রতা ও দয়া প্রদর্শনের প্রশংসা বর্ণনায়।

دلا هر كه بنهاد خوان كرم ÷ بشد نامدار جهانے كرم

(উচ্চারণ) দিলা হার্ কে বেন্‌হাদে খাঁনে করম্ ÷ বশুদ নামদারে জাঁহানে করম।

كرم نامدار جهانت كند÷كرم كا مگار امانت كند

(উচ্চারণ) করম না'মদা'রে জাহাঁনত্ কুনদ্ ÷ করম কা'মগারে আমানত কুনদ্।

অনুবাদঃ ১। হে অন্তর! যেই ব্যক্তি নম্রতা ও দয়ার দস্তরখানা বিছাইয়া রাখিয়াছে, অর্থাৎ দয়া ও নম্রতাকে স্বভাবে পরিণত করিয়াছে, সে দয়ার জাহানে প্রসিদ্ধ হইয়া যাইবে।

২। ভদ্রতা ও দয়া প্রদর্শিতা তোমাকে পৃথিবীর মধ্যে খ্যাত নামা মানুষে পরিণত করিবে এবং সেই মেহেরবানী ও নম্রতা তোমাকে দুনিয়াতে নিরাপত্তার বড় সম্মানী বাদশাহ্ বানাইয়া দিবে। অর্থাৎ ভদ্রতার দরুণ পৃথিবীতে তোমার খুবই নাম হইবে এবং তুমি বড়ই নিরাপদ হইয়া যাইবে।

শব্দার্থঃ ১। دلا -হে দিল! হে অন্তর, এখানে الف টি হরফে ندا। কবি নিজ অন্তরকে সম্বোধন করিতেছে। هركه -যিনি, যেই ব্যক্তি। بنهاد -রাখিল। خـوان -বড় প্লেইট, দস্তরখানা كرم -ভদ্রতা, নম্রতা, দয়া প্রদর্শিতা। نامدار -সুখ্যাতি সম্পন্ন, প্রসিদ্ধ ব্যক্তি ইহা اسم فاعـل تركيبى।

২। كـامگـار -বাদশাহ্, সম্মানিত ব্যক্তি। امـان -নিরাপদময়, নিরাপত্তা সম্পন্ন

ورائے کرم درجهان کارنیست ÷ وزین گرم ترهیچ بازارنیست

(উচ্চারণ) ওয়ারায়ে করম দর্ জাহাঁ কার নী'চ্‌ত÷ওয়াঁজী গরম্ তর হী'চ বা'জার নীচ্‌ত।

کرم مایه شاد مانی بود ÷ کرم حاصل زندگانی بود

(উচ্চারণ) করম মা'য়ায়ে সা'দ মা'নী বওয়াদ ÷ করম হা'চেলে জিন্দেগানী বওয়াদ।

دل عالمیےازکرم تازه دار÷جهاں را زبخشش پرآوازه دار

(উচ্চারণ) দিলে আ'লমে আজ করম তা'জা দার÷জাহাঁ রা যে বখ্‌শিশ পুর আ'ওয়াজাহ দার।

همه وقت شودرکرم مستقیم ÷که هست آفرینندۂ جان کریم

(উচ্চারণ) হামা ওয়াক্ত শাওদর করম মুস্তাকিম ÷ কে হাস্ত আ'পরীনিন্দায়ে জাঁ করিম।

অনুবাদ ঃ ১। দুনিয়াতে মেহেরবানী ছাড়া আর কোন কাজই নাই আর এই মেহেরবানীর বাজারের চাইতে আর কোন চালু ও সুন্দরতম বাজারও নাই।

২। দয়া ও নম্রতা খুশিরই সম্বল, জীবনের একমাত্র অর্জিত বস্তু হইল নম্রতা ও রহমত। অর্থাৎ দয়া, নম্রতা হামদরদী খোশ জিন্দেগীর পাথেয় স্বরূপ, যাহার চরিত্রে দয়া হামদরদী ও মেহেরবানী নাই তাহার জীবন নিস্ফল ও ব্যর্থ।

৩। তুমি সারা পৃথিবীর দিলকে দয়া, নম্রতা ও ভদ্রতা দ্বারা তরুতাজা ও সঞ্জিবিত রাখ, এবং দুনিয়াকে বখ্‌শিশ ও দয়ার দ্বারা পূর্ণ প্রসিদ্ধতা রাখ।

৪। সদা সর্বদা দয়া, করুনা ও নম্রতার মধ্যে তুমি অটল থাকিবে, কেননা যেই প্রভু প্রাণ সৃষ্টিকারী, তিনি খুবই দয়াময় ও করুনাদায়ক।

শব্দার্থঃ ১। ورائے -ছাড়া, ব্যতীত, পিছনে। کار -কাজ, কাম। وزین-ইহার চেয়ে, ইহার তুলনায়। گرم-চালু। هیچ -কোন কিছু। نیست -নাই।

২। مائے -পুঁজি, সম্বল, পাথেয়। شادمانی -খুশি, আনন্দ। حاصل زند گانی -জীবনের উপার্জিত বস্তু।

৩। عالمے -সারা পৃথিবী, تازہ دار -সঞ্জিবিত রাখ , তরুতাজা রাখ । بخشش-উপহার, দয়া উপঢৌকন, হাদিয়া, দান ইত্যাদি। پرآوازه - পূর্ণ প্রসিদ্ধতা, যাহা পুরাপুরি প্রসিদ্ধতা লাভ করিয়াছে। ইহা اسم فاعل ترکیبی

৪। وقت -সময়, বহুবচনে اوقات - مستقیم - অটল থাকা, স্থির থাকা, টিকিয়ে থাকা। বর্ণিত আছে الاستقامةفوق الكرامة - آفریننده -সৃষ্টিকর্তা, যিনি তৈয়ার করেন, যিনি অস্তিত্বহীনতা থেকে অস্তিত্বে আনয়ন করেন।

در صفت سخاوت

দান ও বদান্যতার গুণাগুণ সম্পর্কে

سخاوت کند نیکبخت اختیار÷که مرداز سخاوت شود بختیار

(উচ্চারণ) ছাখাওয়াত কুনদ নে'ক বখ্ত এখতেয়ার ÷ কে মরদ্ আজ ছাখাওয়াত সওয়াদ বখ্তিয়ার।

بلطف وسخاوت جهانگیرباش÷دراقلیم لطف وسخامیرباش

(উচ্চারণ) বলুত্ফঅ ছাখাওয়াত জাহাঁগী'র বা'স÷দর এক্লীম লুত্ফ তা ছাখা' মীর বা'স।

অনুবাদঃ ১। নেক বখ্ত ও সৌভাগ্যশীল মানুষই বদান্যতা ও দানশীলতা গ্রহণ করিয়া থাকেন, কেননা মানুষ বখশিশের দরুণ ভাগ্যবান ও পূণ্যবান হইয়া যায়।

২। মেহেরবানী ও বখশিশের মাধ্যমে পৃথিবীর বাদশায় পরিণত হও এবং মেহেরবানী ও বখশিশের মধ্যস্থতায় রাজ্যের সরদার হইয়া যাও।

শব্দার্থঃ ১। سخاوت -দান করা, বখশিশ করা। বর্ণিত আছে-

السخاء سجرة من اشجار الجنة
اغصانها مندليات فى الدنيا -
فمن يأخذ بغصن من اعصانها قاده ذلك الى الجنة - (الحديث)

نیکبخت - নেক্কার, সৌভাগ্যশালী ব্যক্তি, ভাগ্যবান মানুষ।

اختيار - -গ্রহণ করা, নির্বাচিত করা। ইহা باب - افتعال - এর মাছদার।

مرد -মানুষ, লোক, বহুবচনে مردان - بختیار -ভাগ্যবান, দৌলতমন্দ।

২। لطف -মেহেরবানী করা, দয়া প্রদর্শন করা। اقلیم-পৃথিবী, দুনিয়া, রাজ্য। বহুবচনে اقالیم - میر -বাদশাহ, রাজা। মূলে ইহা امیر ছিল ওজনে شعر এর কারণে শুরুতে الف বিলুপ্ত হইয়া গিয়াছে।

سخاوت بود کارصاحبدلان ÷ سخاوت بود پیشۂ مقبلان

(উচ্চারণ) ছাখাওয়াত্ বওয়াদ্ কা'রে ছাহেব্ দিলাঁ ÷ ছাখাওয়াত বওয়াদ পে'শায়ে মুকবিলাঁ।

سخاوت مس عیب راکیمیاست ÷ سخاوت همه دردهارادواست

(উচ্চারণ) ছাখাওয়াত্ মেছে আইব রা কীমিয়াছ্ত÷ছাখাওয়াত হামা' দরদাহা রা দাওয়াছ্ত্।

مشوتا توان ازسخاوت بری ÷ که گوئے بهی از سخاوت بری

(উচ্চারণ) মশৌ তা' তওয়া আয ছাখাওয়াত বরী÷কে গোওয়ে বহী আয ছাখাওয়াত বরী।

অনুবাদঃ ১। বখশিশ করা জীবিত অন্তর বিশিষ্ট মানুষের কাজ। আর এই বখশিশই হইল নেক্কার ও মকবুল বান্দাদের পেশা।

২। বখশিশ হইল সকল দোষনীয় ও ত্রুটিযুক্ত তামার জন্য কিমিয়া স্বরূপ। আর এই বখশিশ সমস্ত রোগের জন্য ঔষধ স্বরূপ। অর্থাৎ বখশিশ সমস্ত দোষ-ত্রুটিকে বিদুরিত করে এবং সর্ব প্রকার জাহেরী ও রুহানী রোগের দূরীকরণের একমাত্র মহৌষধ।

৩। যতদূর সম্ভব বখশিশ করা থেকে পৃথক হইও না, কেননা বখশিশের দ্বারাই নেক কাজ সমূহে জয় ও অগ্রগামীতা অর্জন করিবে।

শব্দার্থঃ ১। صاحبدلان -যাহাদের অন্তর আল্লাহ্র স্মরণে জীবিত হইয়া গিয়াছে। پیشه - পেশা, নীতি, নিয়ম। مقبلان -সম্মানী ব্যক্তি বর্গ, একবচনে مقبل ।

২। مس -তামা, এক প্রকারের পদার্থ। عیب দোষ-ত্রুটি, বহুবচনে عیوب । كيميا -মূল্যবান বস্তু, যাহা পিতলকে রৌপ্যে, ও তামাকে স্বর্ণে পরিণত করে দেয়। دردها -ব্যাথা সমূহ, রোগ সমূহ, একবচনে درد – دوا -ঔষধ।

৩। تاتوان -যদি সম্ভব হয়। بری -ইহা براۃ শব্দ থেকে اسم فاعل এর ছিগা। فعيل এর ওজনে। অর্থ পৃথক হওয়া, আলাদা হওয়া।
گوی - গোলা, বল। بهی - ভাল, সফলতা।
بری - নিয়া যাইবে, অর্জন করিবে তুমি, بردن মাছদার হইতে واحد مذكر حاضر এর ছিগা।

درمذمت بخیل

কৃপণের নিন্দা বর্ণনা প্রসঙ্গে

اگر چرخ گردد بکام بخیل ÷ وراقبال باشد غلام بخیل

(উচ্চারণ) আগর্ ছরখে গরদদ্ বকামে বখীল ÷ ওয়ার ইক্‌বালে বা'শদ্ গোলামে বখীল।

وگردرکفش گنج قارون بود÷وگرتابعش ربع مسکون بود

(উচ্চারণ) ওয়াগর দর কাফশ্ গন্‌জ ক্বা'রু বওয়াদ ÷ ওয়াগর তা' বেআ'শ্ রুব্‌য়ে মছকুঁ বওয়াদ।

نیرزد بخیل آنکه نامش بری÷وگرروزگارش کند چاکری

(উচ্চারণ) নয়রজদ বখীল আঁকে নামস্ বরী ÷ ওয়াগর রো'জেগা'রশ্ কুনদ্ চা'করী।

অনুবাদঃ ১। যদিও বখিল ব্যক্তির উদ্দেশ্য মুতাবিক আকাশ ঘুরিতে থাকে, আর উন্নতি ও যদি বখিলের গোলাম হইয়া যায়।

২। আর যদি তাহার হাতে কারুনের ধন-ভান্ডার ও দৌলত আসিয়া যায়, আর পৃথিবীর এক চতুর্থাংশ বা সমস্ত স্থলভাগ যদি তাহার অনুসারী হইয়া যায়।

৩। তবুও কৃপণ ব্যক্তি এই কথার উপযুক্ত নহে যে, -তাহার নাম লওয়া যাইবে, যদিও জামানা ও যুগ তাহার দাসত্ব করে।

শব্দর্থঃ ১। اگر - যদি, ইহা হরফে শর্ত। چرخ -আকাশ, আসমান, নভোমণ্ডল। گردد -হইয়া যায়। ইহা گردیدن মাছদার থেকে واحد مذکر غائب-এর ছিগা, بحث- মুজারা। کام -উদ্দেশ্য, লক্ষ্য, মকছুদ। اقبال -উন্নতী, উৎকর্ষ। غلام -দাস। بخیل - কৃপণ ব্যক্তি, বর্ণিত আছে- البخیل عدوالله ولو کان زاهدا

২। کفش - তাহার হাত। گنج - ভাণ্ডার, আধার, খনি। قارون -হযরত মুছা (আঃ) এর যুগের প্রসিদ্ধ "কৃপণ" ব্যক্তির নাম। تابعش -তাহার অনুসারী। ربع مسکون - পৃথিবীর এক চতুর্থাংশ, সম্পূর্ণ স্থল ভাগ।

৩। نیرزد -সে উপযুক্ত নহে, ইহা ارزیدن। মাছদার থেকে مضارع منفی এর واحد غائب এর ছিগা। بری -তুমি লইবে. ইহা بردن মাছদার থেকে واحد خاضر - وگر - আর যদিও। روزگار - যুগ, জামানা, সময়। چاکری - দাসত্ব, গোলামী।

مکن التفاتے بمال بخیل ÷ مبرنام مال ومنال بخیل

(উচ্চারণ) মকুন্ ইল্তেফা'তে ব'মা'লে বখী'ল ÷ মবর না'মে মা'ল অ মনালে বখীল।

بخیل ار بود زاهدبحر وبر ÷ بهشتی نباشد بحکم خبر

(উচ্চারণ) বখীল আর বওয়াদ যা'হেদে বাহর-অ বর ÷ বেহেশ্তী নবা'শদ বহুক্মে খবর

بخیل ارچه باشدتوانگربمال ÷ بخواری چوں مفلس خورد گوشمال

(উচ্চারণ) বখী'ল আর ছে বা'শদ তওয়াঙ্গর বমাল ÷ বখারী চূঁ মুপ্লেছ খোরদ গো'শে মাল

سخیاں زاموال برمی خورند ÷ بخیلاں غم سیم وزرمی خورند

(উচ্চারণ) ছখীয়াঁ যে আমওয়াল বর মী' খোরন্দ ÷ বখী'লাঁ গমে ছীম অ জর মী খোরন্দ

অনুবাদঃ ১। বখিলের ধন সম্পত্তির প্রতি দৃষ্টি নিক্ষেপ করিও না, বখিলের মাল দৌলত ও অট্টালিকার নাম পর্যন্ত লইবে না।

২। কৃপণ ব্যক্তি যদিও স্থল ভাগ ও জল ভাগের পরহেজগার হউক না কেন, কিন্তু হাদিসের হুকুম মোতাবিক সে বেহেশতে যাইবে না।

৩। কৃপণ ব্যক্তি ধন-সম্পত্তি নিয়ে যদিও ধনবান হউক না কেন, তবুও সে দরীদ্রের মত লাঞ্ছিত হইয়া কর্ন মলন খাইয়া থাকে।

৪। দানশীল ব্যক্তিগণ আপন মাল দৌলত দ্বারা ফল বা উপকার অর্জন করে, কৃপন ব্যক্তিগণ স্বর্ন ও রৌপ্যের চিন্তা ও দুঃখ দুর্দশা উপভোগ করে। অর্থাৎ মাল অর্জন ও উহা হিফাজত করার জন্য বহু কষ্ট উপভোগ করে।

শব্দার্থঃ ১। التفاتے - একবার দৃষ্টি দেওয়া, একবার তাকানো। مال - সম্পত্তি, বহুবচনে اموال। مبر - লইবে না نهى حاضر এর ছিগায়ে واحد حاضر, মাছদার بردن। منال - আসবাব পত্র, সামান, প্রয়োজনীয় সামগ্রী।

২। اربود - যদিও হয়। زاهد - খোদাভীরু, পরহেজগার, যিনি আল্লাহ্ ব্যতিত অন্য কাহারও সহিত تعلق রাখে না, যিনি দুনিয়া বর্জনকারী হয়। بحر - সমুদ্র, জলভাগ বহুবচনে ابحار - برٌّ-স্থল ভাগ, শুকনা স্থান সমূহ। خبر - সংবাদ, এখানে হাদিস অর্থ উদ্দেশ্য।

৩। توانگر - ধনী, সম্পদশালী। بخوارى-লাঞ্ছনা, বেইজ্জত, অবমাননা। چوں - যেমন, যথা। مفلس - গরীব, দরীদ্র ব্যক্তি, ইহা باب افعال এর افلاس মাছদার থেকে اسم فاعل এর ছিগা। خورد-খায়, خوردن মাছদার থেকে। گوشمال - শাস্তি, কর্ণমলন।

৪। بر - ফল, ফায়েদা, উপকার। غم - চিন্তা, দুঃখ, কষ্ট। سیم - রৌপ্য। زر - সোনা।

در صفت تواضع

(শিষ্টাচারিতা) নিজকে ছোট মনে করার গুনাগুন সম্পর্কে

دلاگر تواضع کنی اختیار ÷ شود خلق دنیا ترادوستدار

(উচ্চারণ) দিলা গর তওয়াজু কুনী ইখ্‌তিয়ার ÷ শওয়াদ খলকে দুন্‌য়া তুরা দো'স্তদার

تواضع زیادت کند جاه را ÷ که ازمهر پر توبود ماه را

(উচ্চারণ) তওয়াজু জেয়াদত কুনদ জাহ রা ÷ কে আয মাহ্‌রে পর তূ বওয়াদ মা'হ রা

تواضع بود مایۂ دوستی ÷ که عالی بود پایۂ دوستی

(উচ্চারণ) তওয়াজু বওয়াদ মায়ায়ে দোস্তী ÷ কে আ'লী বওয়াদ পা'য়ায়ে দো'স্তী

تواضع کند مر درا سرفراز ÷ تواضع بود سرورانراطراز

(উচ্চারণ) তওয়াজু কুনদ্‌ মর্‌দরা ছর্‌ ফরাজ ÷ তওয়াজু বওয়াদ ছর্‌ওয়াঁরা রা'ত রাজ

অনুবাদঃ ১। হে অন্তর! যদি তুমি নম্রতাকে গ্রহণ কর, তাহলে সারা পৃথিবীর সৃষ্টি তোমার বন্ধুতে পরিণত হইয়া যাইবে।

২। নম্রতা সম্মানকে বর্ধিত করিয়া দেয়, যেমন সূর্য্য থেকে চন্দ্র পূর্ণ আলোর অধিকারী হয়। (অর্থাৎ চন্দ্র প্রথমে ছোট থাকে ধীরে ধীরে বড় হইয়া যায়, অনুরূপ ফরোতনী ও নম্রতা প্রদর্শনের ফলে ধীরে ধীরে সম্মান বর্ধিত হইয়া যাইবে)।

৩। ভদ্রতা হইল বন্ধুত্বের পুজিঁ বা কারণ স্বরূপ, (যেহেতু ইহার দরুণ সকলের নিকট প্রিয় হইয়া যায়) বন্ধুত্বের মরতবা অতি উচচ হইয়া যায়।

৪। ভদ্রতা মানুষকে সরদার বানাইয়া দেয়, আর নম্রতা হইল সরদারদের সৌন্দর্য্য বর্ধক বস্তু।

শব্দার্থঃ ১। تواضع - বিনয়ী, নম্রতা, ভদ্রতা, ফরোতনী করা, নিজকে ছোট মনে করা, ইহা বাবে تفاعل এর মাছদার। خلق - অর্থ مخلوق , সৃষ্টিজীব।

২। دوستدار -বন্ধুত্ব স্থাপনকারী, ভালবাসা সৃষ্টিকারী, ইহা اسم فاعل ترکیبی। زیادت - অতিরিক্ত, বর্ধিত করা। جاه - সম্মান, ইজ্জত। مهر -মুহাব্বত, কিন্তু এখানে সূর্য্য উদ্দেশ্য। پرتو -কিরণ, আলোক রশ্মি। ماه -চন্দ্র, কথিত আছে-

نور القمر مستفاد من نور الشمس-

৩। مایه -পুঁজি, সম্বল। عالی -বুলন্দ, উচ্চ। پایه -মরতবা, স্থর।

৪। سرفراز - সরদার, নেতা। سرور -নেতা, প্রধান ব্যক্তি। طراز -সৌন্দর্য্য, আরামের বস্তু, পেশা।

تواضع كند هركه هست آدمی÷نزيبد زمردم بجزمردمی

(উচ্চারণ) তওয়াজু কুনদ হারকে হাছ্‌ত আদমী ÷ নজীবদ জেমুরদুম বজুয্‌ মরদুমী

تواضع كندهوشمند گزين÷نهد شاخ پرميوه سربرزمين

(উচ্চারণ) তওয়াজু কুনদ হু'শ মন্দে গুঁজী ÷ নিহদ শাখ পুর মেওয়াহ ছর বর জঁমী

تواضع بودحرمت افزای تو ÷كند دربهشت برين جای تو

(উচ্চারণ) তওয়াজু বওয়াদ হুরমত আফজায়ে তূ ÷ কুনদ দর বেহেশতে বঁরী জায়ে তূ

تواضع كليددرجنت ست ÷سرافرازی وجاه رازينت ست

(উচ্চারণ) তওয়াজু কলীদে দরে জন্নত আছ্‌ত ÷ ছরাফরাযী অ' জা'হ রা জীনত আছ্‌ত

অনুবাদঃ ১। যেই ব্যক্তি প্রকৃত মানুষ তিনিই নম্রতা ও ভদ্রতা পোষণ করেন, যেহেতু মানুষের জন্য মনুষ্যত্ব ছাড়া আর কিছু শোভা পায় না, মূলতঃ নম্রতা ভাব পোষণ করাই মনুষ্যত্ব।

২। বুদ্ধিমান ব্যক্তিরাই নম্রতা ও ভদ্রতা পোষণ করেন, কারণ ফলে পরিপূর্ণ বৃক্ষের শাখা মাটির দিকেই মাথা রাখিয়া ঝুকিয়া পড়ে।

৩। নম্রতা তোমার ইজ্জতকে বর্ধিত করিবে এবং ইহাই উচ্চ মানের বেহেশতে তোমার স্থান করিয়া দিবে।

৪। নম্রতা হইল বেহেশতের দরজার তালার চাবি স্বরূপ, ইহা সরদারী, নেতৃত্ব, ইজ্জত ও সম্মানের সৌন্দর্য্য বর্ধক।

শব্দার্থঃ ১। آدمی - মানুষ, মানব। زيبد - শোভা, উপযুক্ত, ইহা زيبيدن মাছদার থেকে مضارع এর ছিগা। بجز - ব্যতিত, ছাড়া। مردمی - মনুষ্যত্ব।

২। هوشمند - বিবেকবান, বুদ্ধিমান, আকলমন্দ। گزيں - পছন্দ করে, গ্রহণ করে, নির্বাচিত করিয়া নেয়, মাছদার گزيدن। پرميوه -ফলে ভরপুর, ফসলে পরিপূর্ণ। سر - মস্তক, মাথা। نهد - রাখে, ইহার মাছদার হইল نهادن।

৩। حرمت - সম্মান, ইজ্জত। افزاے - বর্ধনশীল, বর্ধিতকারী, বৃদ্ধিকারী। در - মধ্যে, মাঝে। برين -উচ্চ, উন্নত। جاے -স্থান, জায়গা। বর্ণিত আছে-

من تواضع لله رفعه الله

৪ كليد - চাবী, যাহা দ্বারা তালা খোলা যায়। در - দরজা, দুয়ার। سر افرازی - সরদারী جاه - মরতবা, সম্মান। زينت - সৌন্দর্য্য।

کسےراکه گردن کشی درسرست ÷ تواضع ازو یافتن خو شتر ست

(উচ্চারণ) কছে'রা কে গরদন কশী' দর ছর আছ্‌ত ÷ তওয়াজু আজু' ইয়া'ফতন খো'শতর আছ্‌ত

کسے را که عادت تواضع بود÷زجاه وجلالش تمتع بود

(উচ্চারণ) কছে রা কে আ'দত তওয়াজু বওয়াদ ÷ যে জা'হ্‌ অ জলালশ্‌ তমত্ত্ব বত্তয়াদ

تواضع عزیزت کند در جهاں ÷ گرامی شوی پیش دلهاچوں جاں

(উচ্চারণ) তওয়াজু আজী'জত কুনদ দর জাঁহা ÷ গেরামি' সওয়ী পে'শে দিল্‌হা চূঁ জাঁ

تواضع مداراز خلائق دریغ ÷که گردن ازاں برکشی همچوں تیغ

(উচ্চারণ) তওয়াজু মদা'র আয খলায়েক দরীগ ÷ কে গরদন আযাঁ বর কশী 'হাম্‌চূঁ তে'গ

تواضع زگردن فرازاں نکوست÷گداگر تواضع کند خوی اوست

(উচ্চারণ) তওয়াজু যে গরদন পরাযাঁ নেকুছ্‌ত ÷ গদাগর তওয়াজু কুনদ খো'য়ে উছ্‌ত

অনুবাদঃ ১। যেই ব্যক্তির মস্তিস্কে সরদারী ও শক্তিমত্ত্বা রহিয়াছে অর্থাৎ যিনি নেতৃত্ব ও শক্তির অধিকারী হইবেন, তাহার নিকট থেকে নম্রতা ভাব পাওয়াটা খুবই পছন্দনীয় ও বহু উত্তম কাজ।

২। নম্রতা ও ভদ্রতা পোষণ করা যাহার স্বভাবে পরিণত হইবে, সম্মান মরতবা এবং বুজর্গী দ্বারা সেই উপকৃত হইতে পারিবে। অর্থাৎ সে বড় বুজর্গ ও সম্মানী হইয়া যাইবে।

৩। নম্রতা তোমাকে পৃথিবীতে সকলের প্রিয়জন বানাইয়া দিবে, এই ভদ্রতার কারণেই তুমি সকল অন্তরের কাছে প্রিয় হইয়া যাইবে প্রাণের মত।

৪। মানুষের সাথে বিনয় ও নম্রতা প্রদর্শনে সংকোচ করিও না অর্থাৎ প্রত্যেক ব্যক্তির নিকট নম্রতা ভাব পোষণ করিও, তাহলে তুমি ইহার দ্বারা গর্দন সমূহকে তরবারীর মত নিজের দিকে টানিয়া লইবে। অর্থাৎ নম্রতার দরুণ তুমি সরদার হইয়া যাইবে।

৫। বড় লোকদের ও সম্মানিত ব্যক্তিদের কাছ থেকে নম্রতা ভাব পাওয়া অত্যন্ত পছন্দের কাজ, কারণ ফকির ও দরিদ্র ব্যক্তি যদি নম্রতা ও ভদ্রতা ভাব পোষণ করিয়া থাকে তাহলে ইহা তো তাহার স্বভাবই, যেহেতু তাহার মধ্যে অহংকার তো থাকে না।

শব্দার্থঃ ১। گردن کشی - সরদারী, নেতৃত্ব, শক্তি সামর্থ। ازو - তাহার কাছ থেকে। یافتن - পাওয়া। خوشتر - খুবই পছন্দ ও উত্তম।

২। عادت - অভ্যাস, স্বভাব, চরিত্র। جلالش - তাহার বুজর্গী, ইজ্জত, সম্মান। تمتع -উপকৃত হওয়া, লাভজনক হওয়া, ফল উপভোগ করা। کسے را - কাহারও জন্য, কোন ব্যক্তির জন্য।

৩। عزیز - প্রিয়, আদরের, স্নেহের। گرامی - সম্মানী। پیش - সামনে, সম্মুখে। دلها - অন্তর সমূহ। چوجان - প্রাণের মত।

৪। خلائق - সৃষ্টি কুল ইহা خلق এর বহুবচন। دریغ - আফসোস, চিন্তা, কঠিনত্ব, এখানে সংকোচ অর্থ নেওয়াই শ্রেয়। ازآن - সেই নম্রতার কারণে। برکشی - ছিনিয়ে নিবে, টানিয়ে নিবে তুমি। همچو - মত। تیغ - তরবারী, তলোয়ার।

৫। گردن فرازان - বড় মানুষ, সরদারগণ। نکوست - উত্তম, উৎকৃষ্ট, ভাল। گدا - ফকির, গরীব, দরিদ্র ব্যক্তি। خوی -স্বভাব, অভ্যাস।

در مذمّت تکبّر

অহংকারিতার নিন্দা বর্ণনা প্রসঙ্গে

تکبرمکن زینهارائے پسر÷که روزیے زد ستش درآئ بسر

(উচ্চারণ) তাকাব্বুর মকুন জীনহার আই পেছর ÷ কে রুযে যেদছ তস দর আয়ী বছর।

تکبر زدانابود ناپسند ÷غریب آیدایں معنی ازهوشمند

(উচ্চারণ) তাকাব্বুর যেদা'না বওয়াদ না'পছন্দ ÷ গরী'ব আ'য়দ ঈ-মানা আয হুশ্‌মন্দ।

تکبر بود عادت جاهلاں ÷ تکبر نیاید زصاحب دلاں

(উচ্চারণ) তাকাব্বুর বওয়াদ আ'দতে জা'হেলাঁ ÷ তাকাব্বুর নয়া'য়দ যেছাহেব দেলাঁ।

অনুবাদঃ ১।হেবৎস! তুমি কখনও অহংকার করিও না, কারণ একদিন তুমি সেই অহংকারের পরিণাম স্বরূপ অপমানিত হইয়া যাইবে।

২। বুদ্ধিমান ব্যক্তি থেকে অহংকারিতা প্রকাশ পাওয়া খুবই অপছন্দনিয় কাজ, বুদ্ধিজীবীদের থেকে এই কাজ খুব কমই হইয়া থাকে।

৩। অহংকার ও গর্ব করা হইল অজ্ঞ ও মুর্খদের স্বভাব, জীবিত অন্তর ওয়ালা লোকদের থেকে অহংকার আসিতে পারে না।

শব্দার্থঃ ১। تکبر - ইহা বাবে تفعل এর মাছদার, মুল অক্ষর ر–ب–ك অর্থ অহংকার করা। গর্ববোধ করা, বড়াই করা। জিন্সে সহীহ্। زینهار - কখনও, একেবারেই। پسر - ছেলে, সন্তান, বৎস। روزے - কোন একদিন, এখানে ے মজহুলটি نکره বুঝানোর জন্য আসিয়াছে। درائی بسر - লাঞ্ছিত হইয়া যাইবে।

২। دانا - বুদ্ধিমান ব্যক্তি, বিবেকবান মানুষ। ناپسند - অপছন্দ, যাহা ভাল লাগে-না। غریب - অসহায়, মুছাফির। এখানে উদ্দেশ্য হইল আশ্চর্য্য ও অসম্ভব। هوشمند - আকলমন্দ, বুদ্ধিজীবি।

৩। عادت - স্বভাব, অভ্যাস, বহুবচনে عادات। جاهلان - অজ্ঞ ব্যক্তিরা, মুর্খগণ, একবচনে جاهل। نیاید - আসে না, ইহা آمدن - মাছদার থেকে مضارع منفی এর ছিগা। صاحبدلان - ছাহেবে কলব, জীবিত অন্তর সম্পন্ন ব্যক্তি, আল্লাহ্ ওয়ালাগণ।

تکبّر عزازیل را خوار کرد÷بزندان لعنت گرفتار کرد

(উচ্চারণ) তাকাব্বুর আযা'যিল রা খা'র করদ ÷ বযিন্দানে লা'নাৎ গেরেফতার কর্‌দ।

کسے راکه خصلت تکبّر بود÷سرش پُرغرورازتصوّربود

(উচ্চারণ) কছেরা কে খাছলত তাকাব্বুর বওয়াদ ÷ ছরশ পুর গুরুর আজ তাচাওউর্ বওয়াদ।

تکبّر بود مایۂ مد بری ÷ تکبّر بوداصل بدگوهری

(উচ্চারণ) তাকাব্বুর বওয়াদ মায়ায়ে মুদবরী ÷ তাকাব্বুর বওয়াদ আছলে বদ্ গৌহারী।

چودانی تکبر چرامیکنی÷خطامی کنی وخطامی کنی

(উচ্চারণ) চুঁ দা'নী তাকাব্বুর ছেরা মী' কুনী ÷ খতা মী' কুনী' ওয়া খতা মী' কুনী'।

অনুবাদঃ ১। অহংকার আযাযিল শয়তানকে বেইজ্জত করিয়া দিয়াছে, অভিশাপের জেলখানার মধ্যে সেই অহংকার তাহাকে চিরকালের জন্য বেষ্টন করিয়াছে।

২। যেই ব্যক্তির অহংকার করা স্বভাবে পরিণত হইয়াছে, তাহার মস্তক ও মগজ সম্পূর্ণ বেহুদা ধ্যান ও ধোকা দ্বারা ভরপুর হইয়া গিয়াছে।

৩। অহংকার বদবখতী ও পতনের পূঁজি স্বরূপ, আর সেই অহংকার হইল বদ অভ্যাস ও বদ স্বভাবের মূল লক্ষন।

৪। যখন তুমি ইহা জান যে, অহংকার খুবই খারাপ ও অশুভ স্বভাব, তাহলে কেন তুমি অহংকার করিতেছ, তুমি ভুল করিতেছ ও মস্ত বড় ভুল করিতেছ।

শব্দার্থঃ ১। عزازیل - সেই অভিশপ্ত শয়তানদের সরদার যিনি খোদার রহমত থেকে গর্ব করার কারণে দুরে সরিয়া গিয়াছে। যিনি হাজার হাজার বছর ইবাদতও করিয়াছিলেন। কিন্তু অহংকারিতার দরুন আল্লাহ্‌র রহমত থেকে বিতাড়িত হইয়া গিয়াছে। বর্ণিত আছে-

الكبرياء ردائى والعظمة ازارى من نازعنى منهما شيئا القيته فى النار -

خوار - লাঞ্ছিত, বেইজ্জত। زندان - কারাগার। لعنت - অভিশাপ।

২। خصلت - স্বভাব, চরিত্র, অভ্যাস, বহুবচনে خصائل । سرش - তাহার মাথা বা মস্তক। پر - পরিপূর্ণ। غرور - ধোকা। تصور - ধ্যান, খেয়াল, কল্পনা, ধারণা।

৩। مدبری - ইহা ادبار থেকে اسم فاعل এর ছিগা। আভিধানিক অর্থে পিট প্রদর্শন করা। এখানে উদ্দেশ্য হল অধপতন ও অবনতি। أصل -মূল, আলামত, বহুবচনে اصول । بد گوهری - কুস্বভাব, দুশ্চরিত্র।

৪। دانی - তুমি জান, ইহা دانستن মাসদার থেকে واحد خاضر এর ছিগা। چرا -কি বা কেন। خطا - দোষ, অপরাধ।

درفضیلت علم

ইলমে দ্বীনের ফযীলত সম্পর্কে।

بنی آدم ازعلم یابدکمال÷نه ازحشمت وجاه ومال ومنال

(উচ্চারণ)বনী আ'দম আয ইল্‌ম ইয়াবদ কামাল÷ না, আয্ হাশ্‌মত অজা'হ্ অ 'মাল অমনাল।

چوشمع ازپی علم باید گداخت ÷که بےعلم نتوان خدا را شناخت

(উচ্চারণ) চুঁ শম্‌এ আয পায়ে ইলম বায়দ গুদাখ্‌ত ÷ কে বে' ইল্‌মে নতওয়াঁ খোদা'রা শেনা'খ্‌ত

خردمندباشد طلبگارعلم÷که گرم ست پیوسته بازارعلم

(উচ্চারণ) খেরদ্‌মন্দ বা'শদ্ তলব্‌গা'রে ইল্‌ম ÷ কে গরম আছ্‌ত পাই'ওয়াছ্‌তা বা'জারে ইলম।

کسےراکه شددرازل بختیار÷طلب کردن علم کردا ختیار

(উচ্চারণ) কছে রা কে শুধ্ দর আযল বখ্‌তিয়ার ÷ তলব্ কর্‌দনে ইল্‌ম কর্‌দ ইখ্‌তিয়ার

অনুবাদঃ ১। আদম সন্তান ইলমে দ্বীনের দ্বারাই বুজর্গী ও পরিপূর্ণতা লাভ করে। ইহকালীন মর্তবা, সম্মান, সম্পদ ও আসবাব পত্রের দ্বারা নহে। (কেননা এই গুলি বুজর্গীর বস্তু নহে)।

২। দ্বীনি ইলম অর্জনের পিছনে মোমের মত গলিয়া যাইতে হয়। কেননা বে ইলম ব্যক্তি আল্লাহ্ তা'লাকে চিনিতে পারে না।

৩। বুদ্ধিমান ব্যক্তি ইলমে দ্বীনের অন্বেষণকারী হয়। যেহেতু ইলমে দ্বীনের বাজার সদা সর্বদা উষ্ণ ও উজ্জ্বল থাকে।

৪। যাহার ললাট বা ভাগ্য রোজে আযলে তথা রূহ জগতে তাহার সাহায্যকারী ছিল, সে দ্বীনি ইলম অন্বেষণ করাকে গ্রহণ করিয়া লইয়াছে । অর্থাৎ ইলমে দ্বীন অন্বেষণ করা রূহ জগত হইতে সৌভাগ্যশালী হওয়ার নিদর্শন।

শব্দার্থঃ ১। بنی آدم -আদম সন্তান, মানুষ, মানব জাতী। علم -বিদ্যা, জ্ঞান, এখানে ইলম বলতে দ্বীনি ইলমই উদ্দেশ্য। یابد -পাইয়া থাকে। এর মাসদার হল- یافتن। کمال - পরিপূর্ণ হওয়া, স্বয়ং সম্পূর্ণ হওয়া। حشمت -বুজর্গী, সম্মান। جاه -ইজ্জত। مال - সম্পদ। منال -আসবাব পত্র।

২। شمع - মোমবাতি। ازپے -পিচনে, জন্যে। گداخت -সরিয়ে যাওয়া, গলিয়ে যাওয়া। نتوان -পারেনা, সক্ষম হয়না, সম্ভব হয়না। شناخت - পরিচয়লাভ করা, চিনতে পারা।

৩। خرد مند - বুদ্ধিমান, বিবেকবান। طلبگار - অন্বেষণকারী, তালাশকারী। پیوسته -সদা-সর্বদা।

৪। ازل -রূহ জগত, রোযে আযল। بختیار -ললাট, সাহায্যকারী, ভাগ্য সহায়ক হওয়া। طلب کردن - তালাশ করা, খুজিয়া বাহির করা।

طلب کردن علم شد برتوفرض÷دگرواجب ست ازپیش قطع ارض

(উচ্চারণ) তলব করদনে ইলম শুধ বর তু ফর্‌জ ÷ দিগর ওয়াজিব আছ্‌ত আজ পায়স কত্‌ 'এ আর্‌দ

برو دامن علم گیراستوار÷که علمت رساند بدارالقرار

(উচ্চারণ) বরু' দা'মনে ইল্‌ম গী'র উস্তুয়ার ÷ কে ইলমত রছানদ বদারুল ক্বরার

میاموزجزعلم گرعاقلی÷که بےعلم بودن بود غافلی

(উচ্চারণ) ময়ামূ'য জুয্‌ ইল্‌মে গর আ'কেলী ÷ কে বে ইল্‌মে বূ'দন বওয়াদ গা'ফেলী

تراعلم دردین ودنیا تمام÷که کار تواز علم گیردنظام

(উচ্চারণ) তুরা ইল্‌ম দর দ্বীন ওয়া দুন্‌ইয়া তামাম ÷ কে কা'রে তু আয্‌ ইল্‌ম গী'রদ নেজা'ম

অনুবাদঃ ১ : ইলমে দ্বীন অন্বেষণ করা তোমার উপর ফরজ। আর ইলমে দ্বীন অর্জনের জন্য পৃথিবী ভ্রমণ করা ওয়াজিব। (অর্থাৎ স্বদেশে যদি ইলম না থাকে তাহলে ভিন্ন দেশে সফর করা অত্যাবশ্যক।)

২। যাও দ্বীনি ইলমের দামন কে শক্ত ভাবে ধারণ কর, কেননা ইলম তোমাকে বেহেশতে পৌছাইয়া দিবে।

৩। যদি তুমি বুদ্ধিমান হও তাহা হইলে ইলম ভিন্ন অন্য কিছু শিখিওনা, বা শিক্ষা দিওনা। কারণ ইলম ছাড়া জীবন ধারণ করা বড়ই অলসতা ও ধ্বংসাত্মক, (যাহাকে বিবেক সহ্য করিতে পারে না)।

৪। তোমার জন্য ইলমই একমাত্র দ্বীন এবং দুনিয়ার মধ্যে যথেষ্ট। কেননা ইলমে দ্বীনের দ্বারাই তোমার সমস্ত কাজ সৌন্দর্য্য লাভ করে।

শব্দার্থঃ ১। برتو - তোমার উপর। قطع ارض - জমীনে ভ্রমণ করা, সফর করা, পৃথিবী অতিক্রম করা।

২। برو - যাও তুমি। ইহা رفتن মাসদার থেকে امر এর ছিগা। دامن - হাতলী, জামার অংশ বিশেষ। گیر - ধারণ কর, ধর। استوار - মজবুত, শক্ত, দৃঢ়।

رساند - পৌছিয়ে দিবে। دار - ঘর, বাড়ী, গৃহ। قرار - শান্তি, আরাম, স্থিরতা। এখানে دار القرار বলিয়া বেহেশত উদ্দেশ্য।

৩। میاموز - শিখিওনা, ইহা آموختن - মাসদার থেকে نہی এর ছিগা।

جز - ব্যতিত, ছাড়া। گرعاقلي - যদি তুমি বুদ্ধিমান হও। بودن - হওয়া, থাকা। غافلی - অলসতা।

৪। ترا - তোমাকে। گیرد - হইবে, পরিণত হইবে। نظام - সৌন্দর্য্য, শৃংখলা, সাজানো।

درامتناع از صحبت جاهلان

মূর্খদের সংস্পর্শ থেকে নিজকে বিরত রাখা প্রসঙ্গে

دلاگر خرد مندی وهو شیار÷مکن صحبت جاهلان اختیار

(উচ্চারণ) দিলা গর খেরদমন্দী ওয়া হু'শিয়ার ÷ মকুন ছোহ্‌বতে জাহেলাঁ ইখ্‌তিয়ার

زجاهل گریزنده چون تیرباش÷نیامیخته چون شکر شیر باش

(উচ্চারণ) যে জাহেল গুরী'জিন্দা ছুঁ তী'র.বা'শ ÷ নয়ামী'খ্‌তা চুঁ শকর শী'রে বা'শ

ترا اژدهاگر بود یار غار÷ ازان به که جاهل بود غمگسار

(উচ্চারণ) তুরা আছ্‌দাহা গর বওয়াদ ইয়ারে গার ÷ আযাঁ বেহ্ কে জাহেল বওয়াদ গম্ গেছার

অনুবাদঃ ১। হে অন্তর! যদি তুমি বিবেকবান ও হুশিয়ার হও, তাহলে মুর্খদের সংস্পর্শ গ্রহণ করিও না।

২। মূর্খদের নিকট থেকে তুমি তীরের মত পলায়ন কর ও দুরে সরিয়া থাক, চিনি ও দুধের মত মিশ্রিত হইও না।

৩। যদি অজগর সাপ তোমার প্রকৃত সাথী হয়, তাহা হইলে ইহা অনেক উত্তম হইবে, একজন মূর্খ ব্যক্তি তোমার(দুঃখে দুঃখিত) খাটি বন্ধু হওয়ার চেয়ে। (অর্থাৎ মূর্খ বন্ধুর চেয়ে অজগর সাপ বন্ধু হওয়া অনেক উত্তম যেহেতু অজগর সাপ শরীরকে মারিয়া ফেলে আর মুর্খ ব্যক্তি রূহানী শক্তিকে মারিয়া ফেলে)।

শব্দার্থঃ امتناع - বিরত রাখা, বাধা দেওয়া, পরহেয করা। ইহা বাবে افتعال এর মাছদার। صحبت - সংস্পর্শ, বন্ধুত্ব স্থাপন করা, ভালবাসার বন্ধনে আবদ্ধ হওয়া। جاهلان - মূর্খ ব্যক্তিগণ, অজ্ঞ লোকেরা, বিদ্যাহীন মানুষের। একবচনে جاهل ।

১। خردمند - বুদ্ধিমান, বিবেকবান, বহুবচনে خردمندان । هوشيار - চালাক, চতুর। مكن - করিওনা, كردن মাছদার থেকে نهى এর ছিগা। اختيار -নির্বাচীত করা, গ্রহণ করা।

২। گريزنده - পলায়নকারী, দুরে অবস্থানকারী, ইহা گريختن মাছদার থেকে ছিগায়ে اسم فاعل । تير -তীর, ফলক। نياميخته -মিশ্রিত, মিলিত বস্তু, যাহা পরস্পর মিশিয়া গিয়াছে, ইহা آميختن মাছদার হইতে اسم مفعول منفى । شكر -চিনি। شير - দুগ্ধ।

৩। ترا -তোমার। اژدها -অজগর সাপ। يار -বন্ধু, প্রেমিক। غار -গর্ত, এখানে يارغار বলিয়া খাটি বন্ধু উদ্দেশ্য। به -উত্তম, উৎকৃষ্ট। غمگسار -আপন দুঃখে দুঃখিত বন্ধু।

اگرخصم جان توعاقل بود÷به ازدوستداری که جاهل بود

(উচ্চারণ) আগর খছমে জাঁনে' তু' আকেল বওয়াদ ÷ বেহ্ আয দো'ছ্ত দা'রী কে জাহেল বত্তয়াদ

چوں جاهل کسے درجهاں خوار نیست÷که ناداں ترازجاهلی کارنیست

(উচ্চারণ) চূঁ জাহেল কছে দর জাঁহা খা'র নী'ছ্ত ÷ কে না'দাঁ তর আয জা'হেলী কা'র নী'ছ্ত

زجاهل نیاید جزافعال بد÷وزو نشنودکس جزاقوال بد

(উচ্চারণ) যে জাহেল নয়ায়দ জুয্ আফ্আ'লে বদ ÷ অযু নশ্নওয়াদ কছ জুয্ আক্ওয়ালে বদ

سرانجام جاهل جهنم بود ÷که جاهل نکوعاقبت کم بود

(উচ্চারণ) ছরান্ জা'মে জাহেল জাহান্নাম বওয়াদ ÷ কে জাহেল নেকু' আ'কেবত্ কম্ বওয়াদ।

سرجاهلاں بر سردار به ÷که جاهل بخواری گرفتار به

(উচ্চারণ) ছরে' জা'হেলাঁ বর ছরে দার বেহ ÷ কে জাহেল বখা'রী গেরফ্তা'র বেহ্।

অনুবাদঃ ১। যদি কোন বুদ্ধিমান ব্যক্তি তোমার প্রাণের দুশমন হয়, তাহলে সে মুর্খ বন্ধুর চাইতে অনেক উত্তম।

২। মুর্খদের মত পৃথিবীতে লাঞ্ছিত ও অপদস্থ ব্যক্তি আর কেহ নাই, কেননা শয়তানী ও জাহেলী কাজ সম্পাদনকারীর চাইতে আর কোন মুর্খ ব্যক্তি থাকে না।

৩। মুর্খদের নিকট থেকে খারাপ কাজ ব্যতীত অন্যকিছু বাহির হয় না, অজ্ঞদের নিকট থেকে মন্দ কথা ব্যতীত অন্য কিছু শ্রবণ করিবে না।

৪। মুর্খদের শেষ পরিণতি হইল জাহান্নাম। কেননা মুর্খগণ ভাল পরিণতি ওয়ালা খুব কমই হয়।

৫। মুর্খদের মাথা ফাসেঁর (শুলী) মাথায় থাকা অনেক উত্তম, যেহেতু মুর্খব্যক্তি অবমাননার সাথে আবদ্ধ থাকাই ভাল।

শব্দার্থঃ ১। خصم -শক্র, দুশমন। جان - প্রাণ। عاقل -জ্ঞানী, বুদ্ধিমান, বিবেক সম্পন্ন ব্যক্তি, বহুবচনে عقلاء - دوستدار - বন্ধুত্বের বন্দ্বনে আবদ্ধ হওয়া।

২। چوں - মত, স্বরূপ। کسے - কোন মানুষ। جهان - পৃথিবী। خوار - বেইজ্জত, লাঞ্ছিত। نادان -মুর্খ, অজ্ঞ। تر - বেশী, প্রচুর। جاهلی کار -মুর্খকাজ, শয়তানী কাজ, ইহা اسم فاعل ترکیبی , সেই ব্যক্তি যাহার কাজ শয়তানের কাজের মত।

৩। ز - থেকে, হতে ইহা از এর সংক্ষিপ্ত করন। نیاید - আসে না, বাহির হয়না, ইহা آمدن মাছদার হতে مضارع এর ছিগা। بد - খারাপ, মন্দ। وزو - আর তাহার থেকে। نشنود - শুনিবে না, ইহা شنیدن মাছদার থেকে ছিগায়ে مضارع । کس - কোন ব্যক্তি। جز - ব্যতিত, ছাড়া। اقوال -কথা সমূহ এক বচনে قول ।

৪। سرانجام - শেষ পরিণতি, শেষ ফল, শেষ অবস্থা। نکو عاقبت -ভাল পরিণতি। ইহা اسم فاعل ترکیبی । کم - স্বল্প, কম।

৫। سر - মাথা। دار -শুলি, ফাঁস। گرفتار - বন্ধি হওয়া, আবদ্ধ থাকা।

زجاهل حذرکردن اولیٰ بود ÷کزو ننگ دنیاوعقبیٰ بود

(উচ্চারণ) যে জাহেল হাজর করদন আউলা বওয়াদ ÷ কযু নংগে দুন্‌য়া ওয়া উক্‌বা বওয়াদ

অনুবাদঃ ১। মুর্খদের থেকে বিরত (দুরে সরিয়া) থাকা অনেক উত্তম হইবে, কেননা, তাহার দরুণ দুনিয়া ও আখেরাতে লজ্জিত হইতে হয়।

শব্দার্থঃ ১। حذر - বিরত থাকা, পরহেয করা। اولی - উত্তম, উৎকৃষ্ট। ننگ - লজ্জা, শরম। عقبی - আখেরত, পরকাল।

در صفت عدل

সঠিক ইন্‌সাফ করার গুণাগুন সম্পর্কে।

چوں ایزدتراایں همه کام داد÷چرابر نیاری سرانجام داد

(উচ্চারণ) চুঁ ই'যদ তুরা ঈ হামা' কা'ম দা'দ্ ÷ ছেরা' বর নয়া'রী ছর আন্‌জা'মে দা'দ্

چوعدل ست پیرایه خسروی ÷ چراعدل رادل نداری قوی

(উচ্চারণ) চুঁ আদ্‌ল আছ্‌ত পীরায়ায়ে খচরওয়ী ÷ ছেরা আদ্‌ল রা দিল ন'দারী কওয়ী

ترا مملکت پائداری کند ÷اگرمعدلت دستیاری کند

(উচ্চারণ) তুরা মম্‌লকত্ পা'য়েদা'রী কুনদ ÷ আগর মা'দলত্ দছ্‌তিয়ারী কুনদ

অনুবাদঃ ১। আল্লাহ্ তা'লা যখনতোমাকে এই সকল উদ্দ্যেশ সমূহ (বাদশাহী) দান করিয়াছেন তবে তুমি ইনসাফের ফল কেন অর্জন করিতেছ না?

২। যখন ন্যায় নিষ্ঠা ও ইনসাফ বাদশাহীর সৌন্দর্য্য বর্ধক তাহলে ইন্‌সাফ করার জন্য সাহস করিতেছ না কেন?

৩। তোমার বাদশাহীকে চিরস্থায়ী করিয়া দিবে, যদি ইনসাফ তোমাকে সাহায্য সহযোগিতা করে।

শব্দার্থঃ ১। ایزد - খোদা তা'লা, আল্লাহ্ তা'লা। این همه - এই সব, এই সকল। کام - মকছুদ, উদ্দেশ্য। داد - দান করেছেন, ইহা دادن মাছদার থেকে واحد غائب এর ছিগা। چرا - কেন? برنیاری -হাসিল কর না, অর্জন কর না। سرانجام داد - ইনসাফের ফল।

২। پیرایه - সৌন্দর্য্য, চাকচিক্য। خسروی - বাদশাহী। را - জন্য। قوی - সাহস করা, হিম্মত করা।

৩। مملکت - বাদশাহী, پائداری সর্বদা, চির সময়। معدلت - ইনসাফ। دستیاری - সাহায্য-সহযোগিতা।

چونوشیرواں عدل کرداختیار ÷ کنون نام نیکست زویادگار

(উচ্চারণ) চূঁ নূশী'রওয়াঁ আদ্ল করদ্ ইখতিয়ার ÷ কনূ না'মে নে'কাছ্ত জু ইয়াদ গা'র

زتاثیر عدل ست آرام ملك ÷که ازعدل حاصل شود کام ملك

(উচ্চারণ জেতা'ছীরে আদ্ল আছ্ত আ'রামে মুল্ক ÷কে আয আদলে হা'ছেল শওয়াদ কা'মে মুল্ক

جهاں رابانصاف آباددار ÷ دل اهل انصاف راشاددار

(উচ্চারণ) জাহাঁ রা বইন্ছাফ আ'বা'দ দা'র ÷ দিলে আহলে ইনছাফ রা শা'দ দার।

جهاں را به ازعدل معمار نیست ÷که بالاتراز معدلت کارنیست

(উচ্চারণ) জাহাঁ রা বেহ্ আয্ আদলে মে'মার নী'ছ্ত÷ কে বালা তর আয মা'দলত কা'র নীছত।

অনুবাদঃ ১। নুশিরওয়ান বাদশাহ যখন ইনসাফ করা কে গ্রহণ করিয়াছিলেন, তাই এখনও পর্যন্ত তাহার সুনাম অবিস্মরণীয় ভাবে রহিয়া গিয়াছে।

২। ইনসাফের প্রভাবে বাদশাহী ও রাজ্যের প্রশান্তি লাভ হয়, কেননা ইনসাফের দরণ রাজত্বের উদ্দেশ্য হাসিল হয় অর্থাৎ রাজ্যের সমস্ত কাজ সুশৃংখল থাকে

৩। ইনসাফের দ্বারা পৃথিবীকে আবাদ বা টিকাইয়া রাখ, (যেহেতু ইনসাফের মধ্যে পৃথিবীর স্থায়ীত্ব রহিয়াছে।) আর ইনসাফ অন্বেষন কারী ব্যক্তিদের অন্তরকে খুশি ও শান্তিতে রাখ।

৪। পৃথিবীর জন্য ইসাফের চাইতে উত্তম আর কোন আবাদকারী বস্তু নাই, কেননা ইনসাফের চাইতে উত্তম আর কোন কাজ নাই।

শব্দার্থঃ ১। نوشیروان - একজন প্রসিদ্ধ নিষ্ঠাবান বাদশাহ্ এর নাম। کنون - এখনও পর্যন্ত, আজও। نام نیك - সুনাম, ভাল নাম। یادگار - অবিস্মরনীয়।

২। تاثیر - প্রভাব, প্রতিফল। آرام - প্রশান্তি, সৌন্দর্য্য। ملك - রাজ্য। حاصل - অর্জন হয়।

৩। بانصاف - ইনসাফের দ্বারা, সঠিক বিচারের দ্বারা। آباد - আবাদ রাখা, টিকাইয়া রাখা, স্থায়ী রাখা। اهل انصاف - ইনসাফ অন্বেষনকারী, বিচার প্রার্থী। شاد - খুশি, সন্তুষ্ট। دار - রাখ, ইহার মাছদার হইল داشتن ।

৪। به - উত্তম, ভাল, উৎকৃষ্ট। معمار - রাজ মেস্ত্রী, সংস্কারক, আবাদকারী। بالاتر - অনেক উত্তম, খুবই উন্নত। کار - কাজ।

ترازیں بآخرچه حاصل بود ÷ که نامت شهنشاه عادل بود

(উচ্চারণ) তুরা জীঁ ব আখের ছে হাছেল বওয়াদ ÷ কে না'মত্ শহিন্‌শাহে আ'দেল বওয়াদ

اگرخواهی از نیکبختی نشاں ÷ درظلم بندی براهل جهاں

(উচ্চারণ) আগর খাহী আয নেক বখতি নিশাঁ ÷ দরে জুলমে বন্দী বর আহলে জাঁহা

رعایت دریغ ازرعیت مدار÷مراد دل داد خواهان برآر

(উচ্চারণ) রেআয়াত দরী'গ আয রইয়্যত মদার ÷ মুরাদে দিলে দাদ খাহাঁ বর আর

অনুবাদঃ ১। ইহার চেয়ে উত্তম আর অন্য কি জিনিষ তোমার অর্জিত হইতে পারে যে, তোমার নাম ন্যায় বিচারক বাদশাহ হিসাবে প্রসিদ্ধ হইবে।

২। যদি নেক বখতীও সৌভাগ্যশালীর কোন নিদর্শন চাইতে চাও, তাহলে দুনিয়াবাসীদের উপর জুলুমের দরজা বন্ধ করিয়া দাও।

৩। প্রজাদের প্রতি লক্ষ্য রাখা ও দৃষ্টি দেওয়াকে তুমি কঠিন মনে করিও না, অসহায় মজলুমের প্রয়োজনাদী ও উদ্দেশ্য সমূহ পুরণ করিয়া দাও।

শব্দার্থঃ ৪। نامت - তোমার নাম। شهنشاه - বাদশাহের বাদশা, রাজার রাজা, রাজাধী রাজ ।

১। خواهی - যদি তুমি চাও, ইহা خواستن মাছদার হইতে واحد حاضر এর ছিগা। در - দরজা। ظلم - অত্যাচার, অবিচার। بندی - বন্ধ করিয়া দিবে। اهل جهان - পৃথিবীবাসী।

২। رعایت - লক্ষ্য রাখা, দৃষ্টি রাখা, হেফাজতে রাখা। دریغ - কঠিন, কষ্ট। رعیت - প্রজা। مدار - রাখিওনা, ইহা داشتن মাছদার থেকে نهی এর ছিগা। مراد -উদ্দেশ্য, মকসুদ। داد خواها ن - ইনসাফ প্রার্থী মুজলম ব্যক্তিগণ, অত্যাচারীত মানুষগণ। برآر - পুরন কর। ইহা برآوردن মাছদার থেকে امر এর ছিগা।

در مذمت ظلم

অত্যাচারের কুফল ও নিন্দা বর্ণনা প্রসঙ্গে

خرابی زبیدادبیند جهاں÷ چوبستان خرم زبادخزاں

(উচ্চারণ) খারাবী জেবী'দাদ বী'নদ জাহাঁ ÷ চু বুচ্‌তানে খুররম জে বা'দে খজাঁ

مده رخصت ظلم در هیچ حال÷که خورشید ملکت نیابد زوال

(উচ্চারণ) মদেহ রূখছতে জুল্‌ম দর হীছ্‌ হাল ÷ কে খুরশীদ মুলকত্‌ নয়াবদ জওয়াল

کسے کاتش ظلم زددر جهاں ÷برآوردازاهل عالم فغاں

(উচ্চারণ)কচে'কা'তিশে জুল্‌মে যদ দর জাঁহা - বর আ'ওরদ আয আহলে আ'লম পাঁগা

অনুবাদঃ ১। জুলুম অত্যাচার দ্বারা পৃথিবীতে ধ্বংস ও সোচনীয় অবস্থা সৃষ্টি হয়, যেমনিভাবে তরুতাজা ও সুজলা সুফলা বাগান শীতকালীন বাতাস প্রবাহের দরুণ উজাড় হইয়া যায়।

২। কোন অবস্থাতেই জুলুমকে সুযোগ দিও না, তাহা হইলে তোমার বাদশাহীর সূর্য্য স্তমিত হয়ে যাওয়াকে গ্রহণ করিবে না।

৩। যেই ব্যক্তি পৃথিবীতে জুলুমের আগুন জ্বালাইয়া দিবে, সে সমগ্র পৃথিবীবাসীর জন্য অনুশোচনার ফরিয়াদকে টানিয়া আনিবে, অর্থাৎ জগতবাসী ইহার কারণে ক্রন্দন ও বদদোয়া করিতে থাকিবে।

শব্দার্থঃ ১। خرابی - খারাপি, ধ্বংস, বিনষ্টতা। ز - থেকে, হতে, ইহা از এর مخفف বেদাد - জুলুম, অত্যাচার, অবিচার। بیند - দেখিবে। بستان - বাগান, বাগিচা। خرّم - তাজা,সজিব। باد - বাতাস, হাওয়া। خزان - শরৎকালীন, শীতকালীন মৌসুম।

২। مده - দিওনা, দিবে না, ইহা دادن মাছদার থেকে نهى এর ছিগা। رخصت - সুযোগ। هیچ - কোন। حال - সময়, অবস্থা। বহুবচনে احوال। خورشید - সূর্য্য। ملکت - তোমার রাজত্ব। زوال - অধঃপতন, বরবাদ হয়ে যাওয়া, পতন ঘটা।

৩। کس - কাহাকেও, কোন ব্যক্তি, যেই ব্যক্তি। آتش - আগুন। زد - জ্বালাইবে, প্রজ্জলিত করিবে। برآورد - নিয়া আসিবে, আনিবে। اهل عالم - জগতবাসী, পৃথিবীর অধিবাসী। فغان - ফরিয়াদ, কান্না কাটির আওয়াজ।

ستم کش گرآهے برآرد زدل ÷زند سوز او شعله در آب وگل

(উচ্চারণ)ছেতম কস্ গর আ'হে বর আ'রদ যেদিল ÷ জনদ ছু'য উ'শূলা দর আ'ব অগিল

مکن برضعیفاں بیچارہ زور÷بیند یش آخر زتنگے ء گور

(উচ্চারণ)মকুন বর জয়িপানে বে'চারা জোর ÷ বয়নদীশ আখের যে তন্গীয়ে গোর

بآزار مظلوم مائل مباش ÷زدود دل خلق غافل مباش

(উচ্চারণ) ব'আ'যারে মজলুমে মা'য়েল মবা'শ÷যে দূদে দিলে খল্কে গাফেল মবা'শ।

অনুবাদঃ ১। অত্যাচারিত মজলুম ব্যক্তি যদি অন্তর থেকে আহ্ শব্দ বাহির করে এবং ফরিয়াদ করে, তাহা হইলে উহার জ্বলন ক্রিয়ার অগ্নিস্ফুলিঙ্গ সারা জাহানকে ধ্বংস ও নষ্ট করিয়া দিবে।(সুতরাং মজলুমের আহ্ ও হায় হুতাশ থেকে বিরত থাকা দরকার।)

২। নিরাপরাধ, অসহায় দুর্বল ব্যক্তিদের উপর জুলুম করিও না, পরিশেষে কবরের সংকীর্নতাকে ভয় কর।

৩। মজলুম ব্যক্তিকে কষ্ট দেওয়ার প্রতি ঝুকিয়া পড়িওনা, খোদার সৃষ্টি কুলের অন্তরের আহজারির ধোয়ার ব্যপারে উদাসিন থাকি ও না ।

শব্দার্থ ঃ ১। ستم کش - অত্যাচারিত ব্যক্তি, মজলুম। گر - যদি, ইহা حرف شرط । آهے - আহ্ শব্দ করা। دل - অন্তর, দিল। زند - মারিয়া ফেলে, ধ্বংস করিয়া ফেলে। سوز - জ্বলন ক্রিয়া, প্রজ্জলিত হওয়া। او - উহার। شعله - অগ্নিচ্ছটা, অগ্নিস্পুলিংগ, আগুনের কণা। آب -আব। پানি। گِل- মাটি, এখানে آب وگل বলিয়া সারা পৃথিবী উদ্দেশ্য।

২। ضعیفاں - দুর্বল, অসহায়, এক বচনে ضعیف । بیچارہ - নিরাপরাধ, নিরাশ্রয় زور - জুলুম, অত্যাচার। بیندیش - ভয় কর, ইহা اندیشیدن মাছদার থেকে امر এর ছিগা। آخر - অবশেষে, পরিশেষে, শেষ পরিনতিতে। تنگی - সংকির্ণতা, সংকোচনতা। گور - কবর, সমাধি।

৩। آزار - কষ্ট ; দুঃখ । مائل - ধাবমান , ঝুকনে ওয়ালা, বর্ণিত আছে যে, اتقِ دعوة المظلوم فانّه ليس بينها وبين الله حجابٌ অর্থাৎ মজলুম ব্যক্তির আহ্জারী থেকে বিরত থাক, কেননা তাহার আহ্জারী ও আল্লাহ্ তা'আলার মধ্যে কোন অন্তরায় নাই। دود - ধোঁয়া । خلق - মখলুক, সৃষ্টিজীব। غافل - অলস, অন্যমনস্ক, উদাসিন।

مکن مردم آزاری اے تندرائے ÷ کہ ناگہ رسد برتو قہر خدائے

(উচ্চারণ) মকুন মরদুম আ'যারী আই তুন্দ রায় ÷ কে নাগাহ্ রছদ বর তু ক্বহরে খোদায়

ستم برضعیفان مسکین مکن ÷ کہ ظالم بدوزخ رود بے سخن

(উচ্চারণ) ছেতম বরজঈফানে মিছকিঁ মকুন ÷ কে জালেম বদোযখ রয়াদ বে চখূন

অনুবাদঃ ১। হে আহমক ও অজ্ঞ ব্যক্তি! মানুষকে কষ্ট দিও না, হয়ত হঠাৎ তোমার উপর আল্লাহ্‌র গজব আসিয়া পৌঁছিবে।

২। দুর্বল মিসকিনদের উপর জুলুম করিও না, কেননা কোন কথা ছাড়াই জালেম ও অত্যাচারী ব্যক্তি দোযখে চলিয়া যাইবে।

শব্দার্থঃ ১। اے - হে, ওহে। تندرائے - অজ্ঞ, মূর্খ ব্যক্তি। ناگہ - হঠাৎ করে, তৎক্ষনাত। رسد - পৌঁছিবে, ইহা رسیدن মাছদার থেকে مضارع এর ছিগা। برتو -তোমার উপর। قہر - গজব, আযাব, শাস্তি।

২। مسکین - অসহায়, দরিদ্র। دوزخ - জাহান্নাম, দোযখ। رود - চলিয়া যাইবে। بے سخن - কথা ছাড়াই। বর্ণিত আছে যে, الظالم میت ولو کان فی منازل الاحیاء অর্থাৎ জালিম ব্যক্তি জীবিতদের গৃহে থাকিলেও মৃতদের মধ্যে পরিগনিত।

در صفت قناعت

অল্প বস্তুতে সন্তুষ্ট থাকার গুণাগুণ সম্পর্কে

دلاگر قناعت بدست آوری ÷ دراقلیم راحت کنی سروری

(উচ্চারণ) দেলাগর কেনাআ'ত বদস্ত আ'ওয়ারী ÷ দর ইক্‌লীমে রাহাত কুনী ছরওয়ারী

অনুবাদঃ ১। হে অন্তর! যদি অল্পে তুষ্ট হওয়াকে তুমি হাতে নাও, অর্থাৎ অল্পে তুষ্ট হওয়াকে কবুল কর, তাহলে তুমি শান্তির রাজ্যে সরদারী করিতে পারিবে।

শব্দার্থঃ ১। قناعت - অল্প জিনিসে সন্তুষ্ট হওয়া, কথিত আছে যে, القناعة مفتاح الراحة - অর্থাৎ সল্প বস্তুতে তুষ্ট হওয়া শান্তির চাবিকাঠি। بدست - হাতে। آوری - নিবে, গ্রহণ করিবে। ইহা آوردن মাছদার থেকে مضارع এর واحد حاضر এর ছিগা। اقلیم - পৃথিবীর সাত অংশের এক অংশ, এখানে পৃথিবীর চার ভাগের একভাগ অর্থাৎ পুরা স্থলভাগ বা পৃথিবী উদ্দেশ্য। راحت - শান্তি, আরাম, খুশি, সুখ। سروری - সরদারী, নেতৃত্ব। বর্ণিত আছে যে, من لم یقنع لم یشبع অর্থাৎ যে অল্প বস্তুতে তুষ্ট হইবে না, সে পরিতৃপ্ত হইবে না।

اگرتنگدستی زسختی منال ÷که پیش خردمندهیچست مال

(উচ্চারণ) আগর তংগ দস্তী যেছখ্‌তী মনাল ÷ কে পে'শে খেরদ মন্দ হীছ্‌ আছ্‌তমাল

ندارد خرد مند ازفقرعار÷که باشد نبی را زفقر افتخار

(উচ্চারণ) নদারদ খেরদমন্দ আয ফক্বরে আ'র ÷ কে বাশদ নবী'রা যে ফক্বর ইফ্‌তেখার

غنی رازروسیم آرایش ست ÷ولیکن فقیراندرآسایش ست

(উচ্চারণ)গনীরা যরঅছীম আরায়েশ আছ্‌ত ÷ অলেকিন ফকির আন্দরা আছায়েশ আছ্‌ত

غنی گرنباشی مکن اضطراب÷که سلطان نخواهدخراج ازخراب

(উচ্চারণ) গনী গর নবাশী মকুন ইছতেরাব কে ছোলতান নখাহাদ খরা'জ আয খরাব

অনুবাদ ঃ ১। যদি তুমি শুন্য হাত হও, অভাবে থাক, তাহলে কষ্টের কারণে ক্রন্দন করিও না, যেহেতু বিবেকবানদের সামনে সম্পত্তি খুবই তুচ্ছ ও নগন্য বস্তু।

২। বুদ্ধিমান ব্যক্তিরা দরিদ্রতার কারণে লজ্জাবোধ করে না, যেহেতু দরিদ্রতা পয়গাম্বরের জন্য গৌরবের বস্তু ছিল।

৩। স্বর্ন ও রৌপ্য ধনীদের জন্য সৌন্দর্য্যের বস্তু, দরিদ্র ও ফকিরগণ শান্তিতে রহিয়াছে।

৪। তুমি যদি ধনী না হও তাহলে অস্থির হইও না, কারণ অরন্য ও অনাবাদী স্থান থেকে বাদশাহ্‌ টেক্স চায় না। (তেমনি তোমাকেও আল্লাহ্‌র কাছে মালের হিসাব দিতে হবে না)।

শব্দার্থঃ ১। تنگدستی - দরিদ্রতা, সংকীর্ণতা, সংকোচনতা। অভাবে পতিত হও তুমি এখানে ইহাই উদ্দেশ্য। سختی - কষ্ট, দুঃখ। منال - ক্রন্দন করিও না, ইহা نالیدن মাছদার থেকে نهی এর ছিগা। پیش - সামনে, আগে। هیچ - তুচ্ছ, স্বল্প।

২। عار - লজ্জিত, অবমানিত, লাঞ্ছিত। نبی - রসুল, পয়গাম্বর। বহুবচনে انبیاء। افتخار - অহংকার করা, গর্ব করা। فقر - দরিদ্রতা। বর্ণিত আছে হুজুর (সাঃ) এরশাদ ফরমাইয়াছেন, الفقر فخری - দরিদ্রতা আমার অহংকারের বস্তু।

৩। غنی - ধনী, ঐশ্বর্য্যশালী ব্যক্তি। বহুবচনে اغنیاء। زر - স্বর্ণ। سیم - রৌপ্য। آرایش - সৌন্দর্য্যময় বস্তু, চাকচিক্যময় বস্তু। آسایش - আরাম, শান্তি, সুখ।

৪। اضطراب - অস্থির, ব্যাকুল, ইহা বাবে افتعال এর মাছদার। سلطان - বাদশাহ্‌, রাজা, বহুবচনে سلاطین। نخواهد - চায়না, ইহা خواستن মাছদার থেকে مضارع منفی এর ছিগা। خراج - টেক্স, খাজানা। خراب - অরণ্য।

قناعت بهرحال اولی ترست ÷ قناعت کندهرکه نیك اختراست

(উচ্চারণ) কানাআত বাহারহাল আউলা তর আস্ত ÷ কানা'আত কুনদ হার কে নেক আখ্‌তর আস্ত

زنور قناعت برافروزجان ÷ اگرخواهی ازنیکبختے نشان

(উচ্চারণ) যে নূরে ক্বানা'আত বর আফ্‌রোযে জা ÷ আগর খাহী আয নেক বখ্‌তে নিশাঁ

অনুবাদঃ ১। সব সময় অল্পে তুষ্ট থাকাই সবচেয়ে উত্তম কাজ, প্রত্যেক নেক্‌কার ব্যক্তিই অল্পে তুষ্ট থাকাকে গ্রহণ করেন।

২। স্বল্পে তুষ্ট থাকার আলো দ্বারা তুমি তোমার প্রাণকে আলোকিত কর, যদি তুমি নেক বখতির আলামত রাখতে চাও। অর্থাৎ অল্পে তুষ্ট হওয়ার দরুণ ক্বলবে নূর আসে।

শব্দার্থ ঃ ১। اولی - উত্তম, শ্রেয়, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। تر - অত্যন্ত, খুবই, বেশী। اختر - তারকা, এখানে উদ্দেশ্য হইল বখত্‌, ভাগ্য, ললাট। نیك اختر - সৌভাগ্যশালী।

২। برافروز - উজ্জ্বল কর, আলোকিত কর। ইহা افروختن মাছদার থেকে ছিগায়ে امر

درمذمت حرص

লোভ-লালসার নিন্দা বর্ণনা সম্পর্কে

ایامبتلاگشته دردام حرص ÷ شده مست ولایعقل ازجام حرص

(উচ্চারণ) আয়া মুব্‌তলা গশ্‌তাহ্‌দর দামে হেরচ ÷ শুধাহ্‌ মস্থত অলাইয়াক্বেল'আয জামে হেরচ

অনুবাদঃ ১। হে ঐ ব্যক্তি যিনি লোভের ফান্দেঁ (বেষ্টনে) লিপ্ত হইয়া গিয়াছ এবং লোভের পাত্রের শরাব পানে পাগল ও বিবেকহীনের মত হইয়া গিয়াছ।

শব্দার্থঃ ১। ایا - ওহে, হে। مبتلا - লিপ্ত, পতিত, মশগুল। گشته - হইয়া গিয়াছ। دام - জাল, ফান্দাঁ। حرص - লোভ, লালসা, বর্ণিত আছে- الحرص مفتاح الذل । مست - পাগল, মাতাল। لایعقل - যিনি বিবেক শূন্য, যার বুদ্ধি নাই, ইহা العقل মাছদার থেকে مضارع منفی এর واحد غائب এর ছিগা। جام - পাত্র, বাসন, প্লেইট।

مکن عمر ضائع به تحصیل مال ÷ که هم نرخ گوهر نباشد سفال

(উচ্চারণ) মকুন উমর জা'য়ে ব তাহ্ছিলে মা'ল ÷ কে হাম নর্খে গৌহার নবা'শদ ছেপা'ল

هرآن کس که در بند حرص اوفتاد÷ دهد خرمن زندگانی بباد

(উচ্চারণ) হার আঁ কছ কে দর বন্দে হেরচ্ উ'পতাদ ÷ দেহদ খেরমনে জিন্দেগানী' ববা'দ

گرفتم که اموال قاروں تراست ÷ همه نعمت ربع مسکوں تراست

(উচ্চারণ) গেরফ্তম্ কে আম্ওয়ালে ক্বা'রুঁ তুর আছ্ত হামা' নে'মতে রুব্য়ে মছ্কূঁ তুরাছ্ত।

بخواهی شدآخر گرفتارخاك ÷ چوں بیچار گاں بادل دردناك

(উচ্চারণ) বাখাহী শুধ আ'খের গেরফ্তারে খাক ÷ চুঁ বে' চা'রগাঁ বা' দিলে দর্দ না'ক।

অনুবাদ ঃ ১। জীবনকে ধন সম্পদ অর্জনের চিন্তায় বরবাদ করিয়া দিও না, কারণ (জীবন হইল মনি মুক্তার মত, আর মাল হইল মাটির বাসনের মত) মাটির বাসন মুক্তার মত দামী নহে।

২। যেই ব্যক্তি লালসার চিন্তা ও ফান্দে পড়িয়াছে, সে নিজ জীবনের সঞ্চিত স্তুপকে নষ্ট করিয়া দিতেছে।

৩। আমি মানিয়া লইলাম বা ইহা মনে করিলাম যে কারুনের সমস্ত সম্পত্তি তোমার অধীনে আসিয়াছে, সমস্ত পৃথিবীর মাল ও ধন সম্পদ তোমার অর্জিত হইয়াছে।

৪। (তবুও) অবশেষে তুমি মাটির থাপড়ে পড়িয়া যাইবে ব্যথিত অন্তর নিয়ে দুর্বল ও অক্ষম ব্যক্তির মত হইয়া।

শব্দার্থঃ ضائع - বিনষ্ট, বরবাদ, ধ্বংস, নষ্ট। تحصیل - অর্জন করা, সঞ্চয় করা, যোগাড় করা। نرخ - দাম, দর, মূল্য। هم نرخ- বরাবর, সমান। نباشد - নহে, হইবে না। گوهر। মনি-মুক্তা, মুল্যবান বস্তু। سفال - মাটির পাত্র, চাঁর-টিকরী।

২। هرآنکس - প্রত্যেক ঐ ব্যক্তি। بند - ফাঁন্দ, জাল, বেড়ী। اوفتاد - পড়িয়া গিয়াছে, ইহা اوفتادن মাছদার থেকে ماضی এর ছিগা। خرمن - স্তুপ, টাল। بباد - নষ্ট, বরবাদ, ধ্বংশ।

৩। گرفتم - মনে করিলাম, ধরিয়া নিলাম, মাছদার گرفتن । تراست - তোমার জন্য। همه - সকল, সমস্ত। نعمت অনুগ্রহ, দয়া, আল্লাহ্‌র দান। ربع مسکون - এক চতুর্থাংশ পৃথিবী, এখানে সারা দুনিয়া উদ্দেশ্য।

৪। گرفتار - কবলে, থাপড়ে। خاك - মাটি। بیچارگان - দুর্বল ব্যক্তি, অসহায় ব্যক্তিগণ। دردناك - ব্যাথিত ব্যক্তি, দুখি জন।

چرامی گدازی زسودا ےزر÷ چرامی کشی بار محنت چوخر
(উচ্চারণ) ছেরামী' গুদাযী যে ছৌদা'য়ে যর ÷ ছেরা'মী কশী' বা'রে মেহ্‌নত ছুঁ খর।

چرامی کشی محنت ازبهر مال ÷ که خواهد شدین ناگهاں پائمال
(উচ্চারণ)ছেরা মী কশী' মেহ্‌নত আয বাহরে মাল ÷ কে খা'হাদ শুদ ঈঁ না'গাঁহা পা'য়েমাল

چنان دادهٔ دل به نقش درم ÷که هستی زذوقش ندیم ندم
(উচ্চারণ) চুঁনা দাদায়ী দিল্‌ বনক্‌শে দরম ÷ কে হাস্তী যে জওক্বশ নদীই'মে নদম।

چنان عاشق روئے زرگشتهٔ ÷ که شوریده احوال وسرگشتهٔ
(উচ্চারণ) চুঁনা আ'শেক্বে রো'য়ে যর গশ্‌তায়ী ÷ কে শু'রিদাহ আহ্‌ওয়াল অ ছর গশ্‌তায়ী।

অনুবাদ ঃ ১। কেন তুমি স্বর্ণ ও ধন সম্পদের মোহ ও মোহাব্বতে গলিয়া যাইতেছ? গাধার মত কষ্টের বোঝা কেন তুমি বহন করিতেছ?

২। সম্পদের জন্য তুমি দুঃখ কষ্ট ভোগ করিতেছ কেন? অথচ হঠাৎ ঐ ধন-সম্পদ ধ্বংস হইয়া যাইতে পারে।

৩। তুমি টাকা পয়সার আকৃতি ও ছুরতের উপর এমন ভাবে অন্তর দান করিয়াছ ও আশেক্ব হইয়াছ যে, উহার স্বাদ-মজা উপভোগের দরুণ লজ্জার বন্ধুতে পরিণত হইয়াছ।

৪। তুমি সোনার চেহারা-ছুরতের উপর এমন প্রেমিক হইয়াছ যে, একেবারেই পাগলের মত এলোমেলো অবস্থা ও চিন্তা যুক্ত হইয়া গিয়াছ।

শব্দার্থ ঃ ১। چرا - কেন? কি জন্য, কি কারণে। می گدازی - তুমি গলিয়া যাইতেছ, মোমের মত আস্তে আস্তে সরিয়া যাইতেছে। ইহা گداختن মাছদারের حال এর ছিগা। ز - জন্য, দরুন, অর্থাৎ واسطے، برائے । سودائے - প্রেম, ভালবাসা, পাগলামী। زر - স্বর্ণ, সোনা। می کشی - বহন করিতেছ, টানিতেছ, হাকাইয়া নিতেছ, ইহা کشیدن মাছদার থেকে حال এর ছিগা। بار - বোঝা, বারি জিনিষ। محنت - কষ্ট, দুঃখ। خر - গাধা।

২। ازبهر - জন্য, দরুন, কারণে। خواهد شدن - হইয়া যাইবে। نگهان - হঠাৎ, তৎক্ষনাৎ। پائمال - ধ্বংশ, বরবাদ, মাটির সহিত মিশিয়া পায়ের নীচে হইয়া যাওয়া।

৩। چنان - এই ভাবে, এমন ভাবে। دادهٔ دل - অন্তর দিতেছে তুমি, প্রেমিক হইয়াছ তুমি। نقش - ছুরৎ, আকৃতি। درم - টাকা-পয়সা। که - যে। هستی - হইয়াছ তুমি, ইহা هستن মাছদার হইতে ماضی এর واحد حاضر এর ছিগা। ذوق - স্বাদ, মজা, প্রেম। ندیم - বন্ধু, সংগী। ندم - লজ্জা, শরম।

৪। عاشق - প্রেমিক, বন্ধু। روئے - চেহারা। شوریده احوال - পাগল, এলোমেলো অবস্থা সম্পন্ন ব্যক্তি। বিক্ষিপ্ত অবস্থার অধিকারী। سرگشتهٔ - হায়রান হইয়াছ, চিন্তা যুক্ত হইয়াছ। খুবই মাথা ঘাটাইতেছ।

چناں گشتۂ صید بهر شکار ÷ کہ یادت نیاید زروز شمار

(উচ্চারণ) চুঁনা গশতায়ী ছাঈ'দ বাহ্‌রে শিকা'র ÷ কে ইয়া'দত নয়া'য়দ যে রো'যে শুমার।

مبادادل آں فرومایہ شاد ÷کہ ازبہر دنیا دھد دیں بباد

(উচ্চারণ) মবা'দা' দিলে আঁপেরু' মা'য়া শা'দ ÷ কে আয বাহ্‌রে দুনয়া দেহদ দীঁ ববা'দ।

অনুবাদঃ ১। তুমি শিকারের জন্য এমন শিকারীতে পরিণত হইয়াছ, যে কখনো কিয়ামতের দিনের অবস্থা তোমার স্মরণ হইতেছে না। অর্থাৎ পরকালের কথা ভুলে সম্পদ অর্জনের চিন্তায় মশগুল হইয়া পাগল সাজিয়াছ।

২। ঐ কমিনা-অসভ্য ব্যক্তির অন্তর যেন সন্তুষ্ট না হয়, যেই দুনিয়ার জন্য দ্বীনকে বরবাদ ও ধ্বংস করিয়া দেয়।

শব্দার্থ ঃ ১। صید - শিকারী, যে শিকার করে। ইহা মাছদারের অর্থেও ব্যবহার হয় অর্থাৎ শিকার করা। এখানে উদ্দেশ্য শিকারী ব্যক্তি। شکار - শিকারী জন্তু। یادت - তোমার স্মরণ, ইয়াদ, খেয়াল। نیاید - আসে না, ইহা آمدن মাছদার থেকে مضارع منفی এর ছিগা। روز شمار - আখেরত, কিয়ামতের দিন।

২। مبادا - না হয়, ইহা বদ্‌দোয়ার বাক্য। آں - সেই, ঐ। فرومایہ - কৃপণ ব্যক্তি, অসভ্য ব্যক্তি। شاد - খুশি, আনন্দ, সন্তুষ্ট।

در صفت طاعت وعبادت

ইবাদত বন্দেগীর গুণাগুণ সম্পর্কে

کسے راکہ اقبال باشد غلام ÷بود میل خاطر بطاعت مدام

(উচ্চারণ) কছে'রা কে ইক্‌বাল অ বা'শদ গোলাম ÷ বওয়াদ মাইলে খা'তের বতা'আত মদা'ম।

অনুবাদঃ ১। যেই ব্যক্তির জন্য উন্নতি ও সৌভাগ্য গোলামে পরিণত হইয়াছে, তাহার আন্তরিক ঝুক সর্বদা ইবাদতের প্রতি হওয়া চায়। (অর্থাৎ যাহার ধ্যান সর্বদা ইবাদতের প্রতি থাকিবে সে উন্নতি সাধন করিতে পারিবে।)

শব্দার্থ ঃ ১। طاعت - অনুসরণ করা, হুকুম মানিয়া চলা, আদেশ পালন করা। عبادت - উপাসনা করা, বন্দেগী করা, ইবাদত করা, প্রার্থনা করা। اقبال - উন্নতি, অগ্রগতি, উচ্চতা। غلام - দাস, বহুবচনে غلمان، اغلمة। میل - ঝুক, আকাংখা। مدام - সব সময়, সদা-সর্বদা।

نشاید سراز بندگی تافتن ÷که دولت بطاعت توان یافتن

(উচ্চারণ) নশা'য়দ ছর আয বন্দেগী' তা'ফ্‌তন ÷ কে দৌলত্ বতা'আত্ তওঁয়া ইয়াফ্‌তন্।

سعادت زطاعت میسر شود ÷دل ازنورطاعت منورشود

(উচ্চারণ) ছাআ'দত যেতা'আত্ মুয়চ্ছর শওয়াদ ÷ দিল আয নূরে তাআত্ মুনওউর শওয়াদ।

اگربندی ازبهرطاعت میاں ÷کشاید دردولت جاوداں

(উচ্চারণ) আগর বন্দী আজ বাহরে তা'আত মিয়াঁ ÷ কুশায়দ দরে দৌলতে জাওয়েদাঁ।

زطاعت نه پیچد خردمند سر÷که بالا ی طاعت نباشد هنر

(উচ্চারণ) যে তা'আত্ নপী'চদ খেরদমন্দ ছর ÷ কে বা'লায়ে তা'আত্ ন বা'শদ হুনর।

অনুবাদঃ ১। আল্লাহ্‌র ইবাদত থেকে মস্তক ফিরানো অনুচিত। এজন্যই যে, দৌলত বা উভয় জগতের মঙ্গল ইবাদতের দ্বারাই অর্জন হইয়া থাকে।

২। সৌভাগ্য ইবাদত ও বন্দেগীর দ্বারাই হাসিল হয়, অন্তর একমাত্র ইবাদতের আলো দ্বারাই আলোকিত হইয়া থাকে।

৩। যদি তুমি ইবাদত বন্দেগীর জন্য কোমর বাধিয়া নাও, তাহা হইলে চিরস্থায়ী মাল দৌলতের দরজা তোমার জন্য খুলিয়া যাইবে।

৪। বুদ্ধিমান ব্যক্তিরা আল্লাহ্‌র ইবাদত বন্দেগী থেকে মস্তক ফিরাইয়া রাখে না, কেননা বন্দেগীর চেয়ে উত্তম অন্য কোন বুদ্ধিমত্ত্বা নাই।

শব্দার্থঃ ১। نشاید - উচিত নহে, শোভা পায় না, অনুচিত। ইহা شائستن মাছদার থেকে مضارع منفی এর ছিগা। بندگی - ইবাদত, উপাসনা। تافتن - ফিরানো, ফিরাইয়া নেওয়া। دولت - সম্পত্তি, ধন। یافتن - পাওয়া, অর্জন হওয়া।

২। سعادت - সৌভাগ্য, নেকবখ্‌তী। میسر - সুযোগ, সুবন্দোবস্ত। نور - আলো, বহুবচনে انوار। منوّر - আলোকিত, উজ্জল, تنویر মাছদার হতে اسم مفعول এর ছিগা।

৩। بندی - বাধিবে তুমি। میان - কোমর। کشاید - খুলিয়া যাইবে। در - দরজা, দ্বার। جاودان - চিরস্থায়ী, সর্বদা, সর্বক্ষণ।

৪। پیچد - মোড়িয়া নেয়, ফিরাইয়া লয়। ইহা پیچیدن - মাছদার থেকে مضارع এর ছিগা। بالا - উঁচু, উচ্চ, উত্তম। هنر - বুদ্ধি, আকল, বিবেক।

باب عبادت وضوتازه دار ÷که فردازآتش شوی رستگار

(উচ্চারণ) ব আ'বে ইবা'দত ওজু' তা'জাহ দার ÷কে ফরদা' যে আ'তিশ শওয়ী' রুস্তগার।

نمازازسر صدق برپاےدار÷که حاصل کنی دولت پائدار

(উচ্চারণ) নামা'জ আজ ছরে' ছিদ্‌কে বর পা'য়েদার ÷ কে হা'ছেল কুনী দৌ'লতে পায়ে'দার।

زطاعت بودروشنائی جاں÷که روشن زخورشید باشد جہاں

(উচ্চারণ) যে তা'আত্ বওয়াদ রু'শনায়ীয়ে জাঁ ÷ কে রৌশন যে খোরশী'দ বা'শদ জাঁহা।

پرستندۂ آفرینندہ باش ÷درایوان طاعت نشینندہ باش

(উচ্চারণ) পুরিস্তিন্দায়ে আ'পরীনিন্দা বা'শ ÷ দর আইওয়ানে তা' আত্ নশী'নিন্দা বা'শ।

অনুবাদঃ ১। বন্দেগীর পানি দ্বারা সর্বদা ওজুকে তরু তাজা রাখ, তাহলে আগামীকাল অর্থাৎ কিয়ামতের দিন দোযখ থেকে রেহাই পাইবে।

২। সর্বদা নামাজকে খালেছ নিয়তে ক্বায়েম রাখ, তাহলে চিরস্থায়ী দৌলত তুমি অর্জন করিতে পারিবে।

৩। ইবাদত দ্বারা অন্তর আলোকময় হয়, যেমনি ভাবে সুর্যের দ্বারা পৃথিবী আলোকিত হয়।

৪। সৃষ্টিকর্তার ইবাদত গুজার ও উপাসনাকারী হইয়া যাও, বন্দেগীর বালাখানাতে (দালানে) উপবেশনকারী হইয়া যাও।

শব্দার্থঃ ১। باب عبادت - ইবাদতের পানি, অর্থাৎ ইবাদত। تازه دار - তাজা রাখ, সঞ্জিবিত রাখ। অর্থাৎ সর্বদা ইবাদত কর। فردا - আগামীকাল, এখানে কিয়ামতের দিন উদ্দেশ্য। آتش আগুন। رستگار - রেহাই, পরিত্রাণ, নাজাত, উদ্ধার।

২। صدق - খাটি নিয়ত, খালেছ নিয়ত। سر - মাথা, এখানে অর্থ হইল খেয়াল। برپائے - ক্বায়েম, টিকিয়া। دار রাখ, ইহা داشتن মাছদা থেকে امر এর ছিগা। دولت پائیدار - ইহা مرکب توصیفی স্থায়ী সম্পদ। এখানে বেহেশত ও দীদারে এলাহী উদ্দেশ্য।

৩। روشنائی - আলো, নূর। خورشید - সূর্য্য। جهان - পৃথিবী, দুনিয়া।

৪। پرستنده - ইবাদতকারী, ইহা پرستیدن মাছদার থেকে اسم فاعل। آفریننده - সৃষ্টি কর্তা, ইহা آفریدن মাছদার থেকে اسم فاعل। ایوان - দালান, বিল্ডিং, প্রসাদ। نشیننده - উপবেশনকারী, ইহা نشستن মাছদার থেকে اسم فاعل এর ছিগা।

اگر حق پرستی کنی اختیار ÷دراقلیم دولت شوی شهریار

(উচ্চারণ) আগর হক পুরস্তী কুনী ইখতিয়ার÷ দর ইক্‌লিমে দৌলত শওয়ী শহর ইয়ার।

سرازجیب پرهیزگاری برآر÷که جنت بود جاے پرهیزگار

(উচ্চারণ) ছর আয জে'বে পরহেজগারী বর আ'র ÷ কে জন্নত বওয়াদ জা'য়ে পরহেযগা'র।

زتقوٰی چراغ رواں برفروز÷که چوں نیکبختاں شوی نیکروز

(উচ্চারণ) যে তাক্‌ওয়া চেরাগে রওয়াঁ বর ফরুজ ÷ কে ছুঁ নেক্ বখ্‌তাঁ শওয়ী নেক রো'য।

کسےراکه از شرع باشد شعار ÷نترسد زآسیب روزشمار

(উচ্চারণ) কছে'রা কে আয শরয়ে বাশদ শেআ'র ÷ নতরছদ যে আছীবে রোজে শুমার।

অনুবাদঃ ১। যদি তুমি আল্লাহর ইবাদত করাকে গ্রহণ কর, তাহলে পৃথিবীতে তুমি ধন দৌলতের বাদশা হইয়া যাইবে।

২। মাথাকে তুমি পরহেজগারীর পকেট থেকে বাহির কর। অর্থাৎ পরহেজগার হইয়া যাও। কেননা বেহেশত পরহেজগারদেরই স্থান।

৩। (যদি) পরহেজগারীর দ্বারা অন্তরের (চেরাগ) বাতি আলোকিত কর, তাহলে তুমি নেককারদের মত সৌভাগ্যশালী হইয়া যাইবে।

৪। যেই ব্যক্তির পোষাক পরিচ্ছদ শরীয়ত এর পক্ষে থেকে হইবে, সে কিয়ামতের দিনের দুঃখকে ভয় করিবে না। অর্থাৎ যিনি শরীয়তের পোষাক পরিবে মানে শরীয়াতকে মজবুত ভাবে ধারণ করিবে সে কিয়ামতে কঠিন আযাব থেকে রক্ষা পাইবে।

শব্দার্থঃ ১। حق برستی - আল্লাহ্‌র ইবাদত, উপাসনা, বন্দেগী, এখানে ی হইল مصدری অর্থাৎ আল্লাহ্‌র উপাসনা করা। شهريار - বড় বাদশা, রাজা। اقليم - পৃথিবী, দুনিয়া।

২। جیب - পকেট, এখানে گر یبان উদ্দেশ্য। برآر - বাহির কর ইহা برآردن - মাছদার থেকে امر এর ছিগা। جائے - জায়গা, স্থান, ঠিকানা।

৩। چراغ - বাতি, চেরাগ। روان - রূহ, অন্তর, কল্‌ব। برفروز - আলোকিত কর, ইহা فروختن মাছদার হইতে امر এর ছিগা। نیک روز - ইহা اسم فاعل ترکیبی অর্থাৎ দ্বীন ওয়ালা, এখানে ভাল ও উত্তম তথা সৌভাগ্যবান মানুষ উদ্দেশ্য।

৪। شرع - পথ, নিয়ম, নীতিমালা, শরীয়ত। شعار - পোষাক, লেবাছ, ঐ কাপড় যাহা শরীরের সহিত লাগিয়া থাকে। نترسد - ভয় করে না, ইহা ترسیدن মাছদার থেকে مضارع منفی এর ছিগা। آسیب -'ভয়, দুঃখ, কষ্ট, আশংকা। روز شمار - কিয়ামত দিবস।

در مذمت شیطان

শয়তানের অপকারীতা ও খারাপী সম্পর্কে

دلا هر که محکوم شیطاں بود÷شب وروز دربند عصیاں بود

(উচ্চারণ) দিলা হার কে মাহ্কু'মে শয়তাঁ বওয়াদ ÷ শব অ রোজ দর বন্দে ইচ্য়াঁ বওয়াদ

کسے راکه شیطاں بود پیشوا ÷کجا بازگردد براه خدا

(উচ্চারণ) কছে রা কে শয়তাঁ বওয়াদ পে'শওয়াঁ ÷ কুজা' বা'য গর্দদ্ বরাহে খোদা

دلاعزم عصیاں مکن زینهار÷که رحمت کند برتو پروردگار

(উচ্চারণ) দিলা আজমে ইচ্য়াঁ মকুন জী'নাহার ÷কে রাহমত কুনদ বর তু পরওয়ার দেগার

زعصیان کند هو شمنداحتراز ÷ که ازآب باشد شکرراگداز

(উচ্চারণ) যে ইচঁয়া কুনদ হো'শমন্দ এহ্তেরাজ ÷ কে আয আ'বে বাশদ শকর রা গুদাজ

অনুবাদঃ ১। হে অন্তর! যেই ব্যক্তি শয়তানের অনুসারী হইবে। সে রাত দিন আল্লাহর নাফরমানির চিন্তায় আবদ্ধ থাকিবে।

২। শয়তান যেই ব্যক্তির ইমাম ও নেতা হইবে। সে খোদার পথের দিকে কখন ফিরিবে? বা প্রত্যাবর্তন করিবে?

৩। সাবধান! হে অন্তর কখন ও খোদার নাফরমানির ইচ্ছা করিওনা। তাহলে মহান প্রতিপালক তোমার উপর রাহমত করিবেন।

৪। বুদ্ধিমান ব্যক্তিরা খোদার নাফরমানি থেকে বিরত থাকেন, কারণ পানির দ্বারা চিনি গলিয়া যায়। তেমনিভাবে আল্লাহর নাফরমানি দ্বারা মানুষ বরবাদ হইয়া যায়।

শব্দার্থ ঃ ১। محکوم - অনুসারী, ইহা الحکم মাছদার থেকে اسم مفعول এর ছিগা। بند - আবদ্ধ, ফান্দাঁ। عصیاں - অবাধ্যতা, নাফরমানী, খোদাদ্রোহীতা।

২। پیشوا - নেতা, ইমাম, সরদার। کجا - কবে, কখন? باز گردد - ফিরিয়া যাইবে, প্রত্যাবর্তন করিবে। براه خدا - আল্লাহর রাস্তার দিকে, খোদার পথের দিকে।

৩। عزم - খেয়াল, ধ্যান, চিন্তা, গবেষনা। زینهار - কখনও, কোন সময়। پروردگار - পালনকর্তা, ইহা پروردن মাছদার থেকে اسم فاعل এর ছিগা।

৪। احتراز - বিরত থাকা, বাচিয়া থাকা, ইহা বাবে افتعال এর মাছদার। آب - পানি, জল। شکر - চিনি। گداز -গলিয়া যাওয়া, ইহা گداختن মাছদার থেকে اسم فعل এর ছিগা।

کند نیك بخت ازگنه اجتناب ÷ که پنهان شود نور مهرازسحاب

(উচ্চারণ) কুনদ নে'ক বখ্ত আয গুনাহ ইজতেনাব্ ÷ কে পিন্হাঁ শওয়াদ নূরে মাহর আয ছেহার

مکن نفس اماره راپیروی ÷که ناگه گرفتاردوزخ شوی

(উচ্চারণ) মকুন নফ্‌ছ আম্মারা রা পয়রবী ÷ কে না'গাহ্ গেরেফ্তারে দো'যখ শওয়ী

اگر برنه تابدزعصیاں دلت ÷بوداسفل السافلیں منزلت

(উচ্চারন) আগর রব নতা'বদ যে ইচ্‌য়াঁ দিলত্ - বওয়াদ আছ্‌ফলু চ্‌ছাফেলীঁ মন্‌জিলত

مکن خانۂ زند گانی خراب ÷ بسیلاب فعل بدوناصواب

(উচ্চারন) মকুন খা'নায়ে জিন্দেগা নী খারাব ÷ ব ছাইলাবে ফে'লে বদ অ না ছওয়াব

اگردورباشی زفسق و فـجـور÷نباشی زگلزارفردوس دور

(উচ্চারন) আগর দূর বাশী যে ফিছ্‌ক অ ফুজুর ÷ নবাশী যে গুলজারে ফেরদাউছ দূর

অনুবাদঃ ১। নেক্‌কার ও পুণ্যবান লোকেরা গুনাহ থেকে বিরত থাকেন, কেননা মেঘের দরুন সূর্য্যের কিরণ গোপন হইয়া যায়। (অনুরূপ গুনাহের দ্বারা ঈমানের আলো অন্ধকার হইয়া যায়।)

২। তুমি নফ্‌স আম্মারার অনুসরণ করিও না, কেননা যদি কর তাহলে হঠাৎ দোযখের কবলে পড়িয়া যাইবে।

৩। যদি তোমার অন্তর আল্লাহর নাফরমানি থেকে ফিরিয়া না আসে, তাহলে জাহান্নামের সব চাইতে নিচে তোমার স্থান হইবে।

৪। নিজের জীবনের গৃহকে ধ্বংস করিও না গুনাহের কাজ ও অনুপযুক্তকর্মের বর্ষার স্রোতের দ্বারা, অর্থাৎ গুনাহের কাজ করিওনা জীবন ধ্বংশ হইয়া যাইবে।

৫। যদি তুমি নাফরমানী ও গুনাহের কাজ থেকে দুরে সরিয়া থাক, তাহলে বেহেশতের বাগান থেকে তুমি দুরে থাকিবে না।

শব্দার্থঃ ১। اجتناب - পরহেজ করা, বিরত থাকা, দুরে সরিয়া থাকা। ইহা বাবে افتعال এর মাছদার। پنهان -গোপন হওয়া, লুকিয়ে যাওয়া, অদৃশ্য হওয়া। مهر - সূর্য্য, বেলা। سحاب - মেঘমালা।

২। پیروی - অনুসরণ, অনুকরণ। نفس اماره - অবাধ্য নফস, যে বারংবার আল্লাহর নাফরমানীর দিকে আদেশ করে। ناگه - হঠাৎ। گرفتار - কবলে, ছোবলে।

৩। برنه تابد - ফিরিয়া না যাইবে, প্রত্যাবর্তন না করিবে। ইহা تافتن মাছদার থেকে مضارع منفی এর ছিগা, بر অতিরিক্ত। اسفل السافلین - দোযখের সবচেয়ে নিচের স্থান। منزل - অবতরণের স্থান, জায়গা, ঘর।

৪। خانه - ঘর, গৃহ। زندگانی - জীবন। خراب - ধ্বংস। سیلاب - বর্ষার স্রোত, বন্যার স্রোত।

৫। فسق - নাফরমানী কাজ, গুনাহের কাজ। فجور - অপকাজ, পাপ কাজ, অসৎ কাজ। گلزار - ফুলের বাগান, ফুলের বাগিচা। فردوس - জান্নাত, বেহেশত।

دربيان شراب عشق

প্রেম বা এশকের শরাবের বর্ণনায়

بده ساقيا آب آتش لباس÷كه مستى كنداهل دل التماس

(উচ্চারন) বেদেহ্ ছাকিয়া আ'বে আ'তিশ লেবাছ কে মছ্তী কুনদ আহ্‌লে দিল এলতেমাছ

مئى لعل درساغر زرنگار÷بود روح پرورچولعل نگار

(উচ্চারণ) মায়ে লা'আলে দর ছাগেরে জরনেগার ÷ বওয়াদ রূহ পরওয়ার ছুঁ লাআলে নেগার

خوشاآتش شوق ارباب عشق ÷خوشالذت درداصحاب عشق

(উচ্চারন) খোশাঁ আ'তিশে শৌকে আরবাবে এশক ÷ খোশা' লজ্জতে দরদে আছহাবে এশক

অনুবাদ ঃ ১। হে শরাব পরিবেশনকারী ব্যক্তি! তুমি আমাকে অগ্নি পোষাক বর্নের পানি অর্থাৎ শরাব দাও। (যাহাতে আমি হুশবিহীন হইয়া পড়ি) কেননা আল্লাহ ওয়ালা এবং পূর্ণ কামেল ব্যক্তি পাগলামীর অন্বেষন ও আকাঙ্খা করে।

২। লাল রং এর শরাব সোনালী রং এর পাত্রের মধ্যে অন্তর শান্তকারী ও সন্তুষ্টকারী হয়, যেমনিভাবে প্রেমিকের লালিম বর্ণের ঠোট।

৩। খোদা প্রেমিকদের প্রেমেরআগুন কতই না উত্তম, আল্লাহ প্রেমিকদের প্রেমের ব্যথার মজা ও স্বাদ কতই না উৎকৃষ্ট।

শব্দার্থ ঃ ১। بده - দাও, দান কর, ইহা دادن মাছদার থেকে امر এর ছিগা। ساقيا - হে পানি ও শরাব পরিবেশনকারী ব্যক্তি, এখানে الف ইহা نداء এর জন্য মূলে ইহা اسم فاعل এর ছিগা, سقى মাছদার থেকে। آب হইল موصوف ، آتش لباس হইল اسم فاعل ترکیبی হয়ে صفت অর্থাৎ আগুনের পোসাক পরিধানকারী। এখানে آب آتش لباس দ্বারা উদ্দেশ্য হইল লাল রং এর শরাব অর্থাৎ আল্লাহর মহব্বত। ساقى দ্বারা মুরাদ আল্লাহ তা'লা, অথবা পীরে কামেল। اهل دل - আল্লাহ ওয়ালা, আরেফ ব্যক্তি, জিন্দা অন্তরের অধিকারী ব্যক্তি। مستى - পাগলামী, বেহুশী। التماس - আরজু, আকাঙ্খা করা, ইহা বাবে افتعال এর মাছদার।

২। مئے - শরাব, পানীয় দ্রব্য। لعل - ইহা لال শব্দ থেকে পরিবর্তন করিয়া لعل করা হইয়াছে অর্থাৎ লাল রং এর মনি মুক্তা। প্রত্যেক রং এর জিনিষকেও لعل বলা হয়। ساغر - পেয়ালা, শরাবের পাত্র। زرنگار - সোনার নকশা বিশিস্ট। روح پرور - রূহ পালনকারী, অন্তর সন্তুস্টকারী, ইহা اسم فاعل ترکیبی। نگار - বন্ধু, প্রিয় জন, لعل نگار বলিয়া বন্ধুর লাল রংয়ের ঠোটকে বুঝানো হইয়াছে।

৩। خوشا - অনেক খুশি, কতই সন্তুষ্ট। آتش شوق - প্রেমের আগুন। ارباب عشق - খোদা প্রেমিকগণ। لذت - স্বাদ, মজা। اصحاب عشق - প্রেমিকগণ।

بیارآں شراب چوآب حیات ÷که یابد زبویش دل از غم نجات

(উচ্চারন) বয়ার আঁ শরাবে চুঁ আ'বে হায়াত ÷ কে' ইয়াবদ যে বুইয়শ দিল আযগম নাজাত

خوش آں دل که داردتمنائے دوست ÷ خوش آنکس که دربند سودائے اوست

(উচ্চারণ) খোশ আঁ দিল কে দারদ তমন্নায়ে দো'স্ত÷খো'শ আঁ কছ্কে দর বন্দে ছাউদায়ে উছ্ত।

خوش آں دل که شیداست بر روئےدوست ÷ خوش آں دل که شدمنزلش کوئے دوست

(উচ্চারন) খোশ আঁ দিল কে শয়দাছ্ত্, বর্ রোয়ে দোস্ত ÷ খো'শ আঁ দিল কে শুধ মনজিলশ কুয়ে দোছ্ত

شراب چولعل رواں بخش یار÷شراب مصفاچوروئےنگار

(উচ্চারন) শরাবে চুঁ লা'আলে রঁওয়া বখ্শ এয়ার ÷ শরাবেমুছফ্ফা চুঁ রোঁয়ে নেগার

خوشامئے پرستی زصاحبدلاں ÷ خوشاذوق مستی زدلدادگاں

(উচ্চারন) খোশা মায় পুরুছতী যে ছাহেব দিলাঁ ÷ খো'শা জওকে মছতী যে দিল্দা' দগাঁ

অনুবাদঃ ১। আমার নিকট ঐ প্রেমের শরাব নিয়া আস যাহা আবে হায়াতের মত, কেননা উহার সুগন্ধের দরুন অন্তর অশান্তি থেকে পরিত্রাণ ও মুক্তি লাভ করে।

২। ঐ অন্তর কতই না মুবারক ময় যাহা বন্ধুর আরজু রাখে, কতই না উত্তম সেই ব্যক্তি যিনি আল্লাহর মুহাব্বতের ফান্দে বেষ্টিত।

৩। সেই অন্তর বরকতময় যাহা বন্ধুর চেহারার উপর পাগল তথা উম্মাদ, কতই না উত্তম সেই অন্তর যাহার জায়গা হইল বন্ধুর (চলাফেরার) অলিগলি।

৩। সেই শরাব কতই না স্বাদ যুক্ত যাহা অন্তর সন্তুষ্টকারী বন্ধুর ঠোটের মত লাল এবং ঐ শরাব যাহা বন্ধুর চেহারার মত পরিস্কার পরিচ্ছন্ন ও ঝকঝকে।

৪। জিন্দা অন্তরের অধিকারী খোদা প্রেমিকগণের নিকট থেকে এশকের শরাব পান করা কতই উত্তম কাজ। খোদা ওয়ালা আহলে দিল গণের কাছ থেকে মস্তী বা বেহুশীর শরাব বা প্রেমের শরবত এর স্বাদ উপভোগ করা কতই না উৎকৃষ্ট কাজ।

শব্দার্থ ঃ ১। بیار - নাও, নিয়া আস, ইহা آوردن মাছদার থেকে امر এর ছিগা।

آب حیات - হায়াতের পানি, অমৃত শুধা। یابد - পায়, পাইবে, ইহা یافتن মাছদার থেকে مضارع এর ছিগা। بویش - ইহার সুগন্ধ, সুঘ্রান । غم - চিন্তা, দুঃখ। درد - ব্যাথা। نجات - পরিত্রাণ, রেহাই।

২। خوشا - কতই উত্তম। دارد - রাখে, ইহা داشتن মাছদার থেকে مضارع এর ছিগা। بند - ফান্দা। سودا - ভালবাসা, প্রেম, মুহাব্বত।

৩। شیدا - পাগল, উম্মাদ। کوئے - গলি, গিরিপথ, চলা ফেরার রাস্তা।

৪। روان بخش – অন্তর সন্তুষ্ট কারী, অন্তর দান কারী। مصفی –পরিস্কার পরিচ্ছন্ন, ইহা বাবে تفعیل এর تصفیة – মাছদার থেকে اسم مفعول। روئے – চেহারা। نگار - বন্ধু, প্রেমিক ।

৫। مئ پرستی - শরাব পান করা। ذوق - স্বাদ গ্রহন করা। مستی - বেহুশী, এখানে می پر ستی ও ذوق مستی দ্বারা আল্লাহর এশক ও মুহাব্বতই উদ্দেশ্য।

در صفت وفا

ওয়াদা পূর্ণ করার প্রশংসা বর্ণনায়

دلا دروفاباش ثابت قدم ÷که بے سکه رائج نباشد درم

(উচ্চারন) দিলা দর ওয়াপা বা'শ ছাবেত কদম ÷ কে বে' ছিক্কা রা'য়েজ ন বা'শদ দরম

زراه وفاگر نه پیچی عناں ÷شوی دوست اندر دل دشمناں

(উচ্চারন) যে রাহে ওয়াপা গর ন পীচি এনাঁ ÷ শওয়ী দো'স্ত আন্দর দিলে দোশমনাঁ

مگرداں زکوے وفاروے دل÷ که درروے جاناں نباشی خجل

(উচ্চারন) মগর দাঁ যে কুওয়ে ওয়াপা রো'য়ে দিল ÷ কে দর রোয়ে জা'নাঁ নবাশী খজিল

অনুবাদঃ ১। হে অন্তর ওয়াদা পুরণে তুমি অটল থাকিও অর্থাৎ খোদার হুকুম পালনে অটুট থাকিও, কেননা রাজকীয় মোহর ছাড়া কোন টাকা চালু হয় না। (অনুরূপ আল্লাহ্ ও রসুলের অনুসরণ ব্যতিত খোদার দরবারে বান্দার কোন মূল্য নাই।)

২। খোদার হুকুম মোতাবেক চলার পথ থেকে যদি তুমি লাগাম না ফিরাও তাহলে দুশমনের অন্তরেও দোস্তে পরিণত হইয়া যাইবে।

৩। (আল্লাহর) আদেশ পুরনের গলি থেকে অন্তরের চেহারাকে ফিরাইওনা, তাহলে মাশুকে হাকীকি আল্লাহ তা'লার সম্মুখে লজ্জা উঠাইবে না।

শব্দার্থ ঃ ১। وفا - ওয়াদা পুরা করা, প্রতিশ্রুতি পূর্ণ করা, বন্ধুত্বের হক আদায় করা, এখানে অর্থ হইল শরীয়ত মোতাবেক চলা। ثابت قدم - অটল থাকা, স্থীর থাকা, টিকিয়ে থাকা, শক্তভাবে থাকা। سکه - সোনা রূপার উপর মোহর অংকিত করা। رائج - চালু, প্রচলন।

২। نه پیچی - ফিরাইবে না তুমি, মোড়িবে না তুমি, ইহা پیچیدن মাছদার থেকে نهی এর واحد حاضر ছিগা। عنان - লাগাম, বলগা।

৩। مگردان - ফিরাইবেনা, ইহা گردیدن মাছদার থেকে نهی এর ছিগা। کوئی - গলি, গিরিপথ। روئے دل - অন্তরের চেহারা। جانان - মাশুক, প্রেমিকগণ। خجل - লজ্জিত, বেইজ্জত। درروئے - সামনে, চেহারার সম্মুখে।

منه پاے بیروں زکوے وفا ÷ که ازدوستاں می نیرزد جفا

(উচ্চারন) মনেহ্ পা'য়ে বে'রুঁ জে কুওয়ে ওয়াপা ÷ কে আজঁ দোস্তাঁ মী নয়রজদ জপা

جدائی زاحباب کردن خطاست ÷ بریدن زیاراں خلاف وفاست

(উচ্চারন) জুদায়ী যে আহবা'ব করদন খতা আছ্ত্ ÷ বুরীদন যে এয়ারাঁ খেলাফে ওয়াপা আছ্ত

بود بیوفائی سرشت زناں ÷ میاموز کردارزشت زناں

(উচ্চারন) বওয়াদ বে ওয়াপায়ী চরশ্তে জনাঁ ÷ ময়া'মূজ কিরদারে জশতে জনাঁ।

অনুবাদঃ ১। তোমার পা ওয়াদা পুরণের গলি থেকে বাইরে রাখিও না, কেননা দোস্ত থেকে জুলুম ও অত্যাচার পাওয়াটা শোভা পায় না।

২। বন্ধুর নিকট থেকে আলাদা হওয়া বড়ই ভুল ও দোষের কাজ, বন্ধুদের থেকে (ভালবাসার সম্পর্ক) ছিন্ন করিয়া দেওয়া ওফাদারীর বরখেলাফ। (এখানে বন্ধু মানে হইল খোদা, রসুল অথবা পীরে কামেলগণ। আর সম্পর্ক ছিন্ন করার অর্থ হইল শরীয়ত মোতাবেক না চলা।)

৩। বে ওফায়ী করা (আল্লাহ্র হুকুমের প্রতি লক্ষ না রাখা) মেয়েদের স্বভাবগত কাজ। মহিলাদের এই মন্দ কাজ তুমি শিখিওনা।

শব্দার্থঃ ১। منه - রাখিও না, ইহা نهادن মাছদার থেকে نهی এর ছিগা। پائے - পা, কদম। بیرون - বাহিরে। نیرزد - শোভা পায় না, উপযুক্ত নহে। ইহা آرزیدن মাছদার থেকে حال এর ছিগা। جفا - জুলুম, অত্যাচার।

২। جدائی - পৃথকহওয়া, আলাদা হওয়া। احباب - বন্ধুগণ, দোস্তগণ এক বচনে حبیب। بریدن - সম্পর্ক ছিন্ন করা, সম্পর্ক কেটে ফেলা, ইহা মাছদার। یاران - বন্ধুগণ, একবচনে یار। خلاف - বিপরীত, উল্টা, অনুচিত।

৩। سرشت - সৃষ্টিগত স্বভাব, অভ্যাস। زنان - মহীলাগণ, রমনীগণ। میاموز - শিখিও না, ইহা آموختن মাছদার হইতে نهی এর ছিগা। کردار - কাজ, কর্ম। زشت - মন্দ, খারাপ, অশুভ।

در فضیلت شکر

আল্লাহ্র শুকরিয়া জ্ঞাপনের ফজিলত সম্পর্কে

کسے راکه باشد دل حق شناس÷نشاید که بندد زبان سپاس

(উচ্চারণ) কছে রা কে বা'শদ দিলে হক শেনাছ ÷ নশায়দ কে বন্‌দদ্‌ জবা'নে ছেপাছ

نفس جزبشکرخدابرمیار ÷که واجب بود شکر پر وردگار

(উচ্চারণ) নফছ জুয বশোক্‌রে খোদা বর ময়ার ÷ কে ওয়াজিব বত্তয়াদ শোকরে পরওয়ার দেগার

ترا مال ونعمت فزایدز شکر ÷ترافتح از دردرآید زشکر

(উচ্চারণ) তোরা মাল অ দৌলত ফজায়দ যে শোক্‌র ÷ তোরা ফত্‌হ আজ দর দর আ'য়দ যে শোক্‌র

অনুবাদঃ ১। যেই ব্যক্তির জন্য আল্লাহ্‌র নেয়ামতের হক পরিচয়কারী অন্তর থাকিবে, তাহার উচিত নহে শুকরিয়া জ্ঞাপন করা থেকে মুখ বন্ধ রাখা।

২। আল্লাহ্‌র শুকরিয়া ব্যতিত একটি নিঃশ্বাসও বাহির করিবে না, কেননা পালনকর্তা প্রভুর শুকরিয়া আদায় করা অতি আবশ্যক।

৩। তোমার ধন দৌলত ও নেয়ামত শুকরিয়া জ্ঞাপনের দ্বারা বাড়িয়া যাইযে, তোমার শুকরিয়া জ্ঞাপনের দরজা দিয়ে সফলতা ও কামিয়াবী চলিয়া আসিবে।

শব্দার্থ ঃ ১। شکر - নেয়ামতের কদর করা, এবং উহার হক আদায় করা। আল্লাহর নেয়ামতের শুকরিয়া আদায় করা মানে তাঁহার নেয়ামতের হক সম্পর্কে পরিচয় লাভ করা ও তাঁহার মুহাব্বত অর্জন এবং তাহার হুকুম মোতাবিক চলা। حق شناس - অধিকার সম্পর্কে পরিচিতি লাভ করা, হক চেনা। ইহা اسم فاعل ترکیبی। نشاید - উচিত নহে, শোভা পায় না, অনুচিত। بندد - বন্ধ রাখা, বাধিয়া রাখা, না খোলা। ইহা بستن মাছদার থেকে مضارع এর ছিগা। سپاس - শুকরিয়া আদায় করা।

২। نفس - শ্বাস-প্রশ্বাস, নিঃশ্বাস, বহুবচনে انفاس। جز - ব্যতিত, ছাড়া, বিনে। برمیار - বাহির করিও না, ফেলিবে না, ইহা برآوردن মাছদার থেকে نهی এর ছিগা। واجب - অপরিহার্য্য, আবশ্যক, জরুরী, প্রয়োজন।

৩। فزاید - বৃদ্ধি পাইবে, বাড়িয়া যাইবে। ইহা فزودن মাছদার হতে مضارع এর ছিগা। زشکر - শুকরিয়ার দরুন। فتح - সফলতা, কামিয়াবী। در - দরজা। درآید - আসিবে, প্রবেশ করিবে, ইহা درآمدن মাছদার হতে مضارع এর ছিগা।

اگر شکر حق تابروزشمار ÷ گزاری نباشد یکے ازهزار

(উচ্চারন) আগর শোক্‌রে হক তা বরো'যে শুমার ÷ গুযারী ন বা'শদ ইকে আয হাজার

ولے گفتن شکراولی ترست ÷که اسلام راشکر اوزیورست

(উচ্চারন) ওয়ালে গোফতনে শোক্‌রে আউলা তর আছ্‌ত ÷ কে ইছলাম রা শোক্‌রে উূ জেওয়ার আছ্‌ত।

گراز شکر ایزدنه بندی زباں ÷بدست آوری دولت جاوداں

(উচ্চারন) গর আজ শোকরে ই'জদ নবন্দী জবাঁ ÷ বদছ্‌ত আ'ওয়ারী দৌলতে জা'বেদাঁ

অনুবাদঃ ১। যদি কিয়ামত দিবস পর্যন্ত খোদার শুকরিয়া আদায় করিতে থাক (তাহলে) এক হাজার ভাগের এক ভাগও আদায় করিতে পারিবে না।

২। কিন্তু তবুও শুকরিয়া আদায় করা অনেক উত্তম কাজ, কেননা ইসলাম ধর্মের জন্য শুকরিয়া জ্ঞাপন করা উহার অলংকারের মত জিনিষ।

৩। যদি আল্লাহ্‌র শুকরিয়া আদায় করা থেকে মুখ বন্ধ না কর, (তাহলে সর্বদা শুকরিয়া আদায়ের) চিরস্থায়ী দৌলত অর্জন করিতে পারিবে, অর্থাৎ ইহকালীন ও পরকালীন মঙ্গল অর্জন করিতে সক্ষম হইবে।

শব্দার্থঃ ১। روز شمار - কিয়ামত দিবস, কিয়ামতের দিন। گزاری - আদায় করিবে, گزاردن মাছদার থেকে مضارع এর واحد خاضر। یکے - কোন একটিও।

২। ولے - আর কিন্তু, তথাপিও। گفتن - বলা। اولی تر - অনেক উত্তম, খুবই ভাল। اسلام - ইসলাম ধর্ম, দ্বীন ইসলাম। او - সেই শোকরিয়া। زیور - অলংকার, সোনা।

৩। ایزد - আল্লাহ তা'লা, খোদাতা'লা। بندی - বন্ধ করিবে, بستن মাছদার হতে مضارع এর واحد حاضر। بدست - হাতে, হাতের মধ্যে। آوری - লইবে, লইতে পারিবে. ইহা آوردن মাছদার থেকে واحد حاضر - এর ছিগা, বহছ مضارع جاودان - চিরস্থায়ী।

در بیان صبر

ধৈর্য্যের (ফজিলত) বর্ণনা সম্পর্কে

تراگر صبوری بود دستیار ÷ بدست آوری دولت پائدار

(উচ্চারণ) তোরা গর চুবূরী বওয়াদ দছ্তইয়ার ÷ বদছত্ আওয়ারী দৌলতে পায়েদার

صبوری بود کار پیغمبران÷نه پیچندزیں روی دیں پروراں

(উচ্চারণ) চুবূরী বওয়াদ কা'রে পয়গাম্বরাঁ ÷ ন পী'ছন্দ জী রোওয়ে দীঁ পরওয়া রাঁ।

صبوری کشاید درکام جان ÷که جز صابری نیست مفتاح آں

(উচ্চারণ) চুবূরী কুশায়দ দরে কামে জাঁ ÷ কে জুয ছাবেরী নি'ছ্ত মিফতাহে আঁ।

صبوری برآرد مراددلت ÷ که ازعالمان حل شود مشکلت

(উচ্চারণ) চুবূরী বর আ'রদ মুরাদে দিলত ÷ কে আয আ'লেমাঁ হল শাওয়াদ মুশকিলত

অনুবাদঃ ১। ধর্য্য যদি তোমার সাহায্যকারী হয়, তাহলে তুমি চিরস্থায়ী দৌলত অর্জন করিতে পরিবে।

২। (মুসিবতে) ধৈর্য্য ধারণ করা পয়গাম্বরগনের কাজ তাই যাহারা দ্বীনদার (ধার্মিক) তাহারা ধৈর্য্য ধারণ করা থেকে বিমুখ হয় না।

৩। ধৈর্য্য ধারণ অন্তরের উদ্দ্যেশ্যের দরজা কে খুলিয়া দেয় , যেহেতূ ধৈর্য্য ব্যতিত সেই দরজা খোলার আর কোর চাবি নাই।

৪। ধৈর্য্য তোমার অন্তরের যাবতীয় মকসুদ ও উদ্দেশ্যের দরজা খুলিয়া দিবে। যেমন আলেমগণের নিকট থেকে তোমার সমস্যার সমাধান হয়ে থাকে।

শব্দার্থ ঃ ১। صبر - ধৈর্য্য ধারণ করা, চবর করা, বালা মুসিবত ও কঠিন মুহুর্তে নিজ আত্মাকে আল্লাহর হুকুম এর উপর স্থীর রাখা। শরীয়ত বিরুধী কোন কাজ না করা। صبوری - এর মধ্যে ی হইল مصدری অর্থাৎ ধৈর্য্য ধারণ করা। دستیار - সাহায্যকারী। بدست آوری - হাতে লইবে, অর্জন করিবে, পাইবে। پائدار - চিরস্থায়ী।

২। پیغمبران - নবীগণ, একবচনে پیغمبر। نه پیچند - ফিরায় না, মাছদার হইল پیچیدن মুড়ানো, ফিরানো। دین پروران - দ্বীন প্রতিপালনকারী লোক। ইহা اسم فاعل ترکیبی।

৩। جز - ব্যতিত, ছাড়া, বৈ, বিনে। صابری - ধৈর্য্য ধারন করা। مفتاح - চাবি, বহুবচনে مفاتیح।

৪। برآرد পুরা করিবে , পূর্ণ করিবে, برآوردن মাছদার থেকে مضارع এর ছিগা। مراد دلت - তোমার অন্তরের উদ্দেশ্য, মকছুদ। حل খুলিয়া যাওয়া, সহজ হইয়া যাওয়া। مشکل - কঠিন, কঠোর, সমস্যা। عالمان - আলেমগণ, একবচনে عالم।

صبوري كليد درآرزواست ÷كشايندهٔ كشورآرزواست

(উচ্চারণ) ছুবূরী কলীদে দরে আ'রযু ছ্ত ÷ কোশাইন্দায়ে কিশওয়ারে আরযু ছ্ত

صبوری بهر حال اولىٰ بود÷که درضمن آں چندمعنىٰ بود

(উচ্চারণ) ছুবূরী বাহার হা'ল আঊলা বওয়াদ ÷ কে দর জেম্নে আঁ চন্দ মা'আনা বওয়াদ

صبوری تراکا مگاری دهد ÷ زرنج وبلارستگاری دهد

(উচ্চারণ) ছুবূরী তোরা কা'মগারী দেহদ ÷ যে রন্‌জ ওয়াবলা রুছ্তগারী দেহদ

صبوری کنی گرترادیں بود÷که تعجیل کارشیاطیں بود

(উচ্চারণ) ছুবূরী কুনি গর তোরা দীঁ বওয়াদ ÷ কে তা' জীলে কা'রে শয়াঁতী বওয়াদ

অনুবাদঃ ১। ধৈর্য্য হইল আশা আকাঙখার দরজার চাবি স্বরূপ, অনুরূপ ধৈর্য্য হইল আশা আকাঙখার রাজ্য বিজয়কারী বস্তু।

২। প্রত্যেক অবস্থায় ধৈর্য্য ধারন করাই উত্তম কাজ, কেননা ইহার ভিতরে অনেক উপকারিতা রহিয়াছে।

৩। ধৈর্য্য তোমাকে সফলতা প্রদান করিবে, চিন্তা-দুঃখ দুর্দশা ও মুসিবত থেকে রেহাই দান করিবে।

৪। যদি তুমি দ্বীনদার হও তাহলে ধৈর্য্য গ্রহণ কর, কেননা কাজে কর্মে ধৈর্য্যের বিপরীত তাড়া হুড়া করা শয়তানের কাজ।

শব্দার্থ ঃ ১। كليد - চাবি, বহুবচনে كليدان। آرزو - আশা, আকাঙ্খা। كشائنده - বিজয়কারী, ইহা اسم فاعل এর ছিগা, كشادن মাছদার। كشور- রাজ্য, পৃথিবী, মুলুক।

২। ضمن - পেট, অন্তর, ভিতরে, মধ্যে। آن - ঐ ধৈর্য্য। چند معنى - কয়েক অর্থ, অনেক ফায়েদা, বহু উপকারিতা।

৩। كامگارى - কামিয়াবী, সফলতা, এখানে ى হল مصدرى অর্থ দেওয়ার জন্য। رنج - চিন্তা, দুঃখ। بلا - মুসিবত। رستگا رى - পরিত্রাণ দেওয়া, রক্ষা করা, রেহাই দেওয়া। একানে ى টি মাছদারের অর্থ প্রদানের জন্য।

৪। تعجيل - তাড়া হুড়া করা, ইহা বাবে تفعيل এর মাছদার। কথিত আছে التأنى من الرحمن و التعجيل من الشيطان ধীরস্থীরতা ও ধৈর্য্য আল্লাহর পক্ষ হতে আর তাড়া হুড়া শয়তানের পক্ষ থেকে হইয়া থাকে। قال رسول الله صلى الله عليه وسلم قال الله تعالى من لم يصبر على بلائ فليخرج من تحت سمائ -

در صفت راستی

সত্যবাদিতার প্রশংসা ও গুণাগুন সম্পর্কে

دلا راستی گرکنی اختیار ÷ شود دولتت همدم وبختیار

(উচ্চারন) দিলা রাছ্‌তী গর কুনী ইখতিয়ার ÷ শওয়াদ দৌলতত্‌ হামদম ওয়া বখ্‌তিয়ার

نه پیچد سراز راستی هو شمند ÷ که ازراستی نام گرددبلند

(উচ্চারন) ন পী'চদ ছর আয রা'ছেতী হু'শেমন্দ ÷ কে আয রা'ছেতী না'ম গরদদ্‌ বুলন্দ

دم ازراستی گرزنی صبح وار ÷ زتاریکئے جهل گیري کنار

(উচ্চারন) দম আজ রা'ছতী গর জনী ছোব্‌হে ওয়ার ÷ যে তা'রিকীয়ে জেহ্‌লে গীরী কিনার

مزن دم بجزراستی زینهار ÷ که دارد فضیلت یمین بر یسار

(উচ্চারন) মজন দম ব জুয রাছেতী' জী'নাহার ÷ কে দা'রদ ফজী'লত ইয়মীঁ বর ইয়ছার

به ازراستی در جهانکارنیست ÷ که درگلبن راستی خارنیست

(উচ্চারন) বেহ্‌ আয রা'ছেতী দর জাঁহা কা'র নী'ছত ÷ কে দর গুলবনে রাছেতী খা'র নীছত

অনুবাদঃ ১। হে অন্তর যদি তুমি সত্যবাদিতাকে গ্রহণ কর, তাহলে দৌলত তোমার সাথী ও সাহায্যকারী হইবে।

২। বিবেকবান ব্যক্তিরা নিজ মাথাকে সত্যবাদিতা থেকে ফিরায় না, কেননা সত্যবাদিতার দরুণ সুনাম অর্জিত হয়।

৩। সকাল বেলার মত যদি তুমি সত্যবাদিতা সহকারে কথা বল, তাহলে অজ্ঞতা ও মুর্খতার অন্ধকারীতা থেকে দুরত্ব গ্রহণ করিতে পারিবে।

৪। সত্যবাদিতা ছাড়া কখনও কোন কথা বলিবে না, কেননা বাম হাতের উপর ডান হাত অনেক মর্যাদা বহন করে।

৫। সত্যবাদিতার চেয়ে পৃথিবীতে উত্তম অন্য কোন বস্তু নাই, কেননা সত্যবাদিতার ফুল বাগানে কোন কাঁটা থাকে না।

শব্দার্থ ঃ ১। راستی - সত্যবাদিতা, সরলতা, সঠিকতা, ইহা كذب বা মিথ্যার বিপরীত। همدم - সাথী, সংগী, বন্ধু। بختیار - সাহায্যকারী সাথী, সাহায্যকারী বন্ধু।

২। گردد - হইয়া যায় ইহা گردیدن মাছদার থেকে مضارع এর ছিগা। بلند - উচ্চ, উন্নত, উৎকৃষ্ট। ৩। دم - শ্বাস, নিশ্বাস। زنی - মারিবে তুমি, এখানে ছাড়িবে তুমি, ফেলিবে তুমি। মাছদার زدن । صبح وار ফজর, সকাল বেলা, ভোর বেলার মত। تاریکی - অন্ধকার, রাত্রি আচ্ছন্ন হওয়া। جهل - অজ্ঞতা, মুর্খতা। کنار - এক পার্শ্ব, দিক, এক কিনারা। ৪। مزن - মারিবে না, ফেলিবে না, ত্যাগ করিবে না এখানে শেষ দুইটি অর্থই উদ্দেশ্য। یمین - ডান হাত। یسار - বাম হাত। زینهار - কখনো। ৫। گلبن - ফুল বাগান, ফুল বাগিচা, গোলাফ ফুলের বৃক্ষ। خار - কাঁটা। বর্ণিত আছে – الصدق ینجی والکذب یهلك

درمذمت كذب

মিথ্যা বলার নিন্দা বর্ণনা প্রসঙ্গে

کسے را که ناراستی گشت کار÷کجاروز محشر شوی رستگار

(উচ্চারণ) কছে রা কে নারা'ছতী গশ্‌ত কার ÷ কুজা রোযে মাহশর শওয়ী রুছ্‌ত্‌গার

کسے راکه گردد زبان در وغ ÷چراغ دلش رانباشد فروغ

(উচ্চারণ) কছে রা কে গরদদ্‌ জুবানে দরুগ ÷ চেরাগে দিলশ রা নবাশদ ফরোগ

دروغ آدمی راکند شر مسار ÷دروغ آدمی راکند بیوقار

(উচ্চারণ) দরুগ আ'দমী রা কুনদ শর্‌মছার ÷ দরুগ আ'দমী রা কুনদ বে ওয়াকার

অনুবাদঃ ১। মিথ্যা বলা যাহার কাজে পরিণত হইয়া গিয়াছে, সে হাশরের দিনে কবে পরিত্রান পাইবে?

২। যেই ব্যক্তির মিথ্যা মুখ হইবে তাহার অন্তরের বাতি আলোকিত হইবে না।

৩। মিথ্যা মানুষকে লজ্জিত করিয়া দেয়, মিথ্যা মানুষকে বেইজ্জত করিয়া ফেলে।

শব্দার্থ ঃ ১। ناراستی - অসত্য কথা, মিথ্যা কথা, লেশ ছাড়া কথা বলা। گشت - হইয়া গিয়াছে, ইহা گشتن মাছদার থেকে ماضی এর ছিগা। کجا - কবে, কিভাবে, কোথায়? روز محشر - হাশরের দিন, বিচারের দিন, একত্রিত হওয়ার দিন। رستگار - রেহাই, পরিত্রান।

২। دروغ - মিথ্যা বলা। فروغ - আলোকিত, উজ্জল। دلش - তাহার অন্তর।

৩। شرمسار - লজ্জিত, অপমানিত, মানহানীকর। بےوقار - সম্মানহীন, বে ইজ্জত, নগন্য।

زكذاب گیرد خرد مندعار÷كه اورا نیاردكسےدر شمار

(উচ্চারণ) যে কিজ্‌জাব গীরদ খেরদমন্দ আ'র ÷ কে উূ রা নয়ারদ কছে দর শুমার

دروغ اے برادرمگو زینهار÷كه كاذب بودخوارےاعتبار

(উচ্চারণ) দরুগ আই বেরাদর মগু যি'নাহার ÷ কে কাজেব বওয়াদ খা'রে বে এ'তেবার

زناراستی نیست كارےبتر÷ازوگم شود نام نیك اے پسر

(উচ্চারণ) যে নারাছতী নী'ছ্‌ত কা'রে বতর ÷ আজ উূ গুম শওয়াদ নে'ক নাম আই পেছর

অনুবাদঃ ১। মিথ্যুক ব্যক্তিকে বুদ্ধিমান মানুষ লজ্জাবোধ করে। (অর্থাৎ তাহার সহিত মেলামেশা করাকে খুবই অপছন্দ মনে করে।) কেননা তাহাকে লোকেরা মানুষ বলে গন্য করে না। (সে মানুষের নজরে হেয় ও তুচ্ছ লোক)।

২। হে ভাই কখনও মিথ্যা কথা বলিও না যেহেতু মিথ্যুকেরা বেইজ্জত, অসম্মানি ও নগন্য ব্যক্তিতে পরিণত হইয়া যায়।

৩। মিথ্যা বলার চেয়ে নিকৃষ্ট ও খারাপ কাজ আর কিছু নাই, কেননা হে ছেলে! উহার দ্বারা মানুষের সুনাম নষ্ট ও বিলুপ্ত হইয়া যায়।

শব্দার্থঃ ১। كذاب - মিথ্যুক, মিথ্যাবাদী লোক, ইহা اسم فاعل مبالغه এর ছিগা। گیرد - পোষন করে। عار - লজ্জা, শরম। نیارد - নেয় না, লয় না, ইহা آوردن মাছদার থেকে مضارع منفی এর ছিগা। شمار - গণনা, গণ্য।

২। برادر - ভাই। مگو - বলিও না, ইহা گفتن মাছদার থেকে نهی এর ছিগা। خوار - লাঞ্ছিত, অপমানিত। بے اعتبار - নগন্য, যার মুল্য নাই।

৩। بتر - খারাপ, মন্দ, নিকৃষ্ট, ইহা بدتر এর مخفف বা সংক্ষিপ্ত আকার। گم - বিলুপ্ত, লুকায়িত, হারানো। نیك نام - সুনাম, ভাল নাম। ای پسر - হে বালক, হে ছেলে।

در صنعت حق تعالی

মহান আল্লাহ্ তা'লার কারীগরী সম্পর্কে বর্ণনা

نگه کن بریں گنبدزرنگار÷که سقفش بود بے ستوں أستوار

(উচ্চারণ) নেগাহ কুন বরী' গুন্বদে জর নেগার ÷ কে ছকফশ বওয়াদ বে' ছতুঁ উছতুয়ার

سراپر دۂ چرخ گردنده بیں ÷ دروشمعهاے فروزنده بیں

(উচ্চারণ) ছরা পরদায়ে চরখে গরদিনদাহবীঁ ÷ দরু শমআহা'য়ে ফরুজিন্দাহ্ বীঁ

یکی پاسبان ویکی پادشاه ÷ یکی داد خواه ویکے باج خواه

(উচ্চারণ) ইয়কে পাছবাঁ ওয়া ইয়কে পা'দশা ÷ ইয়কেদাদ খাঁ ওয়া ইয়কে বাজ খাঁ

یکے شادمان ویکے درد مند ÷ یکے کامران ویکے مستمند

(উচ্চারণ) ইয়কে শা'দ মাঁ ওয়া ইয়কে দরদ্ মন্দ ÷ ইয়কে কা'মরাঁ ওয়া ইয়কে মুছতমন্দ

অনুবাদঃ ১। ঐ স্বর্ণ রংয়ের গুম্বজের দিকে তাকাও যে, উহার ছাদ কোন খুটি-স্তম্ভ বিহীন মজবুত রহিয়াছে।

২। ঘুর্ণিয়মান (তাবু) আসমানের দিকে দেখ, উহাতে উজ্জ্বল চকমকে বাতি (নক্ষত্র) সমূহ দেখ।

৩। (পৃথিবীতে) কেহ চৌকিদার (পাহারাদার) আবার কেহ বাদশাহ, কেহ টেক্স উত্তোলনকারী আবার কেহ ইনসাফ অন্বেষণকারী।

৪। কেহ খুশি ও সন্তুষ্টপুর্ণ আবার কেহ ব্যথিত জন, কেহ সৌভাগ্যশালী ও উদ্দেশ্য পুরনকারী আবার কেহ চিন্তিত ও দুঃখিত।

শব্দার্থ ঃ ১। نگه کن - দৃষ্টি নিক্ষেপ কর, দেখ, তাকাও। برین - ইহার উপর। گنبد - গুম্বিজ। زرنگار - সোনালী বর্ণের, এখানে আসমান উদ্দেশ্য। شقفش - উহার ছাদ। ستون - স্তম্ব, খুটি।استوار - শক্ত, মজবুত, কঠিন।

২। سراپرده-তাবু, এখানে আসমান উদ্দেশ্য। چرخ گردنده- ঘুর্ণিয়ময় আকাশ। شمعها - উহার বাতি সমূহ, এখানে তারা, নক্ষত্র উদ্দেশ্য। فروزنده - উজ্জল, ঝলমলকারী। بین - দেখ, দৃষ্টিকর, ইহা امر।

৩। یکے - কেহ, কোন লোক, একজন। پاسبان - পাহারাদার,চৌকিদার। دادخواه - ইনসাফ তালাশ কারী, সঠিক বিচার চান যিনি। باج خواه - খাজানা ও টেক্স উত্তোলনকারী। কর উশুলকারক।

৪। شاد مان - সন্তুষ্ট চিত্ত ব্যক্তি, সুখিজন, খুশিতে লিপ্ত মানুষ। درد مند - ব্যথিত ও দুঃখিত ব্যক্তি। کام ران - সফলকাম। مستمند - চিন্তিত, দুঃখিত।

یکے باجدار و یکے تاجدار ÷ یکےسرفراز ویکے خاکسار

(উচ্চারণ) ইয়কে তা'জদার ওয়া ইয়কে বা'জদার ÷ ইয়কে ছরফরাজ ওয়া ইয়কে খাকছার

یکے برحصیرویکے برسریر÷یکے درپلاس ویکے درحریر

(উচ্চারণ) ইয়কে বর হাচীর ওয়া ইয়কে বর ছরির ÷ ইয়কে দর পেলাছ ওয়া ইয়কে দর হারীর

یکے بے نواویکے مالدار÷ یکے نامرادویکےکا مگار

(উচ্চারণ) ইয়কে বে নওয়া ওয়া ইয়কে মালদার ÷ ইয়কে না'মুরাদ ওয়া ইয়কে কা'মগার

یکے درغناو یکےدرعنا÷ یکی رابقاو یکے رافنا

(উচ্চারণ) ইয়কে দর গেনা ওউ ইয়কে দর আ'না ÷ ইয়কে রা বকা ওয়া ইয়কেরা ফানা

অনুবাদঃ ১। কেহ টেক্স ও খাজানা আদায়কারী কেহ রাজার মুকুট পরিধানকারী আবার কেহ বা সম্মানের অধিকারী কেহ অধম ও দূর্বল ব্যক্তি।

২। কেহ চাটার মধ্যে আর কেহ খাটের উপর থাকে, কেহ টাটের পোষাক ও কেহ রেশমী বস্ত্র পরিধানকারী।

৩। কেহ আসবাব পত্র ছাড়া এবং কেহ ধন দৌলতের অধিকারী, কেহ বঞ্চিত ও অকৃতকার্য্য আবার কেহ কৃতকার্য্য ও সফলকাম।

৪। কেহ ধনাঢ্যতা ও প্রাচুর্যপূর্ণতায় রহিয়াছে আবার কেহ ধন সম্পদের কষ্টে লিপ্ত, কেহ জীবিত ও বাকী আছে আবার কেহ মৃত ও ধ্বংশ হইয়া গিয়াছে।

শব্দার্থ ঃ ১। تاجدار - বাদশাহ, রাজা। باجدار - খাজানা আদায় করে যিনি, টেক্স আদায়কারী। سرفراز - বুলন্দ মরতবা ওয়ালা, সম্মানী লোক। خاکسار - অধম ধুলায় মিশ্রিত লোক।

২। حصیر - মাদুর, চাটাই। سریر - খাট, পালং। پلاس - চটের বস্ত্র । حریر - রেশমী কাপড়।

৩। بے نوا - মালপত্র চাড়া, আসবাব পত্র বিহীন। مالدار - সম্পদশালী, ধনশালী লোক । نامراد - অকৃতকার্য্য। کامگار - সফলকাম।

৪। غنا - ধনাঢ্যতা, প্রাচুর্য্যতা। عنا - দুঃখ, কষ্ট, মেহেনত। بقا - অবশিষ্ট, বহাল থাকা, জিবীত থাকা। فنا - ধ্বংশ হওয়া, নষ্ট হওয়া, মরিয়া যাওয়া।

یکے تندرست ویکے ناتواں ÷ یکے سالخوردو یکے نوجواں

(উচ্চারণ) ইয়কে তনদোরছত ওয়া ইয়কে না তওয়াঁ ÷ ইয়কে ছা'ল খোরদ ওয়া ইয়কে নওজোঁয়াঁ

یکے درصواب ویکے درخطا ÷ یکے دردعاو یکے دردغا

(উচ্চারণ) ইয়কে দর ছওয়াব ওয়া ইয়কে দর খাতা ÷ ইয়কে দর দোয়া ওয়া ইয়কে দর দাগা

یکے نیك كردارونیك اعتقاد ÷ یکے غرق دربحر فسق وفساد

(উচ্চারণ) ইয়কে নে'ক কিরদার ওয়া নে'ক এ'তেক্বাদ ÷ ইয়কে গরক্ব দর বাহরে ফিছ্ক্ব ওয়া ফছাদ

یکے نیك خلق ویکے تندخوۓ ÷ یکے برد بارو یکے جنگ جوۓ

(উচ্চারন) ইয়কে নে'ক খুলক ওয়া ইয়কে তুন্দ খোয় ÷ ইয়কে বর দুবার ওয়া ইয়কে জংগ ওয়া জোয়

অনুবাদঃ ১। কেহ সুস্বাস্থ্যের অধিকারী ও কেহ দূর্বল, শক্তিহীন। কেহ বৃদ্ধ ও কেহ পূর্ণ যুবক।

২। কেহ সঠিক পথে কেহবা ভুল পথে আছে, কেহ দোয়া ও প্রার্থনায় আছে আবার কেহ ধোকাবাজীতে লিপ্ত।

৩। কেহ সৎকর্মশীল এবং সঠিক আকিদা বিশ্বাসের অধিকারী। কেহ ঝগড়া ফাছাদ ও পাপের সমুদ্রে ডুবিয়া রহিয়াছে।

৪। কেহ সৎচরিত্রবান, কেহ দুশ্চরিত্রের অধিকারী, কেহ ধৈর্য্যশীল ও কেহ ঝগড়া ফাসাদকারী হয়।

শব্দার্থ ঃ ১। تندرست - স্বাস্থ্যবান, সুস্বাস্থ্যের অধিকারী। ناتوان - দুর্বল, অক্ষম, শক্তিহীন ব্যক্তি। سالخورد - বৃদ্ধ লোক, বুড়া মানুষ। نوجوان - পূর্ণ যুবক।

২। صواب - সঠিক পথ, সঠিক পন্থা, সঠিকতা, নির্ভুলতা। خطا - ভুল, ভ্রান্তি, দোষত্রুটি। دعا - প্রার্থনা করা, আহ্বান করা, ডাকা। دغا - ধোকা, প্রতারণা দেওয়া।

৩। نیك كردار - সৎকর্মশীল, উত্তম কাজ সম্পাদনকারী। نیك اعتقاد - উৎকৃষ্ট বিশ্বাসের অধিকারী, সুধারণা জ্ঞাপনকারী মানুষ। غرق - ডুবিয়ে যাওয়া। بحر - সমুদ্র, সাগর, বহুবচনে ابحار । فسق - গুনাহের কাজ, অসৎ কাজ, পাপের কাজ, فساد - ঝগড়া, বিবাদ।

৪। نیك خلق - ইহা اسم فاعل تركيبى সৎ চরিত্রবান, সুস্বভাবের অধিকারী। تندخوۓ - মন্দ মেজাজী, দুশ্চরিত্রবান লোক। برد بار - ধৈর্যশীল ব্যক্তি। جنگ جوۓ - লড়াইকারী, যুদ্ধ অন্বেষনকারী।

یکے در تنعم یکے درعذاب ÷ یکے در مشقت یکے کا میاب

(উচ্চারন) ইয়কে দর তানা ঊম ইয়কে দর আযাব ÷ ইয়কে দর মুশাক্কত ইয়কে কা'মিয়াব

یکے در جهان جلالت امیر ÷ یکے درکمند حوادث اسیر

(উচ্চারন) ইয়কে দর জাহানে জালালত আমীর ÷ ইয়কে দর কমন্দে হাওয়াদেছ আছীর

یکے درگلستان راحت مقیم ÷ یکے باغم ورنج ومحنت ندیم

(উচ্চারন) ইয়কে দর গুলিছতানে রাহাত মুকীম ÷ ইয়কে বা গম ওয়া রনজ ওয়া মেহনত নদীম

অনুবাদঃ ১। কেহ নেয়ামত ও শান্তিপূর্ণ অবস্থায় কেহ আযাব ও কষ্টে, কেহ মেহনতে ও কেহ সফলকাম।

২। কেহ মহত্বপূর্ণ পৃথিবীতে নেতা, আবার কেহ বা মুসিবতে ও দুর্বিপাকের ফাঁন্দে বন্ধি ও বেষ্ঠিত।

৩। কেহ শান্তির বাগানে অবস্থান কারী, কেহ বা চিন্তা ও দুঃখ কষ্ট সহকারে মেহনতের সংগী।

শব্দার্থঃ ১। تنعم - শান্তি ভোগ করা, খুশি ও আনন্দ উপভোগ করা। ইহা বাবে تفعل এর মাছদার। عذاب - শাস্তি। مشقت - দুঃখ,কষ্ট, মেহনত। كامياب - সফলকাম, কৃতকার্য্য।

২। جهان جلالت - শান শৌকতের পৃথিবী। امير - নেতা, সরদার। حوادث - দুর্বিপাক, মুসিবত। اسير - বন্ধি।

৩। گلستان راحت - শান্তির বাগান, আনন্দের বাগিচা। مقيم - অবস্থানকারী, বসবাসকারী। نديم - সংগী, সাথী, বন্ধু।

یکے رابروں رفت زاندازہ مال ÷ یکے در غم نان وخرچ عیال

(উচ্চারন) ইয়কে রা বেরুঁ রফ্‌ত যে আন্দাজাহ্‌ মাল ÷ ইয়কে দর গমে নাঁন ওয়া খরচে আয়াল

یکے چوں گل ازخرمی خندہ زن ÷ یکے رادل آزردہ خاطرخزن

(উচ্চারন) ইয়কে চুঁ গুল আয খোর্‌রামী খন্দাহ যন ÷ ইয়কে রা দিল আ'যর দাহ খাতের খযন

یکے بستہ ازبہر طاعت کمر ÷ یکے درگنہ بردہ عمرے بسر

(উচ্চারন) ইয়কে বহ্‌তাহ্‌ আয বাহরে তো'আত কোমর ÷ ইয়কে দর গুনাহ বোরদাহ ওমরে বছর

یکے راشب وروزمصحف بدسب ÷ یکے خفتہ درکنج میخانہ مست

(উচ্চারন) ইয়কে রা শব ওয়া রোয মাছহাফ বদছ্‌ত ÷ ইয়কে খোফ্‌তাহ্‌ দর কুন্‌জে মাইখানা মছ্‌ত

অনুবাদঃ ১। কাহারও অনুমান করার বাইরে চলিয়া গিয়াছে সম্পদ, কেহ রাত দিন একটি রুটি পাওয়ার চিন্তায় ও পরিবার পরিজনের খরচ বহনের ফিকিরে আছে।

২। কেহ আনন্দ ও খুশির দরুন ফুলের মত হাসিতেছে, আবার কাহারও অন্তর অসুন্তুষ্টপূর্ণ ও চিন্তা যুক্ত।

৩। কেহ ইবাদত বন্দেগীর কোমর বাধিয়া নিয়াছে, কেহ বা গুনাহ ও নাফরমানির কাজে সমস্ত জীবনটা বরবাদ করিয়া ফেলিয়াছে।

৪। কাহার হাতে দিন-রাত কুরআন শরীফ থাকে, আবার কেহ শরাবখানার কোণায় বেহুশ অবস্থায় শুইয়া রহিয়াছে।

শব্দার্থ ঃ ১। بروورفت - বাহিরে চলিয়া গেছে, সীমা অতিক্রম করিয়াছে। اندازہ - অনুমান করা, নির্ধারণ করা। مال - সম্পদ, বহু বচনে اموال । عیال পরিবার, পরিজন।

২। گل - ফুল। خرمی - খুশি, আনন্দ। خندہ زن - হাস্যকর ব্যক্তি, যিনি হাসেন। آزردہ- অসন্তুষ্ট, দুঃখিত। خزن - চিন্তা, পেরেশান, দুঃখ।

৩। بستہ - বাধিয়া লইয়াছে, ইহা بستن মাছদর থেকে اسم مفعول এর ছিগা। طاعت - ইবাদত, বন্দেগী। کمر - কোমর। بسر - অতিবাহিত করা, কাটানো।

৪। شب - রাত্রি, রজনী। روز - দিন, দিবস। مصحف - সহিফা, কোরান মজীদ। خفتہ - শুইয়া আছে, ঘুমাইয়া আছে। ইহা خفتن মাছদার থেকে اسم مفعول । کنج - কিনারা, পার্শ্ব। میخانہ - শরাব খানা। مست - বেহুশ, পাগল, উন্মাদ, মাতাল।

یکے بردرِ شرع مسمار وار ÷ یکےدررہِ کفر زنّاردار

(উচ্চারন) ইয়কে বর দরে শরয়ে মিছ্মারে ওয়ার ÷ ইয়কে দর রাহে কুফ্রে' জুন্নার দার

یکے مقبل وعالم وهو شیار ÷ یکے مدبروجاهل وشرمسار

(উচ্চারন) ইয়কে মুক্‌বিল ওয়া আ'লেম ওয়া হু'শিয়ার ÷ ইয়কে মুদ্‌বির ওয়া জাহেল ওয়া শরমছার

یکے غازی وچابك وپهلواں÷ یکے بزدل وسست وترسنده جاں

(উচ্চারন) ইয়কে গাজী ওয়া চাবু'ক ওয়া পহলওয়াঁ ÷ ইয়কে বুযদিল ওয়া ছুছ্ত ওয়া তরছিন্দাহ্ জাঁ

یکےکاتب اهل دیانت ضمیر÷ یکےدزدباطن که نامش دبیر

(উচ্চারন) ইয়কে কাতেব আহলে দিয়ানত জমির ÷ ইয়কে দুযদে বাতেন কে নামশ দবীর

অনুবাদঃ ১। কেহ শরীয়তের দরজার উপর পেরেকের ন্যায় শক্ত ভাবে রহিয়াছে, আবার কেহ কুফরির পথে পৈতা পরিধান করিতেছে।

২। কেহ নেক্‌কার, জ্ঞানী ও চতুর চালাক হইয়া থাকে, আবার কেহ বদবখ্‌ত, অজ্ঞ ও অপমানজনক হইয়া থাকে।

৩। কেহ মুজাহিদ, চতুর ও বীর পুরুষ হইয়া থাকে কেহ বা কাপুরুষ, দুর্বল ও ভীত হইয়া থাকে।

৪। কেহ লিখক ও দেয়ানতদার অন্তর ওয়ালা হইয়া থাকে, কেহ অন্তরের চোর হয় যাহার নাম হইল মুন্সী।

শব্দার্থঃ ১। مسمار - পেরেক।زنار - পৈতা, ডোরা। رہ کفر - বেঈমানির রাস্তা, কুফরির পথ।

২। مقبل - নেককার, সৎকর্মশীল, পুণ্যবান। عالم - বিজ্ঞ, জ্ঞানী। هوشيار - চালাক, চতুর। مدبر - বদবখ্‌ত, সত্য থেকে পিছনে প্রত্যগমনকারী। جاهل - অজ্ঞ, মুর্খ বহুবচনে جهلاء। شرمسار - অপমানিত, লাঞ্ছিত ব্যক্তি।

৩। غازی - যুদ্ধ বাজ, মুজাহিদ। چابك - চালাক, চতুর, হুশিয়ার, বুদ্ধিমান। پهلوان - সাহসী লোক, বীর পুরুষ। بزدل - কাপুরুষ। ترسنده - ভীরু, ভীত ব্যক্তি।

৪। كاتب - লেখক, ইহা الكتابت মাছদার থেকে اسم فاعل এর ছিগা, বাবে - نصر। اهل ديانت দেয়ানত দ্বার, বিশ্বাসী, আমানতদ্বার। ضمير- অন্তর। دزد - ডাকাত, চোর। نامش - তাহার নাম। دبير - মুন্সি।

در منع امید از مخلوقات

সৃষ্টি থেকে কোন কিছুর আশা করা নিষেধ প্রসঙ্গে

ازین پس مکن تکیه برروزگار÷که ناگه زجانت برآرد دمار

(উচ্চারণ) আয ঈঁ পছ মকুন তাক্ইয়া বর রোজেগার ÷ কে না গাহ যে জানত বর আ'রদ দেমার

مکن تکیه بر لشکرے عدد÷که شاید زنصرت نیابی مدد

(উচ্চারণ) মকুন তাকইয়া বর লশ্করে বে আদদ ÷ কে শায়দ যে নুছ্রত্ নয়াবী মদদ

مکن تکیه بر ملك وجاه وحشم ÷ که پیش از تو بودست وبعدازتوهم

(উচ্চারণ) মকুন তাক্ইয়া বর মুল্ক ওয়া জাহ ওয়া হাশম ÷ কে পে'শ আযতু বু'দ আছ্ত ওয়া বা'দ আয তু হাম

অনুবাদঃ ১। অতএব ইহার পর আর যুগের উপর ভরসা করিও না, কেননা হঠাৎ করে যুগ তোমাকে প্রাণের থেকে ধ্বংশ করিয়া দিবে। (অর্থাৎ তোমাকে যুগ প্রাণে মারিয়া ফেলিবে।)

২। অসংখ্য অগনিত সৈনিকের উপর ভরসা করিও না, কেননা সম্ভবত আল্লাহ্‌র সাহায্য দ্বারা সাহায্য প্রাপ্ত নাও হইতে পার।

৩। রাজত্ব, সম্মান ও সেনাবাহীনির উপর নির্ভর করিওনা, কারণ ঐগুলো তোমার পূর্বে ছিল এবং তোমার পরেও থাকিবে (অর্থাৎ ঐগুলো চিরস্থায়ী বস্তু নহে।)

শব্দার্থ ঃ ১। منع - নিষেধ, নিবারণ, বাধা প্রদান। امید - আশা, আকাঙ্খা, আরজু আবেগ, প্রত্যাশা। مخلوقات - সৃষ্টিকুল, প্রভু ভিন্ন অন্য সব কিছু। پس - পিছে, পরে। تکیه - ভরসা, নির্ভর। روزگار - জমানা, যুগ, সময়। ناگاه - হঠাৎ, তাৎক্ষনিক। دمار - ধ্বংশ, অনিষ্টতা।

২। لشکر - সৈনিক। بے عدد - অসংখ্য, অগণিত, প্রচুর, বিপুল। شاید - হয়ত, সম্ভবত। نصرت - সাহায্য। مدد - সহযোগিতা, সাহায্য।

৩। ملك - রাজ্য, বহুবচনে ملوك । جاه - সম্মান, ইজ্জত। حشم - চাকর, সৈন্য বাহিনী। پیش - সামনে, আগে। بود - ছিল। بعد - পরে, পিছনে।

مکن بدکه بدبینی ازیارنیك ÷ نمی رویداز تخم بدبارنیك

(উচ্চারণ) মকুন বদ কে বদ বী'নী' আয ইয়ারে নেক ÷ নমী রোয়াদ আয তোখমে বদ বা'র নেক

بساپادشاهان سلطاں نشاں ÷ بساپهلوانان کشورستاں

(উচ্চারণ) বছা পা'দশা'হা'নে ছোলতাঁ নিশাঁ ÷ বছা পহলওয়ানানে কিশয়ার ছেতাঁ

بساتند گردان لشکر شکن ÷ بساشیرمردان شمشیرزن

(উচ্চারণ) বছা তুন্দ' গরদানে লশকর শেকন ÷ বছা শেঁর মরদানে শমশিরে জন

অনুবাদঃ ১। তুমি খারাপী করিওনা কেননা (যদি এমন কর তাহলে) ভাল বন্ধুর নিকট থেকে ও মন্দ এবং খারাপ পরিলক্ষণ করিবে। (কারণ) খারাফ বীজ থেকে ভাল ফসল উৎপাদিত হয় না।

২। অনেক রাজা বাদশাহ্ যাহারা শান সওকত ওয়ালা, অনেক বীর পুরুষ আছে যাহারা রাজ্য বিজয়কারী।

৩। অনেক বড় সাহসী ব্যক্তি আছে সৈন্যদেরকে যিনি পরাজিত করিয়া দেয়, বাঘের মত অনেক মানুষ আছে যাহারা তরবারী চালায়।

শব্দার্থ ঃ ১। بد - খারাপ, মন্দ। بینی - তুমি দেখিবে, দর্শন করিবে, ইহা دیـدن মাছদার থেকে واحد حاضر এর দিগা, বহছ مضارع । یار نیك সৎ বন্ধু, সত্যিকারের আপনজন। نمی روید - উৎপাদিত হয় না, ফলে না, ইহা روئیدن মাছদার থেকে ماضی استمراری এর واحد غائب এর ছিগা। تخم - বীজ, দানা। بار - ফল, শস্য, ফসল।

২। بادشاهان - বাদশাহ গণ, রাজা গণ। سلطان نشان - বাদশাহের নিদর্শন বহনকারী, রাজার চিহ্ন যিনি রাখেন, জয়ের নিদর্শন রক্ষক ব্যক্তি। بسا - অনেক, বহু, প্রচুর, বিপুল, অসংখ্য। کشورستان- রাজ্য বিজয়কারী, বিজয় অর্জনকারী ব্যক্তি। (এখানে পাঁচটি শ্লোক مبتدا বা উদ্দেশ্য হওয়া স্থলা বিষিক্ত আর এর পরবর্তী (২) দুই পংক্তি হইল উহার خبر বা বিধেয় হওয়ার স্থানে)।

৩। تـنـد گـردان - ইহা اسم فاعل تـرکیبی বড় বীর পুরুষ, বড় সাহসী লোক। لشکر شکن - সৈন্যদের পরাজয় বরণকারী, ইহা اسم فاعل ترکیبی । شیر مردان- বাঘের মত লোক, সাহসী মানুষ। شمشیر زن - তরবারী পরিচালনাকারী । مـاه رویـان চাঁদের মত চেহেরা ওয়ালা মাশুকগণ,

بساماهرویان شمشاد قد ÷ بسانازنینان خورشیدخد

(উচ্চারণ) বছা মাহে রোয়ানে শমশাদে কদ ÷ বছা না'জনিনানে খোরশিদে খদ্

بساماهرویان نوخاسته ÷ بسانوعروسان آراسته

(উচ্চারণ) বছা মাহে রোয়ানে নূ খাছতাহ্ ÷ বছা নূ আরুছাঁনে আ'রাছতাহ্

بسا نام داروبساکامگار ÷ بساسروقدوبساگلعذار

(উচ্চারণ) বছা নামদার ওয়া বছা কামগার ÷ বছা ছর ওয়া কদ ওয়া বছা গুল্এ্জার

অনুবাদঃ ১। অনেক সুন্দরতম ব্যক্তি আছে যাহাদের শারিরিক গঠন খুবই উত্তম। অনেক (পাতলা শরীর বিশিষ্ট) মাশুক আছে যাহাদের চেহারা সুর্যের মত।

২। অনেক লোক আছে যাহারা নওজোয়ান ও চন্দ্রের মত সুন্দর চেহারা বিশিষ্ট, আবার অনেক নতুন (দুলা) বর রহিয়াছে যাহারা সুসজ্জিত ও সাজানো অবস্থায়।

৩। অনেক ব্যক্তি আছে যাহারা নামি ও প্রসিদ্ধ, আবার অনেক সৌভাগ্য শালী লোকও আছে, অনেক মানুস আছে যাহাদের শারিরীক গঠন হইল সরু বৃক্ষের মত, আবার বহু লোক এমন আছে যাহাদের চেহারা ফুলের মত।

শব্দার্থ ঃ ১। شمشادقد - এক প্রকার বৃক্ষের নাম যাহা খুবই সুন্দর, এখানে সুন্দর শারীরিক গঠন আকৃতির দিকে ইঙ্গিত করা হইয়াছে। نازنینان - প্রেমিক. বন্ধু, মাশুক, হালকা শরীরের অধিকারীগণ। خورشید - সূর্য্য। خد - চেহারা, ছুরৎ।

২। نوخاسته - যুবক, নওজোয়ান লোক। نوعروسان - নতুন (দুলা) বর, নব পাত্র। آراسته - সজ্জিত, সাজানো। ইহা آراستن মাছদার থেকে اسم مفعول এর ছিগা।

৩। نامدار - প্রসিদ্ধ মানুষ, নামী ব্যক্তি।; کامگار - সফল কাম ব্যক্তি, সৌভাগ্যশালী মানুষ। سروقد - সরু বৃক্ষের মত, আকাশী গাছের মত শরীরের অধিকারী লোক। گلعذار - ফুলের মত ছেহারা বিশিষ্ট।

এই পংক্তি সহ উপরের বর্ণিত চারটি মোট পাঁচটি পংক্ত। مبتدا ছিলা এবং পরে বর্ণিত দুইটি শ্লোক হইল ঐ গুলোর خبر।

که کردند پیراهن عمرچاك ÷کشیدند سردرگریبان خاك

(উচ্চারণ) কে করদন্দ পিরাহানে ওমর্ চাক ÷ কশিদন্দ ছর দর গরীবানে খাক

چنان خرمن عمرشاں شدبباد ÷که هرگزکسےزاں نشانےنداد

(উচ্চারণ) চুনাঁ খেরমনে ওমরে শাঁ শুদ ববাদ ÷ কে হারগিয কছে যাঁ নিশানে নদাদ

منه دل بریں منزل جانستاں÷که دروےنبینی دلےشادماں

(উচ্চারণ) মনেহ দিল বরীঁ মন্‌জিলে জাঁছেতা ÷ কে দর ওয়াই ন বী'নি' দিলে শা'দ মাঁ

অনুবাদঃ ১। (মৃত এই সব লোকেরা) জীবনের কোর্তা-জামাকে ছিন্ন বিছিন্ন ও ফাঠিয়া ফেলিয়াছে, এবং মাথাকে মাটির মধ্যে টানিয়া নিয়াছে। অর্থাৎ তাহারা সবাই মরিয়া কবরে মাটির নিচে দাফন হইয়া গিয়াছে।

২। এমনিভাবে তাহাদের জীবনের সকল পুঁজি বরবাদ হইয়া গিয়াছে যে, কোন লোক একেবারেই তাহাদের কোন নিদর্শন ও চিহ্ন পর্যন্ত দেয় নাই।

৩। তুমি এই প্রাণ ধ্বংশকারী (ঘর) পৃথিবীর উপর দিল দিওনা (ভরসা করিও না), যেহেতু উহার মধ্যে তুমি কোন অন্তরকে সন্তুষ্ট ও আনন্দময় দেখিতে পাইবে না।

শব্দার্থ ঃ ১। پیراهن - জামা, শার্ট, কোর্তা। عمر- হায়াত, জীবন, বয়স। چاك - ফেটে ফেলা, ছিন্ন ভিন্ন করা। کشیدند - টানিয়া নিয়াছে, লইয়া গিয়াছে, ইহা کشیدن মাছদার থেকে ماضی এর ছিগা گریبان জামার কলার বা বক্ষ ছিদ্র। خاك - মাঠি, মৃত্তিকা।

২। چنان - এই ভাবে, এমনি ভাবে। خرمن পুজি, সম্বল, জমানো মাল। بباد ধ্বংস হইয়া গিয়াছে। نشانے কোন চিহ্ন, নিদর্শন, আলামত। نداد দেয় নাই, মাছদার دادن ইহা ماضی منفی এর ছিগা

৩। منه - রাখিও না, - ইহা نهادن মাছদার থেকে نهي এর ছিগা। برین - ইহার উপর। منزل - স্থান, ঘর-বাড়ী, এখানে উদ্দেশ্য হল পৃথিবী। جانستان - কষ্টদায়ক, এখানে দুনিয়া উদ্দেশ্য। دروی- উহার মধ্যে, উহাতে, এতে। بینی - তুমি দেখিবে, ইহা دیدن মাছদার থেকে واحدحاضر এর ছিগা। شاد مان - খুশি, আনন্দময় ব্যক্তি।

منه دل برین کاخ خرم هوا ÷ که میبارداز آسمانش بلا

(উচ্চারণ) মনেহ দিল বরীঁ কাখে খুররম হাওয়া ÷ কে মী বা'রদ আয আ'ছেমানশ বলা

ثباتے ندارد جهاں اے پسر ÷ بغفلت مبرعمردروے بسر

(উচ্চারণ) ছুবাতে নদারদ জাঁহা আই পেচর ÷ ব'গফলত মবর ওমরে দর ওয়াই বছর

مکن تکیه برملك وفرماندهی ÷ که ناگه چوفرمان رسدجاندهی

(উচ্চারণ) মকুন তাকইয়া বর মুলক্ ওয়া ফরমান দেহী ÷ কে নাগাহ চুঁ ফরমান রছদ জাঁ দেহী

منه دل بریں دیرناپائدار ÷ زسعدی همیں یك سخن یاددار

(উচ্চারণ) মনেহ দিল ব'রী' দাইরে নাপায়েদার ÷ যে ছা'দী হামি ইয়েক ছুখন ইয়াদ দার

অনুবাদঃ ১। তুমি এই উন্মুক্ত বাতাস ওয়ালা সুউচ্চ মহল (পৃথিবী) এর উপর অন্তর দিওনা (ভরসা করিও না)। কেননা উহা তাহার আসমান থেকে মুসিবত সমূহ বর্ষণ (বারিপাত) করে।

২। হে প্রিয় বৎস! এই পৃথিবীর কোন স্থীরতা ও অটলতা নাই, (তাই ইহা অস্থায়ী), সুতরাং ইহার মধ্যে অলসতা সহকারে জীবন অতিবাহিত করিও না।

৩। তুমি রাজ্য ও বাদশাহীর উপর ভরসা করিও না, কারণ হঠাৎ যখনই আল্লাহ্‌র নির্দেশ পৌছিবে তখনই তুমি প্রাণ দিয়া ফেলিবে (ও মরিয়া যাইবে।

৪ এই অস্থায়ী ধ্বংশশীল পৃথিবীর উপর তুমি মনোনিবেশ ও মন লাগাইও না, (হযরত) সা'দী (রঃ) থেকে এই একটি কথাই স্মরণ রাখ।

শব্দার্থঃ ১। کاخ - দালান, প্রশাদ, মহল। خرم - খুশি, সন্তুষ্টি। بارد - বৃষ্টিপাত করে, বৃষ্টি বর্ষন করে। ইহা باریدن মাছদার থেকে مضارع এর ছিগা। بلا - মুসিবত, বিপদ-গ্রস্ত

২ ثباتے - স্থিরিতা, অটলতা। غفلت - অলসতা। بسر - জীবন ধারন করা।

৩ ملك - রাজ্য, দেশ, পৃথিবী। فرمان دهی - হুকুমত, রাজত্ব, বাদশাহী। ناگه হঠাৎ رسد পৌছিবে। ইহা رسیدن مصدر থেকে مضارع এর ছিগা। جاندهی প্রান দিবে তুমি।

৪। دیر - মন্দির, গুম্বিজ, প্রতিমার গৃহ। এখানে পৃথিবী উদ্দেশ্য যেহেতু পৃথিবী পাপের জায়গা মন্দির এবং মুর্তি পুজার জায়গা এইজন্য দুনিয়া কে دیر বলা হইয়াছে। همین یك - শুধু এই একটি। سخن - কথা। یاد دار - স্মরণ রাখিবে।

সমাপ্ত

مناجات تاج الاولیاء حضرت شیخ سعدی رحمۃ اللہ علیہ

من بنده شرمسارم تو رحم کن رحیما | در فسق بے شمارم تو رحم کن رحیما
اندر سرائے فانی کردم گنه تو دانی | درمانده را بخوانی تو رحم کن رحیما
شرمنده روئے زردم جرم عظیم کردم | خود را بتو سپردم تو رحم کن رحیما
غیبت دروغ گفتم غافل بسے بخفتم | توبه بسے شکستم تو رحم کن رحیما
بروقت نزع جانم گویا بکن زبانم | تا کلمہ را بخوانم تو رحم کن رحیما
یارب بحق مرداں گورم فراخ گرداں | از لطف تا قیامت تو رحم کن رحیما
در گور چوں بمانم تنہا چوں بیکسانم | ہردم ترا بخوانم تو رحم کن رحیما
جنّت بده مکانم با جملہ مومنانم | تو جاوداں بمانم تو رحم کن رحیما
از تن رود چوں جانم بستہ شود زبانم | بیچاره چوں بمانم تو رحم کن رحیما
عمرم گذشتہ باطل کردم گناه حاصل | بریں فقیر غافل تو رحم کن رحیما
من سعدی صفایم بر دین مصطفایم | ہردم ہمی سرایم تو رحم کن رحیما

ودیگر

یک شب ترا مہماں کنم تا جاں و دل قرباں کنم | جائے تو در چشم کنم از من چرا رنجیدهٔ
رنجیدهٔ رنجیدهٔ از من گناه چہ دیدهٔ | دائم گناه بخشیدهٔ از من چرا رنجیدهٔ
گر من بمیرم در غمت خونم افتد در گردنت | چوں لعل دل پر خوں شدم از من چرا رنجیدهٔ

سعدیؒ گوید در حقیقت علم

جز یاد دوست ہرچہ کنی عمر ضائع ست | جز حرف عشق ہرچہ بخوانی بطالت ست
سعدی بشعر نقش دوائی را ز لوح دل | علمیکہ راه بحق ننماید جہالت ست

অনুবাদকের আরো দু'টি বই প্রকাশের পথে।

১। دقائق الحقائق বা মৃত্যুর বাস্তব সূক্ষ্ম কথা।

২। تحفة الصّوفية বা সুফি সাধকগণের উপহার-উপঢৌকন।

ঃ প্রাপ্তিস্থান ঃ

☆ **নূরিয়া লাইব্রেরী**
শাহী জামে মসজিদ শপিং কমপ্লেক্স
নীচ তলা (দক্ষিণ), চট্টগ্রাম।

☆ **আল্ বারাকা লাইব্রেরী**
৩৪, নর্থ ব্রুক হল রোড
বাংলা বাজার, ঢাকা।

☆ **আজগরিয়া লাইব্রেরী**
শাহী জামে মসজিদ শপিং কমপ্লেক্স
নীচ তলা (উত্তর), চট্টগ্রাম।

☆ **সাউদিয়া লাইব্রেরী**
চকবাজার, ঢাকা।
বাংলা বাজার, ঢাকা।

☆ **নিউ বুক্স গার্ডেন**
৩৪, শাহী জামে মসজিদ শপিং কমপ্লেক্স
আন্দরকিল্লা, চট্টগ্রাম।

☆ **মোহাম্মদী লাইব্রেরী**
পান বাজার রোড, কক্সবাজার।

☆ **নিউ মোস্তফা লাইব্রেরী**
শাহী জামে মসজিদ শপিং কমপ্লেক্স
আন্দরকিল্লা, চট্টগ্রাম।

☆ **ইসলামাবাদ লাইব্রেরী**
আঞ্জুমান বিপণী
আন্দরকিল্লা, চট্টগ্রাম।

এ ছাড়াও দেশের প্রত্যন্ত অঞ্চলের সকল ছোট বড় বই এর দোকানে পাওয়া যাবে। ২৫% অগ্রিম টাকা পাঠালে ডাকযোগে পাঠানো হবে। অথবা সরাসরি আমাদের প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করুন।